No. 11.—*Leave of Absence.*—Baboo Gopal Chunder Mookerjee, Executive Engineer, Third Grade, attached to the Dacca Division, is allowed privilege leave for two months under Civil Leave Code, Supplement F, Section 12, with effect from the 24th November 1878, beforenoon.

[*Government Gazette,* 28*th January* 1879.]

গয়ার প্রথম দরর মুনসেফ শ্রীযুক্ত বাবু শিবচরণ লাল, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

অশুদ্ধশোধন।

১৮৭৯ সাল ৯ জানুয়ারি।—মালদহ জিলার অন্তর্গত দেবীপুর পোলীস থানার ঘর রতনায় উঠিয়া যাওন বিষয়ক ১৮৭৮ সালের ২২ অকটোবরের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১০১৫ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৬ তারিখের জ্ঞাপনপত্রে "রতনায়" শব্দের পরিবর্ত্তে "রাতুয়ায়" পাঠ করিতে হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৩ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ঢাকা জিলার অন্তর্গত জাফরগঞ্জ থানার সামিল দক্ষিণদিগে খিওর ও উত্তরদিগে বয়লজুড়ি গ্রামের মধ্যগত যমুনা নদীর খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারামতে সরকারী ঘাট বলিয়া প্রকাশ করিলেন এতদ্দারা এই সংবাদ দেওয়া গেল

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২১ জানুয়ারি।—সাধারণের জ্ঞাপনার্থে এতদ্দারা প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইউরোপীয় লোকদের বেটুয়াগিরি বিষয়ক ১৮৭৪ সালের ৯ আইনের ১১ ধারার বিধানমতে কলিকাতার আমহর্ষ্ট ষ্ট্রীটের আমস্ হৌস বাটী বেটুয়া দিগের থাকিবার হরিনবাড়ীর এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থ বাটীর উপযুক্ত বলিয়া প্রকাশ করিলেন।

২। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত আইনের ১২ ধারামতে উক্ত আমস্ হৌসের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জামস মাকুণ্ডইর সাহেবের উক্ত হরিনবাড়ীর অধ্যক্ষস্বরূপ নিয়োগও অনুমোদন করিয়া উক্ত ধারামতে নিম্নলিখিত মহাশয়দিগকে উক্ত হরিনবাড়ীর কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত করিলেন।

মান্যবর শ্রীযুত ডবলিউ, এফ. মাকডনেল সাহেব, বি, সি, সভাপতি।
শ্রীযুত ডবলিউ, এম, সুরট সাহেব।
ডাক্তর শ্রীযুত এস সি মাকেঞ্জি সাহেব।
„ „ এ, এস, লেথব্রিজ সাহেব।
শ্রীযুত জে, লাম্বর্ট সাহেব।
„ জি, ইয়ুল সাহেব।
„ ই, লিনুস্টেড সাহেব।
কাপ্তান শ্রীযুত সি, জে, উইলকিন্সন সাহেব।

৩। কোন বেটুয়া থাকিয়া শুনিয়া উক্ত হরিনবাড়ীর কার্য্যসম্পাদনার্থ বা শাসনার্থ কোন বিধি না মানিলে বা তুচ্ছ করিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত আইনের ১৪ ধারামতে শ্রীযুত মাকুণ্ডইর সাহেবকে কার্য্যনির্ব্বাহক কমিটীর তত্ত্ব ও আজ্ঞাধীনে উক্ত ধারার নির্দ্দিষ্ট তাহার কোন এক দণ্ড করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৭৮ সাল ২০ জানুয়ারি।

৯ নম্বর।—বিজ্ঞাপন।—এই কার্য্য বিভাগের আসিষ্টান্ট সেক্রেটরী শ্রীযুত জি, এ, ডি, আনশী সাহেব ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বরের অপরাহ্ন অবধি অর্থাৎ মেজর জেনরল শ্রীযুত জে, ই, টি, নিকলস, আর, ই, সাহেবের কর্ম্মহইতে অবসর গ্রহণের তারিখ অবধি ১৮৭৯ সালের ৩ জানুয়ারির অপরাহ্ন পর্য্যন্ত প্রধান ইঞ্জিনিয়রের ও এই কার্য্যবিভাগের সেক্রেটরীর কার্য্যভার প্রাপ্ত ছিলেন।

১০ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীশঙ্কর চট্টোপাধ্যায়, যে অনুগ্রহের ছুটী পান * তাহা হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৮ সালের ১১ ডিসেম্বরের পূর্ব্বাহ্নে চট্টগ্রাম খণ্ডে কর্ম্ম গ্রহণ করাতে উক্ত ছুটীর অনতিবাহিত অংশ রহিত করা গেল।

* বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৮ সালের ২৮ অক্টোবরের ২১৭নং বিজ্ঞাপন।

১১ নম্বর।—ছুটী।—ঢাকা খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু গোপাল চন্দ্র মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৮ সালের ২৪ নবেম্বরের পূর্ব্বাহ্ন অবধি দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২৮ জানুয়ারি।]

No. 12.—Mr. J. J. O'Flaherty, Executive Engineer, Fourth Grade, attached to the Mozufferpore Division, is allowed subsidiary leave from the 13th November to the 11th December 1878, under Chapter VI, Section 24(*b*) of the Civil Leave Code.

No. 13.—Mr. W. B. Christie, Executive Engineer (temporary rank), Fourth Grade attached to the Burdwan Division, availed himself of the three months' privilege leave granted† to him from the 3rd January 1879, afternoon.

† Bengal Government (Public Works Department) Notification No. 1 of 3rd January 1879.

No. 14.—Mr. A. Wilson, Deputy Examiner of Public Works Accounts (temporary rank), Second Grade, Bengal, who was temporarily employed as Assistant Secretary in this Department, rejoined the Central Office of Accounts, Bengal, on the 31st December 1878, afternoon.

No. 15.—*Postings.*—Mr. W. Smith, Superintending Engineer, First Grade, having been transferred* by the Government of India, Public Works Department, to this Province, is posted to the Northern Circle.

* Bengal Government (Public Works Department) Notification No. 243 of the 10th December 1878.

No. 16.—Mr. D. Scott, Executive Engineer, Second Grade, is posted to the Dacca Division, of which he assumed charge on the 4th January 1879, afternoon.

LOCAL COMMUNICATIONS.

Dated Fort William, the 20th January 1879.

No. 17.—*Notification.*—The declaration, No. 254, dated the 25th September 1877, under section 6 of Act X of 1870, of the Government of India, relative to the land required for the site of a serai in the village of Komaibag, pergunnah Ameerabad, zillah Maldah, which was published at page 1406 of the *Calcutta Gazette* of the 26th idem, is hereby cancelled.

No. 18.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the site of a serai, in the village of Dosarakhattia, pergunnah Amirabad, zillah Maldah, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 1 beegha and 5 cottahs of standard measurement, bounded on the north by the Mahesh Mati Road; on the west by potit land belonging to Kalu Shaikh and Rajani Kanto Sha, minor; on the south by potit land belonging to Kalu Shaikh and Rajani Kanto Sha, minor, and by the Rathbari Road; and on the east by Multan Shaikh's garden, is required within the aforesaid village of Dosarakhattia.

2. This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. CADELL, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

১২ নম্বর।—মজফরপুর খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসিকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, জে, ওক্লাহার্টি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৪ (b) ধারামতে ১৮৭৮ সালের নবেম্বর মাসের ১৩ তারিখ অবধি ডিসেম্বর মাসের ১১ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৩ নম্বর।—বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর কিয়ৎ কালীন একসেকিটিব ইনিয়র শ্রীযুত ডবলিউ, বি, ক্রিষ্টি সাহেব যে তিন মাস অনুগ্রহের ছুটী পান† তাহা ১৮৭৯ সালের ৩ জানুয়ারির অপরাহ্ণে অবধি গ্রহণ করিলেন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ৩ জানুয়ারির ১নং বিজ্ঞাপন।

১৪ নম্বর।—বঙ্গদেশের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন পবলিক ওর্কসের ডেপুটী হিসাব পরীক্ষক ও এই কার্য্য বিভাগের আসিষ্টাণ্ট সেক্রেটরীস্বরূপ কিয়ৎ কালের নিমিত্তে নিযুক্ত শ্রীযুত এ, উইল সন সাহেব ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বরের অপরাহ্ণে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

১৫ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, স্মিথ সাহেব ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক এতৎ প্রদেশে প্রেরিত হওয়াতে উত্তর চক্রে অবস্থাপিত হইলেন।*

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৮ সালের ১৬ ডিসেম্বরের ২৪৯ নং বিজ্ঞাপন।

১৬ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডি, স্কট সাহেব টাকা খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৭৯ সালের ৪ জানুয়ারির অপরাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

স্থানীয় বস্ত্যাদি বিষয়ক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ২০ জানুয়ারি।

১৭ নম্বর।—বিজ্ঞাপন।—মালদহ জিলার অন্তর্গত আমীরাবাদ পরগনার কুমারবাগ গ্রামে সরাই প্রস্তুত করণার্থে ভূমিগ্রহণ সম্পর্কীয় ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে ১৮৭৭ সালের ২৫ সেপ্টেম্বরের ২৫৪ নং যে জ্ঞাপনপত্র ঐ সালের অক্টোবর মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১৩১ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ মালদহ জিলার অন্তর্গত আমিরাবাদ পরগণার দোষরাখিটিয়া গ্রামে সরাই করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত দোষরাখিটিয়া গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ।১০ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মহেশপাটী পথ, পশ্চিম সীমা নাবালগ কালু সেখ ও রজনীকান্ত শাহার পতিত ভূমি, দক্ষিণ সীমা নাবালগ কালু সেখ ও রজনী কান্ত শার পতিত ভূমি, ও রথবাড়ার পথ, পূর্ব্বসীমা মুলতান সেখের বাগান।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

এ, কাডেল, কর্ণেল, আর, ই,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

WE, the undersigned members of the Select Committee to which the Bill to prevent indiscriminate destruction of wild elephants in British Burma was referred, have the honour to report that we have considered the Bill and the papers noted in the margin.

Circular letter to local Governments, No. 1037-41, dated 18th July 1878.
From Officiating Secretary to Government, Punjab, No 41 [illegible], dated 31st July 1878.
" Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 235 A, dated 27th July 1878.
" Officiating Chief Commissioner, Ajmere and Mairwára, No. 495, dated 31st July 1878.
" Secretary to Chief Commissioner, Coorg, No. 328-1L dated 3rd August 1878.
" Officiating Junior Secretary to Chief Commissioner, British Burma, No. 1212-361, dated 8th August 1878.
" Officiating Secretary to Chief Commissioner, Central Provinces, No. 3282-142, dated 13th August 1878.
Office memorandum from Department of Revenue, Agriculture, and Commerce, No. 981F, dated 27th September 1878.

2. We have extended the permission to kill and capture elephants in the cases mentioned in section 2, clause (*b*) of the Bill as introduced, to the case of elephants found in the immediate vicinity of canals.

3. We have enlarged the local extent of the Act so as to include not only the territories of British Burma, but also those of the North-Western Provinces and Oudh, the Central Provinces and Coorg, and any other local area to which it may be extended by the local Government.

4. We have made its provisions applicable to the capture as well as to the killing of wild elephants.

5. We have, adopting the suggestion referred to by the Member in charge of the Bill when introducing it, provided, in section 4 of the Bill as now amended, that any elephant captured and the tusks of any elephant killed under section 3, clauses (*a*) and (*b*), without license, shall be the property of the Government.

6. We have made it clear that fees to be taken for licenses to kill and capture elephants may be taken in kind, that is to say, in tusks or in elephants as well as in money.

7. We have recast the principal penalty-section (now section 7), and have enhanced the maximum penalty (which, bearing in mind the value of an elephant, seemed to us inadequate) to five hundred rupees for each elephant concerned, and, in the case of a second conviction, from three months to six months' imprisonment,—the term fixed in the Indian Forest Act for the offence of killing an elephant in a reserved or protected forest. We have made the amount or value of any fee payable for a license recoverable as if it were an arrear of land revenue.

8. In view of the extended scope and local operation of the Act herein proposed, we have made a suitable alteration in the title of the Bill.

9. For the same reason, we recommend that the Bill as amended be republished.

10. The Bill has been published in English in the *Gazette of India* and in the *British Burmah Gazette*. The report from British Burma as to its publication in that province does not state that it has been published in the vernacular.

T. H. THORNTON.
WHITLEY STOKES.
A. R. THOMPSON.
B. W. COLVIN.

CALCUTTA,
The 18*th December* 1878.

[*Government Gazette*, 28*th January* 1879.]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

ব্রিটিষ ব্রহ্মপ্রদেশে বন্য হস্তীর অবিবেচনাপূর্ব্বক সংহার নিবারণার্থে আইনের পাণ্ডুলিপি হইবা যে সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়, সেই কমিটীর নিম্নস্বাক্ষরকারী মেম্বর আমরা সবিনয়ে নিবেদন করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বোল্লিখিত কাগজপত্র মনোযোগ সহকারে দেখিয়াছি।

স্থানীয় গবর্ণমেণ্ট সমূহের নিকট ১৮৭৮ সালের ১৮ জুলাইর ১০৩৭-৪১ নং সরকুলর পত্র।

পঞ্জাব গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ৩১ জুলাইর ৪১৪ c নং পত্র।

উত্তর পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ২৭ জুলাইর ২৮৫A নং পত্র।

আজমীর মৈরোয়ারার একটিং প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৮ সালের ৩১ জুলাইর ৪৯৫ নং পত্র।

কুর্গ দেশের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী ১৮৭৮ সালের ৩ আগষ্টের ৩২৬-১T, নং পত্র।

ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং ছোট সেক্রেটরীর ১৮৭৮ সালের ৮ আগষ্টের ১২১২-৩৬১ নং পত্র।

মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরীর ১৮৭৮ সালের ১৩ আগষ্টের ৩২৮২-১৪২ নং পত্র।

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৭৮ সালের ২৭ সেপ্টেম্বরের ৯৮১F নং কার্য্যালয় সংক্রান্ত স্মারকলিপি।

১। উক্ত পাণ্ডুলিপির ২ ধারার (খ) প্রকরণে যে যে স্থল উল্লেখ করিয়া হস্তী মারিতে বা ধরিতে অনুমতি দেওয়া হইয়াছে তদতিরিক্ত আমরা খালের অতি নিকটে প্রাপ্ত হস্তী সম্বন্ধে সেইরূপ বিধান করিয়াছি।

৩। আমরা এই আইনের স্থানীয় ব্যাপ্তির এরূপ বৃদ্ধি করিয়াছি যে কেবল ব্রিটিষ ব্রহ্মপ্রদেশ নহে, উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যা, মধ্য প্রদেশ ও কুর্গ, এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন স্থানীয় চক্র ইহার ব্যাপ্তি স্থল করেন, সেই সমস্তও ইহার অন্তর্গত হইবে।

৪। বন্যহস্তী মারা কি ধরা উভয়ের প্রতিই আমরা এই আইনের বিধান খাটাইয়াছি।

৫। এই পাণ্ডুলিপির ভার যে সদস্যের উপর ছিল, তিনি ইহা ব্যবস্থাপক সভায় উপস্থিত করিবার সময়ে যে কথা বলেন, তদনুসারে আমরা সংশোধিত পাণ্ডুলিপির ৪ ধারায় বিধান করিয়াছি যে ৩ ধারার (ক) এবং (খ) প্রকরণানুসারে বিনা লাইসেন্সে ধৃত হস্তী ও হত হস্তীর দন্ত গবর্ণমেণ্টের সম্পত্তি হইবে।

৬। আমরা স্পষ্ট বিধান করিয়াছি যে হস্তী ধরিবার ও মারিবার লাইসেন্স ফীস্বরূপ কেবল যে টাকা গৃহীত হইবে এমন নহে, হস্তীদন্ত বা হস্তীও গৃহীত হইবে।

৭। আমরা দণ্ডের প্রধান ধারা (এক্ষণে ৭ ধারা) পরিবর্ত্তিত করিয়াছি, এবং ঊর্দ্ধ দণ্ড (যাহা হস্তীর মূল্যের সহিত তুলনা করিয়া আমাদিগের কম বোধ হইয়াছিল) বর্দ্ধিত করিয়া প্রত্যেক হস্তী সম্বন্ধে ৫০০ টাকা করিয়াছি এবং দ্বিতীয় অপরাধ সম্বন্ধে যে তিনমাস কারাবাস ব্যবস্থা ছিল তাহা বৃদ্ধি করিয়া ছয়মাস করিয়াছি, এবং পরগণা কারাবাস রক্ষিত বা সংরক্ষিত বনে হস্তী মারিবার অপরাধে ভারতবর্ষীয় বনবিষয়ক আইনে নির্দ্ধারিত আছে। যে প্রকারে ভূমি সংক্রান্ত বাকী রাজস্ব আদায় হইয়া থাকে, লাইসেন্স ফীর টাকা বা মূল্য সেই প্রকারে আদায় হইবার নিয়ম করিয়াছি।

৮। এই আইনের যেরূপ বর্দ্ধিত উদ্দেশ্য ও স্থানীয় ব্যাপ্তি ইহাতে প্রস্তাবিত হইয়াছে, তদনুসারে আমরা পাণ্ডুলিপির আখ্যার উপযুক্ত পরিবর্ত্তন করিয়াছি।

৯। সেই কারণে আমরা প্রস্তাব করিতেছি যে পাণ্ডুলিপি, সংশোধিত আকারে, পুনর্ব্বার প্রকাশিত হউক।

১০। এই বিল ইংরেজী ভাষায় ইণ্ডিয়া গেজেটে ও ব্রিটিষ ব্রহ্ম গেজেটে প্রকাশিত হইয়াছে। ব্রিটিষ ব্রহ্মপ্রদেশহইতে উক্ত প্রদেশে ইহার প্রকাশ সম্বন্ধে যে রিপোর্ট আসিয়াছে, তাহাতে লেখা নাই যে ইহা সেখানকার দেশীয় ভাষায় প্রকাশিত হইয়াছে কি না।

টি, এচ, বর্ণিলন।
উ, টলী ষ্টোক্স।
এ, আর, তামসন।
সি, ডবলিউ, কম্বরিন।

কলিকাতা,
১৮৭৮ সাল ১৮ ডিসেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৮ জানুয়ারি।]

No. II.

A Bill for the Preservation of Wild Elephants.

Preamble.

WHEREAS it is expedient to provide for the preservation of wild elephants; It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Elephants Preservation Act, 1879:"

Local extent.

It extends to the territories now respectively administered by the Lieutenant-Governor of the North-Western Provinces and the Chief Commissioners of Oudh, the Central Provinces, British Burma, and Coorg;

and the Local Government may extend it to any other local area by notification in the official Gazette.

Commencement.

So far as regards the power to make declarations and rules, it shall come into force on the passing thereof. In other respects it shall come into force on the first day of March 1879.

Repeal.

2. The words "kills or catches elephants," in section 25, clause (*i*) of the Indian Forest Act, 1878, and the words "killing or catching elephants," in section 31, clause (*j*) of the same Act, shall be repealed in every local area to which this Act extends or is extended.

Killing and capture of wild elephants prohibited.

3. No person shall kill, injure or capture, or attempt to kill, injure or capture, any wild elephant unless—

(*a*) in defence of himself or some other person;

(*b*) when such elephant is found injuring houses or cultivation, or upon or in the immediate vicinity of, any main public road or any railway or canal; or

(*c*) as permitted by a license granted under this Act.

Rights of Government with respect to certain elephants and tusks.

4. Every elephant captured, and the tusks of every elephant killed, in any of the cases mentioned in section three, clauses (*a*) and (*b*), by any person not licensed under this Act, shall be the property of Government.

[*Government Gazette, 28th January* 1879.]

২ নম্বর।

বন্য হস্তী সংরক্ষণার্থ আইনের পাণ্ডু লিপি।

হেতুবাদ।

বন্য হস্তী সংরক্ষণার্থ বিধান করা আবশ্যক, এই হেতু নিম্নলিখিত ব্যবস্থা করা যাইতেছে।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "হস্তী সংরক্ষণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যেং স্থানে ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন উত্তর-পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এবং অযোধ্যার ও মধ্য প্রদেশের ও ব্রিটিষ ব্রহ্ম ও কুর্গ দেশের প্রধান কমিশ্যনর সাহেবদের শাসনাধীন দেশে ব্যাপ্ত হইবে;

এবং স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য স্থানে ব্যাপ্ত করিতে পরিবেন।

প্রারম্ভের কথা।

জ্ঞাপনপত্র প্রকাশ ও বিধি প্রণয়নের ক্ষমতা সম্পর্কে, এই আইন প্রচারিত হইবার সময়াবধি প্রবল হইবে। অন্যান্য বিষয় সম্পর্কে ১৮৭৯ সালের মার্চ মাসের প্রথম দিবসাবধি প্রবল হইবে।

শব্দ রহিত করণের কথা।

২ ধারা। এই আইন যেং স্থানে ব্যাপ্ত হয় কিম্বা ব্যাপ্ত করা যায় তথায় ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৭৮ সালের আইনের ২৫ ধারার (ঝ) প্রকরণের "হস্তী মারিলে কি ধরিলে" এইং শব্দ এবং উক্ত আইনের ৩১ ধারার (ঞ) প্রকরণে "হস্তী মারণ কি ধরণ" এইং শব্দ রহিত করা যাইবে।

বন্য হস্তী মারিবার কিম্বা ধরিবার নিষেধের কথা।

৩ ধারা। (ক) আত্ম রক্ষার কিম্বা অন্য ব্যক্তির রক্ষার নিমিত্ত না হইলে,

(খ) হস্তী আসিয়া ঘর কি আবাদ নষ্ট করিতে কিম্বা সরকারী কোন বড় রাস্তার কি কোন রেলওয়ের কি খালের উপর কি তাহার অতি নিকটবর্ত্তী কোন স্থানে উপস্থিত হইতে দেখা না গেলে, কিম্বা

(গ) এই আইনমতে প্রদত্ত লাইসেন্সপত্র অনুযায়ী না হইলে, কোন ব্যক্তি কোন বন্য হস্তী মারিবে কি তাহার হানি করিবে কিম্বা সেই হস্তী ধরিবে না কিম্বা সেই হস্তী মারিবার কি তাহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিবে না।

কোনং হস্তির ও হস্তিদন্তের উপর গবর্ণমেণ্টের স্বত্বের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স প্রাপ্ত না হইয়া ৩ ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত স্থল বিশেষে যে প্রত্যেক হস্তী ধরে তাহা ও যে প্রত্যেক হস্তী মারে তাহার দন্ত গবর্ণমেণ্টের সম্পত্তি হইবে।

5. The Collector or Deputy Commissioner of any district may, subject to such rules as may for the time being be in force under this Act, grant licenses to kill, or to capture, or to kill and capture, wild elephants in such district:

License to kill and capture wild elephants.

Provided that no such license shall authorize any person to enter upon any land without the consent of the owner or occupier thereof.

6. The local Government may from time to time, subject to the control of the Governor-General in Council,

Power of local Government.

declare what shall be deemed to be main public roads and canals within the meaning of this Act, and

to declare what are main roads and canals,

make rules consistent with this Act for regulating

and to make rules as to licenses.

(*a*) the grant and renewal of licenses under this Act,

(*b*) the fees (if any) in money, tusks or captured elephants to be charged on such grant and renewal,

(*c*) the time during which such licenses shall continue in force, and

(*d*) the conditions (if any) on which they shall be granted.

All such declarations and rules shall be published in the local official Gazette and shall thereupon have the force of law.

7. Whoever, in contravention of section three, kills, injures, or captures, or attempts to kill, injure or capture, any wild elephant, shall be punished with fine which may extend to five hundred rupees for each elephant concerned;

Penalty for contravening section 3.

and whoever breaks any condition contained in a license granted under this Act shall be punished with fine which may extend to five hundred rupees.

Any person convicted of a second offence under this section shall be punished with imprisonment which may extend to six months, or with fine, or with both.

When any person holding a license under this Act is convicted under this section, such license shall become void and shall be delivered up to the convicting Magistrate.

৫ ধারা। এই আইনমতে প্রণীত যে বিধি যৎকালে প্রবল থাকে তাহার নিয়মাধীনে কোন জিলার কালেক্টর কিম্বা ডেপুটী কমিশানর সাহেব সেই জিলার মধ্যে বন্যহস্তী মারিবার বা ধরিবার কিম্বা মারিবার ও ধরিবার লাইসেন্স দিতে পারিবেন।

বন্য হস্তী মারিবার ও ধরিবার লাইসেন্সপত্রের কথা।

কিন্তু উক্ত লাইসেন্সপত্র অনুসারে কোন ব্যক্তি কোন ভূমির স্বামির বা দখীলকারের সম্মতি বিনা সেই ভূমিতে প্রবেশ করিতে পারিবেন না।

৬ ধারা। মন্ত্রি সভাবিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কর্তৃত্বাধীনে স্থানীয় গবর্ণমেণ্ট

স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

এই আইনের অর্থমতে প্রধান রাজপথ ও খাল বলিয়া কোন২ পথ ও খাল গণ্য হইবে, সময়ে২ ইহার জ্ঞাপনপত্র প্রকাশ করিতে, এবং

প্রধান পথ ও খাল কাহাকে বলে ইহা প্রকাশ করিবার কথা।

(ক) এই আইনমতে লাইসেন্সপত্র দিবার ও তাহা নূতন করিয়া লইবার, ও

ও লাইসেন্স বিষয়ে বিধি করিবার কথা।

(খ) উক্ত লাইসেন্সপত্র দিবার ও নূতন করিয়া লইবার নিমিত্ত ফী নগদ বা হাস্তদন্ত বা ধৃত হস্তির দ্বারা দিবার ও

(গ) যত দিন সেই লাইসেন্সপত্র বলবৎ থাকিবে ইহার, এবং

(ঘ) কোন নিয়ম থাকিলে যদনুসারে দেওয়া যাইবে তাহার, এই আইন সঙ্গত বিধি সময়ে২ প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত সকল জ্ঞাপনপত্র ও বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে।

৭ ধারা। কোন ব্যক্তি ৩ ধারা লঙ্ঘন করিয়া বন্য হস্তী মারিলে কি তাহার হানি করিলে কিম্বা সেই হস্তী ধরিলে কিম্বা সেই হস্তী মারিবার কি তাহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিলে একং হস্তী সম্পর্কে তাহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৩ ধারা লঙ্ঘনের দণ্ডের কথা।

এবং কোন ব্যক্তি এই আইনমতে দত্ত লাইসেন্সপত্রের লিখিত কোন নিয়ম লঙ্ঘন করিলে তাহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তি এই ধারামতে দ্বিতীয় অপরাধে অপরাধী প্রমাণ হইলে তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কি অর্থ দণ্ড কিম্বা উভয় দণ্ড হইতে পারিবে।

এই আইনমতে লাইসেন্সপত্রধারী কোন ব্যক্তির এই ধারামতে অপরাধ প্রমাণ হইলে উক্ত লাইসেন্সপত্র অসিদ্ধ হইবে ও অপরাধ প্রমাণকারি মাজিষ্ট্রেটের নিকট তাহা সমর্পণ করা যাইবে।

8. Any officer of Revenue or Police, or any forest officer, who may find any person killing, injuring, or capturing, or attempting to kill, injure, or capture any wild elephant, except in the cases mentioned in section three, clauses (*a*) and (*b*), may require him to produce and shew a license granted to him under this Act.

License to be produced and shown on requisition of certain officers.

Any person who, on such request, wilfully refuses or is unable to produce and shew such license as aforesaid, shall, in addition to any other punishment to which he may be liable under this Act, be punished with fine which may extend to one hundred rupees.

9. Every prosecution under this Act shall be commenced within six months from the commission of the offence in respect of which it is instituted.

Limitation of prosecution.

10. The amount or value of any fee payable under any license granted under this Act may be recovered from the licensee as if it were an arrear of land revenue.

Recovery of fees.

D. Fitzpatrick,
Secy. to the Govt. of India.

৮ ধারা। ৩ ধারার (ক) ও (খ) প্রকরণের স্থলভিন্ন রাজস্ব কি পোলীস কি বন সম্পর্কীয় কোন কর্ম্মচারী কোন ব্যক্তিকে বন্য হস্তী মারিতে কি তাহার হানি করিতে কিম্বা সেই হস্তী ধরিতে কিম্বা সেই হস্তী মারিবার কি তাঁহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিলে তাঁহাকে এই আইনমতে দত্ত লাইসেন্সপত্র দিবার ও দেখাইবার আদেশ করিতে পারিবেন।

কোনং কর্ম্মচারির আদেশমতে লাইসেন্সপত্র দিবার ও দেখাইবার কথা।

কোন ব্যক্তি উক্ত আদেশমতে উপরোক্ত লাইসেন্স-পত্র ইচ্ছাপূর্ব্বক দিতে অস্বীকার করিলে কিম্বা দিতে ও দেখাইতে না পারিলে তাহার এই আইনমতে অন্য যে দণ্ড হইতে পারে তদতিরিক্ত ১০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৯ ধারা। যে অপরাধ সম্পর্কে অভিযোগ করা গেল সেই অপরাধ করণের সময়াবধি ছয় মাসের মধ্যে এই আইনমত প্রত্যেক অভিযোগ উপস্থিত করিতে হইবে।

অভিযোগ করণের মিয়াদের কথা।

১০ ধারা। এই আইনমতে দত্ত কোন লাইসেন্সপত্রক্রমে যত বা যে মূল্যের ফী প্রাপ্য হয় তাহা লাইসেন্সপত্র গ্রহীতার স্থানে ভূমিরবাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারিবে ইতি।

ফী আদায়ের কথা।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

Raj Krishna Mukhopadhyaya, M.A. and B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 28, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৮ জানুয়ারি।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 11th January 1879, and was referred to a Select Committee who are to report thereon in six weeks:—

A Bill to provide for the more speedy realisation of arrears of rent and to amend the law relating to rent.

Preamble.

WHEREAS it is expedient to provide for the more speedy realisation of arrears of rent and to amend in other respects the law relating to rent in Bengal: It is enacted as follows:—

PART I.

PRELIMINARY.

Extent and commencement.

1. The provisions of this Act may be extended by the Lieutenant-Governor of Bengal by notification in the *Calcutta Gazette* to any districts within the provinces for the time

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ শ্রীযুত বঙ্গদেশীয় লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১১ জানুয়ারি তারিখে পঠিত হয়, এবং তদ্বিষয়ে ছয় সপ্তাহ মধ্যে রিপোর্ট করিবেন এই বলিয়া তাহা সিলেক্ট কমিটির হস্তে অর্পিত হয়:—

বাকী খাজানা আদায়ের সুগমতর উপায় বিধান ও খাজানা সম্বন্ধীয় আইন সংশোধন জন্য আইনের পাণ্ডুলিপি।

বাকী খাজানা আদায়ের সুগমতর উপায় বিধান এবং বাঙ্গালা দেশের খাজানা সম্বন্ধীয় আইন সংশোধন করা আবশ্যক; অতএব নিম্নলিখিত বিধান করা গেল:—

১ম খণ্ড।

উপক্রমণিকা।

আইন কোথায় এবং কখন্ প্রচলিত হইবে।

১ ধারা। শ্রীযুত বঙ্গদেশীয় লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের অন্তর্গত যে যে জিলায় ১৮৫৯ সালের ১০ আইন অথবা ১৮৬৯ সালের ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক

being subject to the said Lieutenant-Governor in which Act X of 1859 or the Landlord and Tenant Procedure Act, 1869, are, or may be, in force, and shall take effect in such districts from the date which may be specified in such notification.

Repeal of sections.

2. Sections 6, 7, 20, and 21 of Act X of 1859; sections 2, 3, 4, and 5 of Bengal Act VI of 1862; and sections 6, 7, 21, 22, 44, 45, 46, and 47 of the the Landlord and Tenant Procedure Act, 1869, are hereby repealed.

This repeal shall not affect any right of occupancy which has accrued before the commencement of this Act.

PART II.

PROCEDURE FOR SUMMARY REALISATION OF ARREARS OF RENT.

In all suits for arrears of rent if plaintiff desires to proceed under this Part, the summons shall be in the form given in the Schedule.

3. From and after the commencement of this Act all suits for arrears of rent brought within twelve months after such arrears have become due may, in case the plaintiff shall desire to proceed under this Part, be commenced by presenting a plaint in the form prescribed by the Code of Civil Procedure, but the summons shall be in the form contained in Schedule A hereto annexed.

In any case in which the plaint and summons are in such forms respectively, the defendant shall not appear or defend the suit unless he obtains leave from the Court as hereinafter mentioned so to appear and defend;

and in default of his obtaining such leave or of appearance and defence in pursuance thereof, the plaintiff shall be entitled to a decree for any sum mentioned in the summons, and interest on the same at the rate of twelve per cent. per annum to the date of decree, together with the interest (if any) stipulated for as mentioned in the proviso of section 26 of this Act, and a sum for costs to be fixed by an order of the Lieutenant-Governor of Bengal, unless the plaintiff claims more than such fixed sum, in which case the costs shall be ascertained in the ordinary way, and such decree may be enforced forthwith.

Defendant showing a defence upon the merits to have leave to appear.

4. The Court shall, upon application within the period of fourteen days from the service of such summons, give leave to appear and to defend the suit upon the defendant paying into Court the sum mentioned in the summons,

আইন প্রচলিত আছে বা হইতে পারে, কলিকাতা গেজেটে বিজ্ঞাপন পত্রদ্বারা শ্রীযুত বঙ্গদেশীয় লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই সেই জিলায় এই আইনের বিধান গুলিও বর্ত্তাইতে পারিবেন, এবং ঐ বিজ্ঞাপনপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট থাকে সেই তারিখ অবধি ঐ বিধান গুলি সেই সেই জিলায় কার্য্যকর হইবে।

যে যে ধারা রহিত হইল।

২ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ৬, ৭, ২০ এবং ২১ ধারা; ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইনের ২, ৩, ৪ এবং ৫ ধারা; এবং ১৮৬৯ সালের ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৬, ৭, ২১, ২২, ৪৪, ৪৫, ৪৬, ও ৪৭ ধারা, এতদ্দ্বারা রহিত হইল।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে দখলী স্বত্বের উৎপত্তি হইয়াছে, এই রাহিত্য দ্বারা তাহার কোন বিঘ্ন হইবে না।

২য় খণ্ড।

বাকী খাজনা আদায়ের সরাসরি কার্য্যপ্রণালী।

বাদী বাকী খাজানার সমুদয় মোকদ্দমায় এই খণ্ডানুসারে কার্য্যানুষ্ঠান করিতে চাহিলে সমন তফসীলনির্দ্দিষ্ট পাঠে লিখিত হইবে।

৩ ধারা। বাদী এই খণ্ডানুসারে কার্য্যানুষ্ঠান করিতে চাহিলে, এই আইন যে সময়ে প্রচলিত হইবে সেই সময় অবধি ও তৎপরে, খাজানা পাওনা হইবার দ্বাদশমাস মধ্যে দেওয়ানী কার্য্যবিধির নির্দ্দিষ্ট পাঠে আবেদনপত্র উপস্থিত করিয়া বাকী খাজানার সমুদয় মোকদ্দমা আরম্ভ করিতে পারিবেন। কিন্তু এই আইনের A তফসীলে যে পাঠ আছে সমন সেই পাঠে লিখিত হইবে।

আবেদনপত্র ও সমন সেই২ পাঠে লিখিত হইলে, প্রতিবাদী নিম্নলিখিত প্রকারে আদালতে উপস্থিত হইয়া জবাব দিবার অনুমতি না পাইলে, উপস্থিত হইবেন না ও মোকদ্দমার জবাব দিবেন না।

এবং সেই অনুমতিপত্র না পাইলে, কিম্বা পাইয়াও তদনুসারে জবাব না দিলে, বাদী সমনপত্রের উল্লিখিত টাকার ডিক্রী, এবং ডিক্রীর তারিখ অবধি তদুপরি শতকরা ১২ টাকা হিসাবে সুদ, এবং এই আইনের ২৬ ধারার উপবিধানে উল্লিখিত সুদের কোন রূপ নিয়ম থাকিলে সেই সুদ, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশমতে নির্দ্ধারিত খরচার ডিক্রী পাইতে অধিকারী হইবেন। কিন্তু যদি বাদী এই নির্দ্ধারিত টাকার অতিরিক্ত দাবী করেন, প্রচলিত প্রণালীতে খরচা নিরূপণ করা যাইবে, এবং ঐ ডিক্রী অবিলম্বে প্রবল করা যাইতে পারিবে।

প্রতিবাদী বৃত্তান্ত ঘটিত জবাব দেখাইলে উপস্থিত হইবার অনুমতি পাইবার কথা।

৪ ধারা। প্রতিবাদী সমন জারী হইবার চতুর্দ্দশ দিবসের মধ্যে প্রার্থনা করিলে যদি সমনের উল্লিখিত টাকা আদালতে উপস্থিত করেন অথবা শপথ বা প্রতিজ্ঞাপূর্ব্বক সাক্ষ্য প্রদান করিয়া যদি তিনি আদালতের হৃদবোধ জন্মাইতে পারেন যে তাঁহার জবাব

or upon his satisfying the Court by his examination upon oath or affirmation that he has a defence, or can adduce such facts as the Court may deem sufficient to support the application, and on such terms as to security, framing and recording issues or otherwise, as to the Court may seem fit.

Court may, under special circumstances, set aside decree.

5. After decree the Court may, under special circumstances, set aside the decree, and, if necessary, stay or set aside execution, and may give leave to appear to the summons and to defend the suit if it shall seem reasonable to the Court so to do, and on such terms as the Court thinks fit.

Appeal only on deposit of amount of decree.

6. No appeal shall lie from any decree of the Court under section 3 of this Act on the part of any judgment-debtor unless he deposit the amount of the decree with costs in such Court to the credit of the person who has obtained the decree.

Decree-holder may take out deposit, but, if appeal is allowed, must refund it.

7. On the application of the person who has obtained the decree the money in deposit shall be paid to him; but if the judgment-debtor appeal; and the appeal is decreed in his favor in whole or in part, notice shall be served on the original decree-holder requiring him to pay the money aforesaid, or such portion of it as may be ordered to be refunded, into the public treasury within fourteen days from the service on him of such notice.

In default deposit may be claimed as a demand.

8. In default of compliance with such notice the sum referred to therein shall be deemed a demand under Bengal Act VII of 1868, and shall be recoverable from the decree-holder aforesaid as such.

Landlord must prove that rent at the rate claimed has been paid in former year or has been agreed to.

9. No suit shall be entertained under this Part except where it shall be shown to the satisfaction of the Court that rent at the same rate as that alleged to be due has been paid in respect of the holding for which it is claimed some time within the three years immediately preceding the period for which it is claimed, or that the tenant has agreed by a written engagement which is still in force to pay rent at the rate claimed.

This Part not to apply to suits for enhancement of rent.

10. Nothing in the seven last preceding sections shall be deemed to apply to suits for rent at enhanced rates.

Provided that when in any case a decree has been given by the Court for rent at an enhanced

আছে, অথবা এমত বৃত্তান্তঘটিত প্রমাণ দিতে পারেন যাহা আদালতের বিবেচনায় উক্ত প্রার্থনা সমর্থনের উপযোগী, তাহা হইলে আদালত জামিন প্রদান এবং ইস্যু নির্ণয় ও লিপিবদ্ধকরণ প্রভৃতি বিষয়ে যে রূপ নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে তাঁহাকে উপস্থিত হইয়া মোকদ্দমার জবাব দিবার অনুমতি দিবেন।

ডিক্রী অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।

৫ ধারা। ডিক্রী হইলে পর আদালত অবস্থা বিশেষে ঐ ডিক্রী অসিদ্ধ করিতে ও আবশ্যক হইলে ডিক্রীজারী স্থগিত রাখিতে বা অসিদ্ধ করিতে পারিবেন এবং জবাব দিবার অনুমতি প্রদান যুক্তিসঙ্গত বোধ করিলে যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে সমনমতে উপস্থিত হইয়া মোকদ্দমার জবাব দিবার অনুমতি দিতে পারিবেন।

ডিক্রীর টাকা আমানত করিলে আপীল হইতে পারে।

৬ ধারা। ডিক্রীদারের নামে আদালতে খরচাসমেত ডিক্রীর টাকা আমানত না করিলে ডিক্রীদেনদার এই আইনের ৩ ধারার অনুযায়ী উক্ত আদালতের ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পারিবেন না।

আমানতী টাকা ডিক্রীদার লইতে পারেন, কিন্তু আপীল মঞ্জুর হইলে ফিরাইয়া দিতে হইবে।

৭ ধারা। ডিক্রীদার প্রার্থনা করিলে আমানতী টাকা তাঁহাকে দেওয়া যাইবে, কিন্তু যদি ডিক্রীদেনদার আপীল করেন, এবং তাঁহার আপীল সম্পূর্ণ বা আংশিকরূপে তাঁহার পক্ষে ডিক্রী হয়, তাহা হইলে প্রথম ডিক্রীদারের উপর এইরূপ নোটিস জারী করিতে হইবে যে উক্ত নোটিস জারীর চতুর্দ্দশ দিবস মধ্যে পূর্ব্বোক্ত টাকা অথবা তাহার যে অংশ ফিরাইয়া দিবার হুকুম হইয়াছে তাহা সরকারী ধনাগারে অবশ্যই প্রদান করেন।

না দিলে উক্ত টাকা প্রাপ্য বলিয়া গণ্য হইবে।

৮ ধারা। উক্ত নোটিস অনুসারে কার্য্য না করিলে তান্নির্দ্দিষ্ট টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইন অনুযায়ী প্রাপ্য বলিয়া গণ্য হইবে, এবং পূর্ব্বোক্ত ডিক্রীদারের নিকট হইতে তদ্রূপে আদায় করা যাইবে।

যে হারে খাজানা দাবি করা হইয়াছে সেই হারে পূর্ব্ববৎসর প্রদত্ত হইয়াছে অথবা দিতে সম্মতি আছে, ইহা ভূম্যধিকারীর প্রমাণ করিতে হইবে।

৯ ধারা। যে সময়ের জন্য খাজানা পাওনার দাবী করা হইয়াছে, সেই সময়ের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী তিন বৎসরের মধ্যে সেই হারে খাজানা দেওয়া হইয়াছে, অথবা যে হারে খাজানার দাবী করা হইয়াছে তৎকালবলবৎ লিখিত চুক্তিপত্রদ্বারা প্রজা সেই হারে খাজানা দিতে সম্মত হইয়াছে, এরূপ সন্তোষজনক প্রমাণ না পাইলে আদালত এই খণ্ডানুসারে মোকদ্দমা গ্রহণ করিবেন না।

এই খণ্ড খাজানা বৃদ্ধির মোকদ্দমায় খাটিবেনা।

১০ ধারা। পূর্ব্ববর্ত্তী শেষ সাত ধারায় যে সকল কথা লিখিত হইল, সেই সকল কথা বর্দ্ধিত হারে খাজানার মোকদ্দমায় খাটিবে না।

কিন্তু যদি আদালত কোন মোকদ্দমায় বর্দ্ধিত হারে খাজানার ডিক্রী দেন, মোকদ্দমা

rate, the decree shall also declare the amount of rent due at the rates current before the institution of the suit; and shall direct that in the event of execution being stayed on account of appeal against the enhanced rates, the decree-holder shall nevertheless be at liberty to execute the decree in respect of the sum so declared to be due at the rates formerly current.

PART III.

RIGHT OF OCCUPANCY AND SUB-LEASES.

What creates a right of occupancy.

11. Every ryot who shall have held land for a period of twelve years, and cultivated the same either with his own hands or by means of hired labourers, shall have a right of occupancy in the land so held and cultivated by him, whether it be held under pottah or not, so long as he pays the rent payable on account of the same.

EXPLANATION.—A person to whom the ryot makes over a portion of the produce by way of payment for his labour in cultivating the whole or a portion of the ryots' lands is a 'hired labourer' within the meaning of this section. A ryot who pays a portion of the gross produce by way of rent to the zemindar or other person from whom he holds his lands is not a 'hired labourer' within the meaning of this section.

Nothing contained in this section or in section 16 of this Act shall be held to affect the terms of any written contract for the cultivation of land entered into between a landholder and a ryot, when it contains any express stipulation contrary thereto.

Occupancy tenure heritable and transferable.

12. The holding of the father or other person from whom the ryot inherits shall be deemed to be the holding of the ryot within the meaning of the last preceding section, and the tenure of a ryot who has acquired a right of occupancy shall be heritable and transferable, provided that no transfer shall be valid unless the whole tenure is transferred, and that the transferee shall have the right of occupancy only so long as he continues to cultivate the lands either with his own hands or by means of hired labourers in the manner contemplated by the last preceding section.

Occupancy ryot not to sublet without consent of zemindar.

13. After the commencement of this Act no ryot having a right of occupancy shall, without the consent in writing of the zemindar or other superior tenure-holder to whom his rent is payable, sublet

কদ্ধ করিবার পূর্ব্ববর্ত্তী হারে যৎ পরিমিত খাজানা পাওনা হয় তাহার নির্দ্দেশ করিবেন; এবং আদেশ দিবেন যে, বর্দ্ধিত হারের বিরুদ্ধে আপীল হইয়া ডিক্রী জারী স্থগিত হইলেও, ডিক্রীদার পূর্ব্ববর্ত্তী হারানুযায়ী উক্ত নির্দ্দিষ্ট টাকা সম্বন্ধে ডিক্রী জারী করিতে পারিবেন।

৩য় খণ্ড।

দখলীস্বত্ব ও কোর্ফা প্রজাবিলি।

কিরূপে দখলী স্বত্বের উৎপত্তি হয়।

১১ ধারা। কোন রাইয়ত যদি দ্বাদশ বৎসর কাল কোন ভূমি ভোগ করিয়া আসিয়া থাকে, এবং তাহা স্বহস্তে অথবা বেতনভোগী মজুরের দ্বারা চাষ করিয়া থাকে, তবে সে পাট্টা পাইয়া থাকুক বা না থাকুক, যত কাল সে ঐ ভূমির দরুন খাজানা দিবে, তত কাল সে ঐ চাষ করা ও ভোগকরা ভূমি দখল করিবার স্বত্ববান থাকিবে।

ব্যাখ্যা।—রাইয়তের সমুদয় ভূমি অথবা তাহার কিয়দংশ চাষ করিবার নিমিত্ত পরিশ্রমের বেতনস্বরূপ রাইয়ত যে ব্যক্তিকে উৎপন্নের কিয়দংশ প্রদান করে সেই ব্যক্তিও এই ধারার অভিপ্রায়ানুযায়ী 'বেতনভোগী মজুর,'। যে রাইয়ত জমিদার কি অন্য কোন ব্যক্তির নিকট হইতে ভূমি লইয়া তাহাকে খাজানাস্বরূপ সমুদয় উৎপন্নের কিয়দংশ দিয়া থাকে, সেই রাইয়ত এই ধারার অভিপ্রায়ানুযায়ী "বেতনভোগী মজুর" নহে।

ভূম্যধিকারী ও রাইয়তের মধ্যে যদি লেখা পড়া হইয়া ভূমির চাষ করিবার কোন নিয়ম নিরূপিত হইয়া থাকে, সেই নিয়ম পত্রে এই ধারার কিম্বা এই আইনের ১৬ ধারার বিপরীত কোন স্পষ্ট নিয়ম থাকিলে, উক্ত ধারাদ্বয়ের কোন কথা দ্বারা সেই নিয়মের হানি হইবে না।

দখলীস্বত্বযুক্ত যোত উত্তরাধিকৃত ও হস্তান্তরিত হইতে পারিবে।

১২ ধারা। পিতার কিম্বা অন্য ব্যক্তির উত্তরাধিকারী হইয়া রাইয়ত ভোগ করিলে তাহাদিগের ভোগ এই ধারার অভিপ্রায়ানুসারে ঐ রাইয়তের ভোগ বলিয়া গণ্য হইবে; এবং যে রাইয়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছে তাহার যোত উত্তরাধিকৃত ও হস্তান্তরিত হইতে পারিবে। কিন্তু সমুদয় যোতটী হস্তান্তরিত না হইলে হস্তান্তরীকরণ সিদ্ধ হইবে না; এবং যাহাকে হস্তান্তর করা যায় সে যত দিন স্বহস্তে অথবা পূর্ব্বধারানির্দ্দিষ্ট প্রকারে বেতনভোগী মজুরদ্বারা ভূমির চাষ করিতে থাকিবে, তত দিন মাত্র তাহার দখলীস্বত্ব থাকিবে।

জমীদারের সম্মতি ব্যতিরেকে দখলীস্বত্বাধিকারী রাইয়ত কোর্ফা বিলি করিবে না।

১৩ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে দখলী স্বত্ত্বাধিকারী কোন রাইয়ত যে জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদারকে খাজানা দিয়া থাকে তাহার লিখিত সম্মতি ব্যতিরেকে স্বীয় যোতের কোন অংশ কোর্ফা বিলি করিতে পারিবে না; এবং কোন

any portion of his holding; and no court shall take cognizance of any such sub-letting.

Effect of sub-letting with consent.

14. If, after the commencement of this Act, the zemindar or other superior tenure-holder consents to the sub-letting of a portion or the whole of the holding of a ryot having a right of occupancy, the sub-tenant, if he cultivates the lands in the manner described in section 11 of this Act, shall begin to acquire a right of occupancy in the lands sublet from the date of such sub-letting. The ryot who sublets the lands shall be deemed to have become the holder of an intermediate tenure, and shall cease to have a right of occupancy in the lands sublet, but he shall not be liable to be ejected by the zemindar or superior tenure-holder otherwise than for non-payment of arrears of rent, and in execution of a decree or order of Court; and the rent which he pays for the land sublet shall not be liable to be enhanced above a sum which shall, in default of specific agreement to the contrary, in no case be less than ten per cent. below the fair and equitable rates payable for the same land by a ryot having a right of occupancy.

Saving of existing sub-leases.

15. Sub-leases for a year or for a term of years given before the commencement of this Act by any ryot having a right of occupancy shall hold good for such year or term but no longer.

No right of occupancy in zemindar's private lands.

16. No right of occupancy shall be acquired by any ryot in *khamar*, *nijjote*, or *seer* lands belonging to the proprietor of the estate or tenure which are held by him as such at the date of the commencement of this Act and let by him on lease for a term or year by year.

Transfers of occupancy tenures to be registered.

17. All ryots having rights of occupancy are required to register in the sherishta of the zemindar or other superior tenure-holder to whom their rents are payable all transfers of their tenures by sale, gift, or otherwise, as well as all successions thereto and divisions among heirs in cases of inheritance, within one month of each such transfer, succession, or division, and every zemindar or superior tenant is required to admit to registry and otherwise give effect to all transfers of whole tenures when made in good faith, and to all such successions and divisions by delivering to the applicant for registration within fifteen days after his application a *hukumnama* or

আদালত এরূপ কোর্ফা বিলি গ্রাহ্য করিবেন না।

সম্মতিক্রমে কোর্ফা বিলি করিবার ফল।

১৪ ধারা। যদি এই আইন প্রচলিত হইবার পরে জমীদার কি অন্য উপরিস্থ পাট্টাদার দখলী স্বত্বাধিকারী কোন রাইয়তের সমুদয় যোত বা তাহার কিয়দংশ কোর্ফা বিলি করিতে সম্মতি দেন কোর্ফা প্রজা যদি এই আইনের ১১ ধারা বর্ণিত প্রকারের ভূমির চাষ করে তাহা হইলে যে তারিখে তাহাকে উক্ত ভূমি কোর্ফা বিলি করা হইয়াছে সেই তারিখ অবধি তাহাতে দখলীস্বত্ব উপার্জ্জন করিতে আরম্ভ করিবে। যে রাইয়ত কোর্ফা বিলি করে সে মধ্যবর্ত্তী যোতদার হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং কোর্ফা বিলি করা ভূমিতে দখলীস্বত্ব হারাইবে কিন্তু বাকী খাজানা অপ্রদান ও আদালতের ডিক্রী কি হুকুম জারী ব্যতিরেকে অন্য কোন সূত্রে জমীদার কি উপরিস্থ পাট্টাদার তাহাকে বেদখল করিতে পারিবেন না। আর, যে ভূমি সেই রাইয়ত কোর্ফা বিলি করিয়াছে, সেই ভূমির খাজানা, ইহার বিপরীত বিশেষ চুক্তি না থাকিলে, সেই ভূমির জন্য দখলী স্বত্বাধিকারী রাইয়তের যে ন্যায্য ও বিচারসঙ্গত হার তদপেক্ষা শতকরা দশটাকার কম নহে এরূপ পরিমাণাপেক্ষা বৃদ্ধি করা যাইবে না।

বর্ত্তমান কোর্ফা বিলি সংরক্ষণ।

১৫ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে দখলী স্বত্বাধিকারী কোন রাইয়ত যদি এক বৎসর কি কয়েক বৎসর মিয়াদে কোর্ফা বিলি করিয়া থাকে তাহা সেই বৎসর বা কয়েক বৎসর পর্য্যন্ত চলিবে, কিন্তু তৎপরে নহে।

জমীদারের নিজ জমিতে দখলী স্বত্ব হইবে না।

১৬ ধারা। যদি এই আইন প্রচলিত হইবার সময়ে কোন রাইয়ত জমীদারী কি যোতের স্বামীর খামার, নিজযোত বা সেরি জমি তদ্ভাবে ভোগ করিতে থাকে এবং কোন মিয়াদে বা বৎসর বৎসর কোর্ফা বিলি করিয়া থাকে তাহাতে সেই রাইয়তের দখলী স্বত্ব জন্মিবে না।

দখলী স্বত্ব যুক্ত যোতের হস্তান্তরীকরণ রেজিষ্টরি করিতে হইবে।

১৭ ধারা। দখলীস্বত্বাধিকারী রাইয়তগণের প্রতি আদেশ হইতেছে যে তাহাদিগের যোত বিক্রয় দানাদি দ্বারা হস্তান্তরীকরণ, এবং তৎসংক্রান্ত উত্তরভোগিত্ব ও উত্তরাধিকার সূত্রে উত্তরাধিকারিদিগের মধ্যে বিভাগের কথা, উক্ত হস্তান্তরীকরণ, উত্তরভোগিত্ব বা বিভাগের এক মাসের মধ্যে, যে জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদারের নিকটে খাজানা দিতে হয়, তাহার সিরিস্তায় তাহারা রেজিষ্টরি করাইবে। আর প্রত্যেক জমীদার ও উপরিস্থ পাট্টাদারের প্রতি আদেশ হইতেছে যে রেজিষ্টরির জন্য প্রার্থনা করিবার পরে পঞ্চদশ দিবসের মধ্যে প্রার্থনাকারীকে উক্ত হস্তান্তরীকরণ, উত্তরভোগিত্ব বা বিভাগ স্বীকৃত হইয়া রেজিষ্টরি করা হইয়াছে এই মর্ম্মের হুকুমনামা বা আমলনামা দিয়া, যে সমস্ত যোতের হস্তান্তরীকরণ

amulnama declaring the fact of the transfer, succession, or division having been admitted and registered.

Provided that no zemindar or other superior tenure-holder shall be required to admit to registry or give effect to any division or distribution of the rent payable on account of any such tenure, nor shall any such division or distribution of rent be valid and binding without the consent in writing of the zemindar or superior tenant.

Registry of transfer made before the commencement of the Act.

18. All ryots claiming to have rights of occupancy in virtue of transfers made before the commencement of this Act are required to register the same within one year from the said commencement, and the provisions of the last preceding section shall apply to all such transfers.

Fees may be levied on transfers.

19. Fees at the rate of two per cent. on the annual rent of the interest transferred may be levied by the zemindar or other superior tenure-holder on the registry under this Act of any transfer:

Provided that no fee shall exceed one hundred rupees; and that if the zemindar or other superior tenure-holder fails to deliver the *hukumnama* or *amulnama* as provided in section 17 of this Act to any applicant for registration any competent Court may direct delivery of the same free of all charges for fees or costs.

Execution may issue on verbal application of decree-holder.

20. The Court may, when passing a decree for arrears of rent, on the oral application of the decree-holder, order immediate execution thereof either against the person, or the moveable property, or the right of occupancy of the judgment-debtor.

Procedure in execution against occupancy tenure.

21. The provisions of sections 59 to 63 of the Landlord and Tenant Procedure Act, 1869, shall apply to the sale in execution of decree of the tenure of any ryot having a right of occupancy.

PART IV.

TENDER OF RENT AND DEPOSIT OF RENT WITH COLLECTOR.

The Court may in certain cases award to the plaintiff additional damages not exceeding 25 per cent.

22. In any suit hereafter to be brought for rent, if it appears to the Court that the defendant has, without reasonable or probable cause, neglected or refused to pay the amount due by him, and that he has not, on or before the due date

[*Government Gazette*, 2·th *January* 1879.]

সরলভাবে হইয়াছে সেই সকল হস্তান্তরীকরণ, এবং উক্ত উত্তরভোগিত্ব ও বিভাগ রেজিস্টরির জন্য গ্রহণ করিবে এবং অন্য প্রকারে কার্য্যকর করিবে। কিন্তু তদ্রূপ কোন ভূসম্পর্কের যে খাজানা দিতে হয়, কোন জমীদারের কি উপরিস্থ পাট্টাদারের প্রতি সেই খাজানা বিভাগ কি বণ্টনের কথা রেজিস্টরি করাইতে বা কার্য্যকর করিতে আজ্ঞা হইবে না, এবং জমীদার কিম্বা উপরিস্থ পাট্টাদারের লিখিত সম্মতি ব্যতিরেকে উক্ত খাজানার বিভাগ কি বণ্টন সিদ্ধ এবং দৃঢ় হইবে না।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে হস্তান্তরীকরণ রেজিস্টরি করা।

১৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে হস্তান্তরীকৃত হইয়াছে বলিয়া যে সকল রাইয়ত দখলীস্বত্বের দাওয়া করে, তাহাদিগের প্রতি আদেশ হইতেছে যে এই আইনের প্রচলনাবধি এক বৎসরের মধ্যে তাহাদিগের স্বত্ব রেজিস্টরি করে, এবং পূর্ব্ববর্ত্তী শেষ ধারার বিধান গুলি এরূপ হস্তান্তরী করণের প্রতি খাটিবে।

এরূপ হস্তান্তরীকরণের ফী।

১৯ ধারা। এই আইন অনুসারে হস্তান্তরী করণ রেজিস্টরি করিতে হইলে জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদার হস্তান্তরীকৃত সম্পত্তির বার্ষিক খাজানার উপর শতকরা ২৲ টাকা হারে ফী লইতে পারিবেন।

কিন্তু উক্ত ফী একশত টাকার অধিক হইবে না, এবং যদি জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদার রেজিস্টরির জন্য প্রার্থনাকারীকে এই আইনের ১৭ ধারার নিয়মক্রমে হুকুমনামা বা আমলনামা না দেন, উপযুক্ত আদালত বিনা ফী ও খরচায় উক্ত হুকুমনামা কি আমলনামা দিতে আদেশ করিতে পারেন।

ডিক্রীদারের বাচনিক প্রার্থনায় ডিক্রীজারী হইতে পারে।

২০ ধারা। যখন আদালত বাকী খাজানার ডিক্রী দেন, তখন ডিক্রীদারের বাচনিক প্রার্থনানুসারে ডিক্রীদেনদারের শরীর, অস্থাবর সম্পত্তি বা দখলীস্বত্বের বিরুদ্ধে তৎক্ষণাৎ ডিক্রীজারী করিতে আদেশ দিতে পারেন।

দখলীস্বত্বযুক্ত যোতের বিরুদ্ধে ডিক্রী জারীর কার্য্যপ্রণালী।

২১ ধারা। ১৮৬৯ সালের ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৯, ৬০, ৬১ ৬২, ও ৬৩ ধারার বিধান গুলি ডিক্রী জারী ক্রমে দখলী স্বত্বাধিকারী রাইয়তের যোত বিক্রয়ের প্রতি খাটিবে।

৪র্থ খণ্ড।

অবস্থা বিশেষে আদালত বাদীকে ক্ষতিপূরণস্বরূপ অতিরিক্ত শতকরা ২৫ টাকা দিতে পারেন।

২২ ধারা। ইহার পরে খাজানার নিমিত্ত কোন মোকদ্দমা উপস্থিত হইলে, প্রতিবাদী যুক্তিসঙ্গত কি সম্ভাবিত কারণ ব্যতিরেকে আপনার দেনা টাকা দিতে উপেক্ষা বা অস্বীকার করিয়াছে, এবং এই আইনের ২৬ ধারা নির্দ্দিষ্ট খাজানা প্রদানের ত্রৈমাসিক কিস্তির

of payment of his quarterly rent instalments as fixed under section 26 of this Act tendered such amount to the plaintiff or his duly authorized agent, or in case of the refusal of the plaintiff or such agent to receive the amount tendered, has not deposited such amount with the Collector within ten days of the said quarterly day of payment, the Court may award to the plaintiff, in addition to the amount decreed for rent and costs, such damages, not exceeding twenty-five per centum on the amount of rent decreed, as the Court may think fit. These damages, if awarded, as well as the amount of rent and costs decreed in the suit, shall carry interest at the rate of twelve per centum per annum from the date of decree until payment thereof.

3 plots of land measuring—1st, for the market, about 330 feet long and 230 feet broad; 2nd, for the nursery, about 220 feet long and 125 feet wide; and 3rd, for the road, about 330 feet long and 50 feet wide, more or less, and containing 2 acres and 1 pole, 2 roods and 29 poles, and 3 roods and 32 poles, more or less, respectively, are required within the villages of Akra and Daoodnaggar, pergunnah Ancha, zillah Gya.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. C. LEVINGE,
Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 16*th January* 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is likely to be required for the construction of a railway in the district of Burdwan, notice is hereby given, under the provisions of Section 4, Act X of 1870, that survey parties are about to take the field for the purpose of making a survey for a railway from Santipore to Mymaree *vid* Culnah.

J. G. LINDSAY, *Major*, R.E.,
Offg. Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Railway Branch.

[*Government Gazette*, 4*th February* 1879.]

নগর গ্রামে তিন খণ্ড ভূমির প্রয়োজন। প্রথম খণ্ড বাজারের নিমিত্ত, তাহা প্রায় ৩৮০ ফুট দীর্ঘ ও ২৩০ ফুট প্রস্ত, দ্বিতীয় খণ্ড, গাছের চাষ করিবার নিমিত্ত তাহা প্রায় ২২০ ফুট দীর্ঘ ও ১২৫ ফুট প্রস্ত, এবং তৃতীয় খণ্ড পথের নিমিত্ত, তাহা প্রায় ৮৩০ ফুট দীর্ঘ ও ৫০ ফুট প্রস্ত অর্থাৎ ক্রমান্বয়ে ন্যূনাধিক ২ একর ১ পোল ও ২ রুড ২৯ পোল ও ৩ রুড ৩২ পোল পরিমিত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতি নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

রেলওয়ে সম্পর্কীয়,

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৬ জানুয়ারি।—বর্দ্ধমান জিলার রেলওয়ে প্রস্তুত করণার্থে ভূমি গ্রহণের প্রয়োজন সম্ভাবনা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল যে, জরীপী কার্য্যকারকেরা শান্তিপুর হইতে কালনা দিয়া মেমারী পর্য্যন্ত রেলওয়ের নিমিত্ত জরীপী কার্য্যারম্ভ করিতে উদ্যত হইয়াছেন।

জে, জি, লিণ্ডসে, মেজর, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 4, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৪ ফেব্রুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৮ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৯ সালের ২৪ ফেব্রুয়ারি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ১৮৭৯ সাল ৯ জানুয়ারি

নম্বর তৌজি	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকীর পরিমাণ	মন্তব্য।
৮৬০৮	জিলে বিক্রমপুর পরগনের মধ্যপুর মৌজা দরথখোল জলকর মহাল	রামকৃষ্ণ, কালীকৃষ্ণ, ও শশীমোহন স্বয়ং ও উচিত্মুত্রে লালমোহন, কৃষ্ণমোহন ও মুকুন্দলাল স্বয়ং ও অলি মহাফেজে হরেন্দ্রলাল, শ্যামলাল ও চন্দ্র বিনোদ পাল স্বয়ং ও অলি মহাফেজে প্রেম বিনোদ ও রাধাবিনোদ পাল ও চিত্তবিনোদ পাল ...	১১২৫৯	১২৮৫ সনের লা তক্রি ২৫॥৶	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক।

D. R. LYALL, *Collector.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদি ১৮৭৮ ইংরেজীর ২৫ সেপ্টেম্বরের শেষ তারিখের সূর্য্যাস্তের বাকীপড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৭৯ ইংরেজীর ৩ মার্চ মোতাবেক ১২৮৫ বাঙ্গালার ২০ ফাল্গুন সোমবার দিবসে জিলার কালেক্টরি কাছারিতে বিনাওজরে প্রকাশ্য নিলাম করা যাইবেক ইতি সন ১৮৭৯ ইংরেজী তারিখ ৮ জানুয়ারি।

নম্বর মহাল	নাম মহাল	সদর জমা।
	মহাল নওয়াবাদ। বাকীরাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে। থানেরাঙ্গু মৌজে ঝিলওয়াংজা।	
২৬। ৪৯ নং ...	তালুক গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং নিলাম মচরত-আলী, ওয়েদআলী চৌধুরী সমুদয় তালুকা বিক্রী হইবে।	৯৩৮৮
	বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে। থানেরাঙ্গু মৌজে পাতিলী।	
৪৯। ৫৩৯ নং ...	তালুক গৌরীশঙ্কর বৈদ্যনাথ কাং মালিক আলীহোছন ও আবদুল হামিদ সমুদয় তালুকা বিক্রী হইবে	১৫৯১।৯
	বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে। থানেচকরিআ মৌজে পহরচান্দা।	
২৮২।৩৮০ নং ...	তালুক বিবি ইস্পাক মালিক প্রাণকৃষ্ণ সেন সমুদয় তালুকা বিক্রী হইবে।	৯৮৫৶০

C. W. BOLTON,
Covd. Dy. Collector, in charge.

[*Government Gazette, 4th February* 1879.]

জিলা চট্টগ্রাম।

[বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।]

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রাম মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৮ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৯ সালের ৩ মার্চ্চ তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৯ ইং তারিখ ৮ জানুয়ারি।

প্রথম শ্রেণীর কায়েমী মাহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৬৪ নং নিং আনন্দী মামওল্লা মালিক আচমত আলী গএরহ মোট সদর জমা ১১৬০ (৩

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ১ নং হিং দেওয়ানআলী সদাগর মালিক ফজল আলী চৌং অংশ মং ৫৮০ (১ পাই ও ২ নং হিং রামজয় চৌং অংশ মং ৬৪৲ টাকা ও অবশিষ্ট মালিক আচমত আলী ও সেখ ফজলআলী চৌং অংশ মং ৫১৬ (২ পাই মোট মং ১১৬০ (৩ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৪০১ নং কিং বলরাম সরকার বাং তং ছনাউল্লা খাঁ মালিক গিরীশচন্দ্র রক্ষিত ও শুকদাস রক্ষিত সমুদয় মাহাল বিক্রী হইবে সদর জমা ১০৮৩ ॥৶৩

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৬৫৬ নং তরফ চিত্রসেন কানন্‌গোয় মালিক প্রসন্নকুমার ওয়াদাদার শ্রীমতী মুক্তকেশী সমুদয় মাহাল বিক্রী হইবে সদর জমা ৫৬৮ ৶ ৯

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৬৬৯ নং তরফ ছত্রনারায়ণ কাং মালিক শ্রীমতী অভয়া ও গএরহ মোট সদর জমা ৮৪০ ॥৶৪

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ২ নং গিরীশচন্দ্রের অংশ মং ৬৪২ ।৶ ৯ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৮১০ নং কিং দুর্গালোচন, কৃষ্ণচরণ ওয়াদাদার রামলোচন সেন চন্দ্রকলা, রামসুন্দর সেন, কৃষ্ণমোহন কেরানী, গোপাল দাস, শুকদাস পাল ও রামচন্দ্র বাং তরফ রামহরি কাং মালিক রামসুন্দর সেন গং মোট সদর জমা ৮৮৩ ৸০ ৬

১৮৫৯ সালের ১১ আং মতে জমা স্বতন্ত্র হইয়া ৩ নং হিং কাশীচন্দ্র ওয়াদাদার রসিকচন্দ্র, প্রাণহরি কালী কুমার ও প্রসন্ন কুমার ওয়াদাদারের অংশ ৬২ টাকা ৶৯ পাই ও ৫ নং হিং রামসুন্দর সেনের অংশ মং ২০৫ ৵২ পাই ও অবশিষ্ট মালিক চন্দ্রকান্ত পাল চন্দ্রকলা, শুকদাস পাল, নকুলেশ্বর পাল, চক্রেশ্বর পাল কহিদাস পাল, শূলপাণি পালের অংশ ৩৮৯ ৸৶১১ পাই মোট মং ৬৫৭ ।৵১০ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১০২৩ নং তরফ গোলাম শাহাও খাঁ মালিক রমেশচরণ রায় সমুদয় মহাল বিক্রী হইবে সদর জমা ৪১৩৮৶৪

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১১০০ নং তরফ গৌরীশঙ্কর কাং মালিক ঈশানচন্দ্র কাং গএরহ মোট সদর জমা ১২৩২৶২

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক ঈশানচন্দ্র কাং রামসুন্দর সেন, রামমোহন সেন ষষ্ঠীচরণ দত্ত কৃষ্ণচন্দ্র গুপ্ত, পীতাম্বর, জগচন্দ্র শরৎচন্দ্র ও আনন্দময়ীর অংশ মং ২৭৭৵২ পাই সদর জমা বিক্রী হইবে

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১২০৮ নং তরফ ইনাৎ আইঅপ মালিক আধু খাঁ গং মোট সদরজমা ২২৭২।৶৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ৭ নং হিং এয়াছিন খাঁ, এয়ারালী খাঁ ছরফরাজ খাঁ অনোয়ার খাঁ মহাম্মদ ছামিন আমিরআলী ও হামিদুন্না অংশ মং ৩৮০॥৬ পাই সদরজমা বিক্রী হইবে

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১৫৬৯ নং তরফ কমর কুলী মালিক গোলাম গউচ গং মোট সদরজমা ১০১৫৵

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ১ নং হিং সেখ আব্দুল ফত্তার অংশ মং ২৫৩৮৶৩ পাই ও অবশিষ্ট মালিক গোলাম গউচ, গোলাম হাএদর জলফতমেছা, মাহাংমকিম, মজুমমেছা, মহমুদা এজারল হক, উমেদ আলী ছুবরাতমেছা আমিরণ, আছমমেছা মাহাছুমা বেগম, ফরিদলালম ও মহম্মদ লালমের অংশ মং ৭৬১৵৯ পাই মোট সম্পূর্ণ মহাল বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১৭৪৯ নং তরফ মহম্মদ আলী ও রুস্তম আলী মালিক কৃষ্ণচন্দ্র গুপ্ত গং মোট সদরজমা ২৪৮৩৶১

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক সেখ ফজল আলী চৌধুরির অংশ মং ২৬১২।৵৮ পাই সদর জমা বিক্রী হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৪ ফেব্রুয়ারি।]

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১৮৬৮ নং কিং মাহাম্মদ দাএম নাজর ও আজমতওল্যা খাঁ ও আমিরন্নেছা বাং তরফ ভৃগুরাম কাং মালিক মবারক আলী মোট সদরজমা ৮৪০।/৩

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক রামকান্ত, মাহাং তফি মোহন আলী ও শ্রীমতী আনন্দময়ীর পক্ষে সরবরাকার পীতাম্বর পারিয়ালের অংশ ৫০৬।৵১০ পাই সদরজমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১৮৮৯ নং তরফ মাহাং শাক নাজির মালিক বদির রেহেমান ব্রজগঙ্গা বদিয়রহেমান ভোলানাথ হাশমত আলী কাশীনাথ, মতিয়রহেমান, রঘুনাথ রহিমন্না রামজয় সমুদয় মহাল বিক্রী হইবে সদরজমা ৫৫৮।৶৩

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

২৪৩২নং কিং প্রাণকৃষ্ণ গোপীমোহন, গুরুদাস, ও হরদাস রায় বাং তং যুগলকিশোর মোট সদরজমা ৩৩৫৩৸৵৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক প্রাণকৃষ্ণ গোপীমোহন হরদাস রায়ের অংশের মং ২৭৯০৸/ আনা সদর জমা বিক্রী হইবে।—

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

২৫৫৪ নং তং রামসুন্দর কাং মালিক শ্রীমতী অন্নপূর্ণা জগতচন্দ্র সেন, তারকচন্দ্র সেন, আছান আলী খাঁ সমুদয় মহাল বিক্রী হইবে সদরজমা ৮৪৯।৵৬

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

২৫৬২ নং তরফ রামভদ্র কাং মালিক ভৈরবচন্দ্র গং মোট সদরজমা ৯১৮৸৶৭

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ১ নং হিং রামসুন্দর সেনের অংশের ৭০৶১১ পাই ১০ নং হিং পীতাম্বর কাং গৌরচন্দ্র রায় প্রাণহরি লালা প্রসন্নচন্দ্র হরিহর তং অংশের ৭৮৲৯ পাই ১২নং হিং ঈশানচন্দ্র কাং প্রেমচাঁদ দে চৈতন্যচরণ প্রাণহরি লালা বাং হিং ঈশানচন্দ্রের ১৬৩৸০ আনা ও ৩৫ নং হিং রামধন বণিকের অংশের ২১।৶১০ পাই ও অবশিষ্ট মালিক ভৈরবচরণ, চণ্ডীচরণ, কালীচরণ মহরওল্লা মুনশী, রাজচন্দ্র, রামদাস, প্রাণহরি লালা ত্রিপুরাচরণ, অন্নদাচরণ নিত্যানন্দ, আবদুল্লা, ভজির আলী প্রকাশ পোতম দেবীচরণ প্রং দেবু মহাজন অখিলচন্দ্র চৌং হরিনাথ বনিজান বিবি, রামকিঙ্কর অখিলচন্দ্র সেন, ঈশানচন্দ্র চৌং শ্রীমতী শ্যামাসুন্দরী গুরুদাস রায়, রামদাস পোদ্দার বৈষ্ণবচরণ মহেশ, পার্ব্বতীচরণ তং ভবানী দাস বিদ্যালঙ্কার, রাজচন্দ্র সেন স্বয়ং বংশী মোহন সেন নাবালগের পক্ষে হিতৈষী অংশের ১৪৫।/৯ পাই সদরজমা মোট মং ৪২৭৲৫ পাই সদরজমা বিক্রী হইবে।—

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৩০৩৯ নং তরফ শ্যামরাজা মালিক ধনঞ্জয় রাজা গং মোট সদরজমা ৬৭৩৸৶৩

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক ধনঞ্জয় রাজা গোকুলচন্দ্র মাহাংরফি মুরারিচন্দ্র শর্ম্মা রামকেশব রামদুলাল শর্ম্মা রামকান্ত রামমোহন রামচরণ শর্ম্মা সর্ব্বচন্দ্র চক্রবর্ত্তী সদারাম আমজদ আলী, এরার আলী জান আলী আবদুল কাদের যাদুরাম শর্ম্মা রামসুন্দর শর্ম্মা কৈলাশচন্দ্র রামকিঙ্কর শর্ম্মার অংশ মং ২২৩।৩ পাই সদরজমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৩১১৩ নং তরফ শেরমত খাঁ চৌং মালিক আগবর আলী চৌং গং মোট সদরজমা ৫২৭।৶৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক আগবর আলী ভুঞা দেওয়ান বিবি, জিন্নত আলী খাঁ ও রামসুন্দর সেনের অংশ ৩৬১৸৬ পাই সদর জমা বিক্রী হইবে।

(মচ্ছা লেহা)

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৩৯৩৫ নং তরফ রাধামাধব মালিক বালক দাস গং মোট সদরজমা ১৮১০৲৪

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ১ নং হিং শ্রীমতী প্রাণকিশোরির অংশের ১৪১৲১০ পাই ও ২ নং হিং শ্রীমতী প্রাণকিশোরির অংশের মং ৯৮৲১ পাই ও ৩ নং হিং রামসুন্দর সেনের অংশের মং ৪১৮॥৬ পাই ও ৪ নং হিং শ্রীমতী রাসেশ্বরী দেব্যার অংশের ৩৮৵৩ পাই মোট মং ১০৪০॥৶৮ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

১৩৪০৭ নং তালুক গৌরীশঙ্কর, বৈদ্যনাথ কাং মালিক ললিতা ঠাকুরাণী, নয়নতারা চৌং মোট সদর জমা ৭০১।৩

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিক ললিতা ঠাং অংশ মং ১৫০॥৵১০৲১০ সদর জমা বিক্রী হইবে

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৩৩৫৩৪ নং তালুক ঠাণ্ডাবিবি মালিক খোদ সমুদয় মহাল বিক্রী হইবে সদর জমা ৮৯৮৸০

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

৩৩৮৭২ নং কিং প্রাণকৃষ্ণ রায় বাং তং যুগলকিশোর মালিক অন্নদাচরণ, ত্রিপুরাচরণ রায় সমুদয় মহাল বিক্রী হইবে সদর জমা ১৬১৩॥৵৫

C. W. BOLTON.
Covd. Dy. Collector, in charge.

[*Government Gazette, 4th February* 1879.]

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৮ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে প্রাপ্যবাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৯ সালের ২৪ ফেব্রুয়ারি মোং ১২৮৫ সনের ১৩ ফালগুন সোমবার তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৯ ইং তারিখ ৪ জানুয়ারি।

তৌজির নম্বর	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকীর পরিমাণ	মন্তব্য।
৮৪৩৪ নং	সকারি বাজে স্তী চর বক্তবলী	শ্রীমতী প্রসন্নকুমারী দেব্যা ও প্রাণনাথ পাঁড়ে সেবাইত লক্ষ্মী নারায়ণ ঠাকুর	৫৮৪৲	১৮৭৮ সনের লাং কিঃ আগষ্ট ২৭৮৲	এই সকল মহাল সরকারে বাজেয়াপ্ত হইয়া মালিকদিগের সহিত বন্দোবস্ত হইয়াছে, এক্ষণ তাহাদের মালিকী ও বন্দোবস্তী স্বত্ব নীলাম হইবে।
৮৬৭২ নং	সরকারী বাজেয়াপ্তী চর উলাইল	গগনচন্দ্র দত্ত	১০৯২৲	লাং কিং ঐ ৫৪৯৲	
৯০৮৪	চর জালনাকামত্তার মধ্য গত কিং হরগঞ্জ ...	ভারতচন্দ্র, হরিশ্চন্দ্র, নীলমাধব প্রসন্নকুমার রায় চৌধুরী ও দ্রৌপদী, কুব্জাসুন্দরী চৌধুরাণী ও নন্দলাল শাহা রায় চৌধুরী	১৩৩৬।৹ রাস্তাবন্দী-১৩।৵	লাং কীস্তি ঐ ১৭৭৬৶১০	
৯৪২২ নং	বাজেয়াপ্তী কিং চর বাবুটিয়া ...	বল্লভীকান্ত ভট্টাচার্য্য ..	১৩৮৮৲	লাং ঐ কিস্তি ৭৫৬৲	
৯৬৭৫ নং	পং উত্তর শাহাপুর চর দিঘলদী	শ্রীমতী কমলকামিনী সোনামণী আনন্দময়ী, চন্দ্রকলা রাজমণী, দয়াময়ী চৌধুরাণী, ও জয়তারা দাস্যা। চন্দ্রনাথ ও কালিদাস মুখোপাধ্যায় ও মেঃ এম ডেবিড, সাহেব	১১২৯৲	লাং ঐ কিস্তি ৪৮৫৲	
৯৭০২ নং	পং বরাখাত চর দেলওয়ারপুর ...	মুনশীগোলাম মওলা মৌলবি রেজা রব্বানী খোদ ওমতউলী ইষ্টেটে আছমতন্নেছা বিবি দেওয়ান ইমদাদআলী শ্রীমতী করিমন্নেছা বিবি ওরফে নাম্নী বিবি ও দেওয়ান আজিমদাদ খাঁ ...	৪১৯৬৲	লাং ঐ কিস্তি ১৭৫২৲	
১০৪৯৯ নং	পং সুলতান প্রতাপ তং খলসীর অন্তর্গত মৌজে মহদ্দীনগরের থাকের অতিরিক্ত ভূমি	রাজা শ্যামাশঙ্কর রায় বাহাদুর ও পার্ব্বতীশঙ্কর চৌধুরী ...	১১০০৲	লাং ঐ কিস্তি ৪০০৲	

D. R. LYALL, *Collector.*

নিলামের বিজ্ঞাপন।

জিলা নদীয়া মহকুমা রাণাঘাট।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা রাজশাহীর কোর্ট অব ওয়ার্ডের অধীন পুঁটীয়ার ৶০ আনা স্টেটের মেনেজারের কৃত কার্য্যের নিকাশ আমলের তহবিল তছরুপাতি টাকা আদায় কারণ নিম্নলিখিত ক্রোকী সম্পত্তি ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে জিলা নদীয়ার মহকুমা রাণাঘাটের শ্রীযুত ডিপুটী কালেক্টর রায় বাহাদুরের কাছারীতে ১৮৭৯ সালের ২৮ ফেব্রুয়ারি মোং ১২৮৫ সালের ১৭ ফাল্গুন শুক্রবার তারিখে প্রকাশ্য নিলামে নিয়বশেষে বিক্রয় হইবে ইতি সন ১৮৭৯। ২৭ জানুয়ারি।

শ্রেণীর নম্বর।	তৌজির নম্বর	মাহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১	জেলা নদীয়ার কালেক্টরির ৩৩৭ নম্বর।	পং মামজোয়ানি।	বাবু অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায় দিগর।	২৬২৯৭।৶৬ পুলিস ... ২৪৫৵৫ ২৬৫৪২।৶১১	১০৮১২৸৩॥ ও খরচা	৩৩৭ নম্বর তৌজিভুক্ত ষ্টেটের দাইক অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায়ের অংশ ৵৩॥৭।০ দন্তী রকম বিক্রয় হইবেক।

রাণাঘাট, ২৭ জানুয়ারি ১৮৭৯ সাল।

CHANDRASEKHUR BANARJY,
Dy. Collector.

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs. 24 ; packing and postage, Rs. 1-12.*

***The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8, Hastings Street, Calcutta.

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1ST JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage ...	...	...	...	Rs.	10	0	0
Ditto, with postage ...	...	...	...	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খাস ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette, 4th February* 1879.]

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid,

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all work done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst. Secy. to the Govt. of Bengal.

The 19th February 1878.

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌন্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌন্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর, ✓০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা এক২ বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা ,, ,, ...	১০৲
কখন২ ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে এক২ পঁক্তি	।০

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৪ ফেব্রুয়ারি।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 2063 ২০৬৩ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 11, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১১ ফেব্রুয়ারি।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—PUBLIC.

Fort William, the 30th January 1879.

No. 208.—The following addition is made to Rule XII of the Rules for the transmission of memorials to Her Majesty's Government, published in Home Department Notification No. 707, dated the 29th March 1878 :—

8. When a memorial is an appeal against an order of the Government of India confirming a decision of a Local Government regarding the dismissal, removal or reduction of a Government servant whose salary was not more than Rs. 250 a month.

ESTABLISHMENTS.

The 29th January 1879.

No. 71.—The services of Mr. C. E. Buckland, Officiating Under-Secretary to the Government of India in the Home Department, are placed at the disposal of the Foreign Department.

No 74.—Mr. H. H. Risley, Under-Secretary to the Government of Bengal, is appointed to officiate as Under-Secretary to the Government of India in the Home Department, until the return from leave of Mr. F. C. Daukes, or further orders.

The 31st January 1879.

No. 84.—General the Honorable Sir E. B. Johnson, K.C.B., an Ordinary Member of the Council of the Governor General of India, reported his return to India on the 29th instant from the leave of absence on medical certificate granted to him on the 29th July 1878.

General the Honorable Sir E. B. Johnson resumed charge of his duties on the same date.

MEDICAL.

The 31st January 1879.

No. 93.—The services of Third Grade Assistant Surgeon Ram Moy Roy, who was temporarily lent to the Madras Government for famine duty, are re-placed at the disposal of the Government of Bengal.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—ACCOUNTS AND FINANCE.

Fort William, the 31st January 1879.

No. 521.—The Governor-General in Council directs the publication of the following Addenda to the Civil Pension Code :—

CIVIL PENSION CODE.

Section 50 (page 25).

Insert the following as Rule 1A under this Section :—

1*A*. Reasonable notice should be given to an officer in permanent employ before his services are dispensed with on the abolition of his office. If, in any case, such notice is not given at least three months before dispensing with the officer's services, and he shall not have been provided with some other employment, then, with the sanction of the Local Government, a gratuity not exceeding his emoluments (as defined in Section 69 (*a*), for the period by which the notice actually given to him falls short of three months, may be paid to him, in addition to the pension or gratuity to which he may be entitled under Section 59. But the

হোম ডিপার্টমেণ্ট ।

বিজ্ঞাপন ।—পবলিক ।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ৩০ জানুয়ারি ।

২০৮ নম্বর ।—শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টে প্রার্থনাপত্র প্রেরণ বিষয়ক যে বিধি হোম ডিপার্টমেণ্টের ১৮৭৮ সালের ২৯ মার্চের ৭০১নং বিজ্ঞাপনে প্রকাশ করা গিয়াছে তাহার ১২ ধারায় নিম্নলিখিত কথা সংযোগ করা গেল ।

৮। প্রার্থনাপত্র মাসিক ২১০ টাকার অনধিক বেতনের গবর্ণমেণ্টের কর্ম্মচারিকে পদচ্যুত কি অপসৃত করণ কিম্বা উক্ত বেতনের পদ কম করণ বিষয়ক স্থানীয় গবর্ণমেণ্টের নিষ্পত্তি স্থির রাখন বিষয়ক ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞার বিরুদ্ধে আপীল হইলে ।

সিরিশতা বিষয়ক ।

১৮৭৯ সাল ২৯ জানুয়ারি ।

৭১ নম্বর ।—হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত সি, ই, বকলাণ্ড সাহেব ফরিন্ ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন ।

৭৪ নম্বর ।—শ্রীযুত এফ, সি, ডরুন সাহেব যাবৎ ছুটী হইতে প্রত্যাগমন না করেন অথবা অন্য আজ্ঞা না হয় বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত এচ, এচ, রিসলী সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন ।

১৮৭৯ সাল ৩১ জানুয়ারি ।

৮৪ নম্বর ।—ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার নিয়মিত সভ্য জেনরল মান্যবর শ্রীযুত সর, ই, বি, জানসন সাহেব, কে, সি, বি, চিকিৎসকের সর্টিফিকট ক্রমে ১৮৭৮ সালের ২৯ জুলাইয়ে যে ছুটী পান তাহা হইতে এই মাসের ২৯ তারিখে ভারতবর্ষের প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করেন ।

জেনরল মান্যবর শ্রীযুত সর, ই, বি, জানসন সাহেব উক্ত তারিখেই আপন কর্ম্মের ভার পুনঃগ্রহণ করিলেন ।

চিকিৎসা বিষয়ক ।

১৮৭৯ সাল ৩১ জানুয়ারি ।

৯৩ নম্বর ।—দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যের নিমিত্তে কিয়ৎকালের জন্যে মান্দ্রাজ গবর্ণমেণ্টে দত্ত তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট সর্জ্জন শ্রীযুত রামময় রায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন ।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

ফিনানশ্যাল ডিপার্টমেণ্ট ।

হিসাব ও রাজস্ব বিষয়ক বিজ্ঞাপন ।

ফোর্ট উইলিয়ম, ১৮৭৯ সাল ৩১ জানুয়ারি ।

৫২১ নম্বর । মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধি পুস্তকে সংযুক্ত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন ।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধি পুস্তকের
(২৫ পৃষ্ঠার) ৫০ ধারা ।

এই ধারার নিম্নভাগে ১ A ধারা বলিয়া নিম্নলিখিত ধারা দিতে হইবে ।

১ A । স্থায়ি কর্ম্মে নিযুক্ত কোন কর্ম্মচারির পদ উঠিয়া যাওয়াতে তাঁহার কর্ম্ম যাইবার পূর্ব্বে তাঁহাকে যুক্তি সঙ্গত নোটিস দিতে হইবে। কোন স্থলে উক্ত কর্ম্মচারির কর্ম্ম যাইবার অন্যূন তিন মাস পূর্ব্বে যদি তাঁহাকে উক্তরূপ নোটিস দেওয়া না যায় কিম্বা তাঁহাকে অন্য কোন কর্ম্ম দেওয়া না যায় তবে ৫৯ ধারামতে তিনি যে পেনশ্যন বা পারিতোষিক পাইবার স্বত্ববান হন তদতিরিক্ত তিন মাসের যতদিন কম থাকিতে নোটিস দেওয়া গেল স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে (৬৯ (A)) ধারার নির্দ্দিষ্ট) তাঁহার তত দিনের বেতনের অনধিক পারিতোষিক তাঁহাকে দেওয়া যাইতে পারিবে ; কিন্তু উক্ত পারিতোষিক দেওয়া

responsible officer will be required to explain any neglect on his part which may give rise to expenditure for such a gratuity.

Section 82 (*page* 47).

Insert the following as Rule 2 :—

2. When the services of an officer are dispensed with on the abolition of his office, before the necessary enquiries preliminary to the settlement of the pension or gratuity to which he is entitled can be completed, the Accountant-General may sanction the immediate disbursement of the pension to which, after the most careful summary investigation that he can make without delay, he believes the officer likely to be entitled.

If the Accountant-General thinks it likely that the officer would be found entitled to a gratuity only, one-sixth of the amount of such probable gratuity may be disbursed to him monthly until the amount is finally settled.

The settlement of such provisional payments should be made so as to admit of their disbursement not later than one month after the officer has ceased to hold the abolished post.

If, upon the completion of the regular investigation, it be found that the pension or gratuity thus summarily assigned, differs from the pension or gratuity finally settled, the difference must be adjusted in the first subsequent payments. Provided that, if a gratuity summarily assigned under this Rule, proves to be larger than the amount found actually due upon completion of the enquiries, the officer shall not be required to refund any excess actually paid to him, except as provided in Chapter XX. To enable the Accountant-General to exercise the jurisdiction thus entrusted to him, the head of the office from which the officer is removed should furnish to the Accountant-General, as early as possible, immediately that it becomes known to him that the officer must retire, and without waiting for his actual retirement, the fullest information that can be obtained regarding the officer's service, without correspondence which must cause delay. This information is to be furnished in anticipation of the regular investigation required by Section 74, which, also, should on no account be delayed.

All officers should bear in mind that delay in the payment of pensions or gratuities may involve peculiar hardship, and everything should be done to prevent or shorten to the utmost such delays.

R. B. CHAPMAN,
Secretary to the Government of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS —ESTABLISHMENT.

Fort William, the 29th January 1879.

No. 56.—Mr. A. B. Sampson, B.A., Under-Secretary to the Government of India in the Public Works Department, is granted privilege leave for two months and eleven days, with effect from the 7th February 1879, or such subsequent date as he may avail himself of it.

Mr. J. S. Thorpe, Assistant Secretary to the Government of India in the Public Works Department, is appointed to officiate as Under-Secretary during the absence of Mr. Sampson on privilege leave, or until further orders.

Mr. C. Taylor, Assistant Engineer, 2nd Grade, Bengal Irrigation Branch, is appointed to officiate as Assistant Secretary to the Government of India in the Public Works Department.

A. FRASER, *Col.*, R.E.,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 11*th February* 1879.]

হেতু যে খরচ হয় তাহা দায়ী কর্ত্তৃপক্ষের শৈথিল্য প্রযুক্ত হইয়াছে কিনা ইহা জানাইবার নিমিত্ত তৎপ্রতি আদেশ হইবে।

(৪৭ পৃষ্ঠার) ৮১ ধারা।

২ প্রকরণ বলিয়া নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে।

২। কোন কর্ম্মচারির পদ উঠিয়া যাওয়াতে তাঁহার কর্ম্ম গেলে, তিনি কত পেনশ্যান বা পারিতোষিক পাইবার স্বত্ববান ইহা স্থির করণের প্রথমস্থলীয় আবশ্যকজনক অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে আকৌণ্টাণ্ট জেনরল সাহেব উক্ত কর্ম্মচারির কত পেনশ্যান পাওয়া সম্ভব সতর্কতাপূর্ব্বক অবিলম্বে ইহার যে স্থূল অনুসন্ধান করিতে পারেন তাহা করিয়া তাঁহাকে পেনশ্যানের টাকা দিবার অনুমতি দিতে পারিবেন।

আকৌণ্টাণ্ট জেনরল সাহেব যদি এমত বোধ করেন যে, উক্ত কর্ম্মচারী কেবল পারিতোষিক পাইবার স্বত্ববান হইবেন, তাহা হইলে কত টাকা পাইবেন ইহা চূড়ান্তরূপে স্থিরীকৃত না হওন পর্য্যন্ত সম্ভাবিত পারিতোষিকের টাকার ছয় ভাগ করিয়া তাহার এক ২ ভাগ তাঁহাকে মাসে ২ দিতে পারিবেন।

উঠিয়া যাওয়া পদের উক্ত কর্ম্মচারির কর্ম্ম হইতে নিবৃত্ত হওনের পর এক মাসের মধ্যে যেন টাকা পাইতে পারেন এমত ভাবে উক্ত সাময়িক দান স্থির করিতে হইবে।

নিয়মিত অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইলেপর যদি দেখা যায় যে স্থূলরূপে যে পেনশ্যান বা পারিতোষিক নিরূপণ করা গেল তাহা চূড়ান্তরূপে সিদ্ধান্ত করা পেনশ্যান বা পারিতোষিক হইতে বিভিন্ন হইয়াছে তাহা হইলে ইতঃ পর প্রথম টাকা দিবার সময়ে সেই বিভিন্নতা মিটাইয়া লইতে হইবে। পরন্তু এই প্রকরণমতে স্থূলরূপে যে পারিতোষিক নিরূপণ করা গেল অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইলে পর তাহা প্রকৃত দেনা অপেক্ষা যদি অধিক প্রমাণ হয়, তবে উক্ত কর্ম্মচারিকে বাস্তবিক অধিক যত দেওয়া গিয়াছে বিংশ অধ্যায়ের বিধানের স্থল ভিন্ন তাহা তাঁহার ফিরিয়া দিতে হইবে না। আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের প্রতি যে কার্য্য ভার অর্পিত হইয়াছে তদনুসারে তাঁহার কার্য্য করিতে পারিবার নিমিত্ত কর্ম্মচারী যে কার্য্যালয় হইতে অবসৃত হইবেন সেই কার্য্যালয়ের কর্ত্তৃপক্ষ উক্ত কর্ম্মচারী অবসর হইবেন ইহা জানিতে পাইবামাত্র অবসর গ্রহনের অপেক্ষা না করিয়া অবিলম্বে তাহা জানাইবেন। সেই কর্ম্মচারির কর্ম্মের বিষয়ে সম্পূর্ণ যে সন্ধান পাওয়া যাইতে পারে পত্রাদিতে লিখিতে গেলে বিলম্ব হইবে বলিয়া অবিলম্বে তাঁহাকে তাহা জ্ঞাত করিবেন। ৭৪ ধারাক্রমে যে নিয়মিত সন্ধান দিবার আদেশ আছে তৎপূর্ব্বে এই সন্ধান দিতে হইবে, এই সন্ধান দিতেও যেন কোন ক্রমে বিলম্ব না হয়।

সকল কর্ত্তৃপক্ষেরা এই কথা স্মরণ রাখিবেন যে, পেনশ্যান বা পারিতোষিক পাইবার বিলম্ব হইলে বিশেষ কষ্ট হইয়া থাকে, অতএব বিলম্ব যাহাতে নিবারণ বা লাঘব হয় তাহাই সর্ব্বতোভাবে করিতে হইবে।

আর, বি, চাপম্যন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ২৯ জানুয়ারি।

৫৯ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত এ, বি, সামসন সাহেব, বি, এ, ১৮৭৯ সালের ৭ ফেব্রুয়ারি অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি দুই মাস এগার দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

শ্রীযুত সামসন সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরী শ্রীযুত জে, এস, থম সাহেব ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বঙ্গদেশের জলসেচন শাখার দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, টেলর সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আলেকজাণ্ডার ফ্রেসর, কর্ণেল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 11, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১১ ফেব্রুয়ারি।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 731A.

GENERAL.—*The 29th January* 1879.—Baboo Bogola Prosono Mozoomdar, Special Sub-Registrar of Noakholly, is appointed to act until further orders as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Tipperah.

Baboo Ram Narain Banerjee, temporary Sub-Deputy Collector, First Grade, Bhagulpore, on deputation, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Dinagepore.

Mr. C. C. Quinn, Officiating Magistrate and Collector, Durbhunga, is allowed furlough for a period of seven months from the 14th April 1879, or subsequent date, under Section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for twenty-one days, under Section 24(*a*) of the Code.

Baboo Shyamadhub Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is allowed leave for fourteen days, under Section 12 -2, Supplement F to the Civil Leave Code, in extension of that granted him under orders dated the 9th instant.

The services of Mr. H. H Risley, Under-Secretary to the Government of Bengal, Revenue and General Departments, are placed temporarily at the disposal of the Government of India in the Home Department.

Mr. C. W. Bolton, Officiating Joint-Magistrate and Deputy Collector, Chittagong, is appointed to act as Under-Secretary to the Government of Bengal, Revenue and General Departments, during the absence, on deputation, of Mr. H. H. Risley, or until further orders.

Baboo Radha Shyam Sing, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code with effect from such date as he may be relieved

Baboo Okhoy Coomar Sen, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, on leave, is transferred temporarily to the Sudder Station of the Dacca district.

The 30th January 1879 —Major T. H Lewin, Deputy Commissioner, Darjeeling, is allowed subsidiary leave for one month, under Section 24—2 of the Civil Leave Code, with effect from the 24th proximo

Mr. H. Savage, Assistant Magistrate and Collector, Raneegunge, Burdwan, is transferred to the Sudder Station of the Chittagong district.

Mr. C. S. Bayley, Assistant Magistrate and Collector, Jessore, is transferred to Burdwan, and is appointed to have charge of the Raneegunge Division of that district.

Mr. H. F. J. Kean, Officiating Magistrate and Collector of Chumparun, is appointed to be Magistrate and Collector of Monghyr.

Mr. A. Weekes, Magistrate and Collector of the Third Grade, is appointed to officiate as Magistrate and Collector of Chumparun, during the absence, on deputation, of Mr. J. F. K. Hewitt, or until further orders.

The 31st January 1879 —Moulvi Abdool Luteef, Khan Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, Soaldah, 24-Pergunnahs, having returned to duty on the forenoon of the 30th ultimo, the unexpired portion of the privilege leave granted him under orders dated the 15th October 1878, is cancelled.

The 1st February 1879 —Mr. W. H. Page, Officiating Joint-Magistrate and Deputy Collector, Sarun, is allowed leave for two months and eleven days, under the rules in Chapter VII of the Civil Leave Code.

The following gentlemen are appointed to be members of the Committee of Management for the Zoological Gardens at Alipore —

Rajah Rajendro Mullick, Bahadoor. | Nawab Amir Ali.

The 3rd February 1879 —Mr. D. B. Allen, Assistant Magistrate and Collector, Jehanabad, Gya, who reported his return from furlough on the 10th ultimo, is allowed subsidiary leave from that date to the 21st idem, inclusive, to enable him to join his appointment.

[*Government Gazette, 11th February* 1879.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৭১ A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ২৯ জানুয়ারি।—নওয়াখালীর বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু বগলাপ্রসন্ন মুখোপাধ্যায়, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া ত্রিপুরায় অবস্থাপিত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে প্রেরিত ভাগলপুরের প্রথম শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রামনারায়ণ বন্দ্যোপাধ্যায় যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া দিনাজপুরে অবস্থাপিত হইলেন।

দ্বারভঙ্গার একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, সি, কুইন সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে ১৮৭৯ সালের ১৪ আপ্রিল অবধি অথবা তাহার পর কোন তারিখ অবধি সাত মাসের নিয়মিত ছুটী পাইলেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (a) ধারামতে একুশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাধব রায় এই মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২—২ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইলেন।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত এচ, এচ, রিসলী সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ, এচ, রিসলী সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় চট্টগ্রামের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ডবলিউ, বোলটন সাহেব রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাশ্যামসিংহ কর্ম্ম হইতে যে তারিখে অব্যাহতি পান তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্ষয়কুমার সেন কিয়ৎকালের নিমিত্তে ঢাকা জিলার সদর মোকামে প্রেরিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

১৮৭৯ সাল ৩০ জানুয়ারি।—দার্জিলিঙ্গের ডেপুটী কমিশ্যনর মেজর শ্রীযুত টি, এচ, লুইন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২৪-২ ধারামতে আগামি মাসের ২৪ তারিখ অবধি এক মাসের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ. সাবেজ সাহেব চট্টগ্রাম জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

যশোহরের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, এস, বেলী সাহেব বর্দ্ধমানে প্রেরিত হইয়া উক্ত জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কর্ম্মের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

চাম্পারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ, এক, জে, কীন সাহেব মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জে, এক. কে, হিউইট সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এ, উইক্‌স সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৩১ জানুয়ারি।—২৪ পরগণার অন্তর্গত শিয়ালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আব্দুল লতীফ খাঁ বাহাদুর গত মাসের ৩০ তারিখে কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৭৮ সালের ১৫ অকটোবরের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অনতিবাহিত অংশ রহিত করা গেল।

১৮৭৯ সাল ১ ফেব্রুয়ারি।—সারনের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ এচ, গোল্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস এগার দিনের ছুটী পাইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা আলিপুরস্থ পশুপক্ষ্যাদি প্রদর্শনার্থ উদ্যানের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত রাজা রাজেন্দ্র মল্লিক বাহাদুর। । শ্রীযুত নবাব আমির আলি।

১৮৭৯ সাল ৩ ফেব্রুয়ারি।—গয়ার অন্তর্গত জাহানাবাদের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডি, বি, আলেন সাহেব নিয়মিত ছুটী হইতে গত মাসের ১০ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে আপন কর্ম্মগ্রহণ করিতে পারিবার নিমিত্ত উক্ত তারিখ অবধি ঐ মাসের ২১ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১১ ফেব্রুয়ারি।]

Moulvi Abdul Ghuffoor, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is transferred to Beerbhoom.

Baboo Dwarkanath Sen, Deputy Magistrate and Deputy Collector, Beerbhoom, is transferred to Chittagong.

Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector, Darjeeling, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871.

Moulvi Mohamed Serajul Huq, Sub-Deputy Collector, employed on settlement duty, Sonthal Pergunnahs, is allowed leave for two months, under Sections 3 and 15, Supplement F to the Civil Leave Code, in extension of that granted him under orders dated the 17th December 1878.

Baboo Gopal Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the day on which he may avail himself of it, within one month from the date of these orders.

The 4th February 1879.—Mr. H. Cox, Assistant Magistrate and Collector, Mozufferpore, is appointed to have temporary charge of the Buxar division of the Shahabad district.

Mr. C. B. Garrett, Joint-Magistrate and Deputy Collector, First Grade, is allowed furlough to Europe for a period of two years, under Section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for thirty days, under Section 24(*a*) of the Code, with effect from the 16th ultimo.

Mr. F. W. Badcock, Assistant Magistrate and Collector, 24-Pergunnahs, having reported his return from furlough, is allowed subsidiary leave from the 31st December 1878 to the 18th January 1879.

The services of Baboo Kally Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, are placed at the disposal of the Board of Revenue for employment as Manager of the Narail estate in Jessore.

Mr. S. Jacob, Assistant Magistrate and Collector, Rajshahye, is transferred to Rungpore.

Baboo Nobo Kumar Bose is appointed temporarily to act as a Deputy Collector for employment on settlement work in Midnapore, till relieved by Baboo Gossain Das Dutt.

Baboo Gossain Das Dutt, Officiating Deputy Magistrate and Deputy Collector, Bogra, is transferred to Midnapore, for employment on settlement work in that district, during the absence, on leave, of Baboo Koilash Chunder Chatterjee, or until further orders.

Baboo Dwarkanath Roy, Deputy Magistrate and Deputy Collector, Pubna, is transferred to Bogra.

Mr. W. H. Gordon, Officiating Assistant and Joint Sessions Judge, Darjeeling and Julpigoree, is appointed to act as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade in Dinagepore.

Mr. R. M. Towers is appointed to be Judge of the principal Courts of Small Causes in Nuddea and Jessore and Judge of the Courts of Small Causes at Kishnaghur, Ranaghat, and Meherpore, but to continue to act, until further orders, as Judicial Commissioner of Chota Nagpore.

Mr. R. F. Rampini, Assistant and Joint Sessions Judge, Darjeeling and Julpigoree, on leave, is appointed to be Additional District and Sessions Judge of Chittagong, *vice* Mr. R. M. Towers.

Subject to the sanction of the Government of India, Baboo Hurry Mohun Chundra, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is appointed to be Second Personal Assistant to the Commissioner of the Rajshahye and Cooch Behar Division.

This supersedes the orders of the 20th ultimo, appointing Mr. C. N. Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Chooadanga, Nuddea, to be Second Personal Assistant to the Commissioner of the Rajshahye and Cooch Behar Division.

The services of Mr. Alexander Porteous, who has recently been appointed to be a member of the Bengal Civil Service, are placed at the disposal of the Government of India in the Home Department.

[*Government Gazette*, 11*th February* 1879.]

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আবদুল গফুর বীরভূমে প্রেরিত হইলেন।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন চট্টগ্রামে প্রেরিত হইলেন।

দার্জ্জিলিঙ্গের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এ, ক্রাবেন সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন।

সাঁওতাল পরগনার বন্দোবস্তীকার্য্যে নিযুক্ত সব-ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী শেরাজুলহক্ ১৮৭৮ সালের ১৭ ডিসেম্বরের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ও ১৫ ধারামতে দুই মাসের ছুটী পাইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র সেন এই আজ্ঞার তারিখ অবধি এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারদের ছুটী বিষয়ক বিধি-পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ ফেব্রুয়ারি।—মজঃফরপুরের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ, কক্স সাহেব কিয়ৎকালের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত বক্সার মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, বি, গারেট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে ইউরোপ গমনের দুই বৎসরের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (এ) ধারামতে গত মাসের ১৬ তারিখ অবধি ত্রিশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

২৪ পরগনার আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এফ, ডবলিউ, ব্যাডকক সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বর অবধি ১৮৭৯ সালের ১৮ জানুয়ারি পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ যশোহরের অন্তর্গত নড়াইলের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষের পদে নিযুক্ত হওনার্থে রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

রাজশাহীর আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এস, জেকব সাহেব রঙ্গপুরে প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু নবকুমার বসু শ্রীযুত বাবু গোঁসাইদাস দত্তের প্রতি কর্ম্মের ভারার্পণ নাকরণ পর্য্যন্ত মেদিনীপুরের বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত হওনার্থে কিয়ৎকালের জন্যে ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বগুড়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোঁসাইদাস দত্ত মেদিনীপুর জেলার বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত হওনার্থে তথায় প্রেরিত হইলেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় বগুড়ায় প্রেরিত হইলেন।

দার্জ্জিলিঙ্গ ও জলপাইগুড়ির একটিং আসিস্টান্ট ও জাইন্ট সেশন জজ শ্রীযুত ডবলিউ. এচ, গর্ডন সাহেব দিনাজপুরে প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত আর, এম, টৌয়ার্স সাহেব নদীয়ার ও যশোহরের প্রধান ছোট আদালতের জজের এবং কৃষ্ণনগর ও রাণাঘাট ও মেহেরপুরের ছোট আদালতের জজের পদে নিযুক্ত হইলেন। কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয় ছোটনাগপুরের জুডিশাল কমিশ্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর, এম, টৌয়ার্স সাহেবের পরিবর্ত্তে ছুটী প্রাপ্ত দার্জ্জিলিঙ্গ ও জলপাইগুড়ির আসিস্টান্ট ও জাইন্ট সেশন জজ শ্রীযুত আর, এফ, রাম্পিনি সাহেব চট্টগ্রামের আডিশ্যনল ডিষ্ট্রিক্ট ও সেশন জজের পদে নিযুক্ত হইলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিমোহন চন্দ্র ভারতবর্ষীয় গবর্ণমেন্টের অনুমোদনের অপেক্ষায় রাজশাহী ও কুচবিহার খণ্ডের কমিশনর সাহেবের দ্বিতীয় স্বকীয় আসিস্টান্টের পদে নিযুক্ত হইলেন।

নদীয়ার অন্তর্গত চুয়াডাঙ্গার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, বন্দোপাধ্যায়ের রাজশাহী ও কুচবিহার খণ্ডের কমিশ্যনর সাহেবের দ্বিতীয় স্বকীয় আসিস্টান্টের পদে নিয়োগ বিষয়ক গত মাসের ২০ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে সম্প্রতি নিযুক্ত শ্রীযুত আলেকজাণ্ডর পোর্টিয়স সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১১ ফেব্রুয়ারি।]

POLICE.—*The 29th January* 1879.—Mr. H. Schurr, Officiating Assistant Superintendent, Police, Burdwan, is allowed leave for one month and nine days, under Section 12—2, Supplement F to the Civil Leave Code, with effect from the 10th instant, or any date on which he may avail himself of it.

EDUCATION.—*The 29th January* 1879.—Mr. A. W. Garrett, Inspector of Schools, Presidency Circle, is allowed furlough to Europe for a period of 15 months from the 1st proximo, or any subsequent date, under Section 12, Chapter IV of the Civil Leave Code.

The 31st January 1879.—Mr. J. Willson, of the Bengal Educational Service, having reported his return from furlough on the 16th November last, the unexpired portion of the leave granted to him under orders of the 20th September 1878, is cancelled.

The 1st February 1879.—Mr. C. M. W. Brett, Assistant Magistrate and Collector, is appointed to be Secretary to the District School Committee, Hazareebagh, *vice* Mr. S. S. Jones.

The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Bethune School:—

Baboo Durga Mohun Dass.

,, Anund Mohun Ghose, Barrister-at-Law.

The Inspector of Schools, Presidency Circle.

The 3rd February 1879.—Baboo Nilmani Das, Moonsif of Maldah, is appointed to be a member of the District School Committee of Maldah, *vice* Baboo Wooma Churn Dutt transferred.

The following appointments are made in the Bengal Subordinate Educational Service:—

Baboo Bishun Chundra Mookerjea, Head-Master, Hooghly Normal School, is appointed to be Deputy Inspector of Schools, Burdwan.

Baboo Kailas Chundra Sen, Head-Master, Dacca Normal School, is appointed to be Deputy Inspector of Schools, Dacca.

Baboo Jagat Bundhu Laha, M.A., Head-Master, Burrisaul Zillah School, is appointed to be Head-Master, Dacca Normal School.

Baboo Hara Prosad Banerjea, Head-Master, Comillah Zillah School, is appointed to be Head-Master, Burrisaul Zillah School.

Baboo Ramgati Nyaratna, Assistant Professor of Sanskrit, Berhampore College, is appointed to be Head-Master, Hooghly Normal School.

Baboo Madhab Chandra Gasvami, Deputy Inspector of Schools, Howrah, is appointed to be Assistant Professor of Sanskrit, Berhampore College.

MEDICAL.—*The 20th January* 1879.—Baboo Gynendra Kumar Roy Chowdhry is appointed to be Secretary to the Committee for the Management of the Takee Charitable Dispensary, *vice* Baboo Jadub Chunder Gossami, resigned.

The 30th January 1879.—Assistant Surgeon Soorjee Narain Singh, Teacher of Materia Medica and Medical Jurisprudence, Dacca Medical School, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code.

The 31st January 1879.—Assistant Surgeon Amrita Lal Das, doing duty in the Medical College Hospital, is appointed temporarily to the medical charge of the Northern Bengal State Railway until further orders.

This cancels the orders of the 18th ultimo, appointing Assistant Surgeon Amrita Lal Das to have temporary medical charge of Pooree.

The 3rd February 1879.—Surgeon-Major E. G. McDowell was in medical charge of the Lock-Hospital, Hazareebagh, from the 9th to the 11th June 1878, inclusive, *vice* Surgeon Major E. A. Birch.

Surgeon-Major J. J. Wood, Officiating Civil Surgeon, Hazareebagh, is also appointed to have medical charge of the Lock-Hospital at that station from the 12th June 1878, *vice* Surgeon-Major E. G. McDowell.

Assistant Surgeon Bhola Nath Pal is appointed to have medical charge of the Station and Harbour of False Point, *vice* Assistant Surgeon Hera Lal Dutt.

The 4th February 1879.—The orders of the 13th January 1879, placing the services of Assistant Surgeon Hari Dass Mitter at the disposal of the Government of the North-Western Provinces and Oudh, are cancelled.

[*Government Gazette, 11th February* 1879.]

পোলীস।—১৮৭৯ সাল ২৯ জানুয়ারি।—বর্দ্ধমানের পোলীসের একটিং আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, শর্ সাহেব এই মাসের ১০ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২-২ ধারামতে এক মাস নয় দিনের ছুটী পাইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৯ সাল ২৯ জানুয়ারি।—রাজধানী চক্রের স্কুল সমূহের ইনস্পেক্টর শ্রীযুত এ, ডবলিউ, গারেট সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে ইউরোপে গমনার্থ পনের মাসের নিয়মিত ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৩১ জানুয়ারি।—বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের শ্রীযুত জে, উইলসন সাহেব নিয়মিত ছুটী হইতে গত নবেম্বর মাসের ১৬ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে ১৮৭৮ সালের ২০ সেপ্টেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৯ সাল ১ ফেব্রুয়ারি।—শ্রীযুত এস, এস, জোন্স সাহেবের পরিবর্ত্তে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, এস, ডবলিউ, ব্রেট সাহেব হাজারীবাগ জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা বেথুন স্কুলের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু দুর্গামোহন দাস।

বারিষ্টার-আট-ল শ্রীযুত বাবু আনন্দ মোহন বসু।

রাজধানী চক্রের স্কুল সমূহের ইনস্পেক্টর সাহেব।

১৮৭৯ সাল ৩ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু উমাচরণ দত্ত স্থানান্তরে নিযুক্ত হওয়াতে মালদহের মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি দাস মালদহ জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

বঙ্গদেশের সবর্ডিনেট একসেকিউটিব সর্ব্বিসে নিম্নলিখিত নিয়োগ করা গেল।

The 27th February 1879.—In supersession of the notification dated 2nd April 1877, published at page 442 of the *Calcutta Gazette* of 4th idem, the Lieutenant-Governor, under Section 7 of Act III of 1877, sanctions the undermentioned changes in the designations and jurisdictions of the Joint Sub-Registrars of Arrah and of Buxar and Sasseeram :—Baboo Ganga Nath Roy, Deputy Collector, in charge of the collection of water-rates in the Arrah division of the Sone

১২। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দ্দমার উপর সাঁকো কি রোয়াক কি ঘর কিম্বা কোন প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না, অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেই রূপে গাঁথিবেন।

১৩। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনী কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, মুনিসিপল কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনীর স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

১৪। কোন ব্যক্তি মুনিসিপল সীমার মধ্যবর্ত্তি কোন নদীতে কি পুকুরে কি খানায় বাঁশ কি পাট কি শণ কি উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ জল দুর্গন্ধজনক হইয়া প্রতিবাসিদের অনিষ্টজনক হয় এমত দ্রব্য ভিজাইয়া রাখিবেন না।

১৫। সরকারী পথের ২০ গজের মধ্যে কোন ব্যক্তি হস্তী বাঁধিয়া দিবে না।

১৬। কোন ব্যক্তি সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন শব রাজপথ দিয়া লইয়া যাইবে না।

১৭। কোন ব্যক্তি ঘেরা স্থানভিন্ন অন্যস্থানে শূকর রাখিবে না।

১৮। এই উপবিধির ১২ অবধি ১৭ পর্য্যন্ত সংখ্যক ধারার মধ্যে কোন ধারা লঙ্ঘন হইলে ১০৲ দশ টাকার অনধিক অর্থদণ্ড ও উচিত মত নোটিস পাইলে পর লঙ্ঘনহইতে থাকিলে দিনপ্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক অর্থ দণ্ড হইবে।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

১৫৯৮ A নম্বর।

১৮৭৯ সাল ২৪ ফেব্রুয়ারি।—রঙ্গপুরের অন্তর্গত নেলফামারির ও উক্ত জিলার সদর মুনসেফীর আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ রায় ত্রিহুতে প্রেরিত হইয়া তথাকার সদর মুনসেফীর দ্বিতীয় মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৫ মার্চ।—ত্রিহুতের দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত রামপ্রসাদ বাবু সিবিল কার্য্যকারকদের ছুটী বিধির ৩০ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত রামপ্রসাদ বাবুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় হুগলীর অন্তর্গত মহেশরেখার একটিং দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র মুখোপাধ্যায় ত্রিহুতের দ্বিতীয় সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৬ মার্চ।—শ্রীযুত সদানন্দ বাবুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় হাজারীবাগের মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ফরীদপুরের অন্তর্গত ভাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে দ্বারভঙ্গায় প্রেরিত হইলেন।

রঙ্গপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট কালেক্টর শ্রীযুত এস, জেকব সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১১ মার্চ।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে সাঁওতাল পরগণার অন্তর্গত জামতারায় অবস্থাপিত লেপ্টেনেণ্ট শ্রীযুত জে, এফ, ব্রেট কর্ণাক সাহেব মুনসেফের তুল্য ক্ষমতা পাইলেন।

চট্টগ্রামের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ, সাবেজ সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন,

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই, আর, মিডলটন সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৭ ফেব্রুয়ারি।—১৮৭৭ সালের ১০ আপ্রিলের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪১৭ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ২ তারিখের জ্ঞাপন পত্র রহিত করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৭ সালের ৩ আইনের ৭ ধারামতে আরার ও বক্সরের ও শাসিরামের জাইণ্ট্‌সব-রেজিষ্ট্রারদের খ্যাতি ও এলাকার নিম্নলিখিত পরিবর্ত্তনের অনুমতি দিলেন। সোণ জল সেচন চক্রের অন্তর্গত আরাবিভাগের জলের রেট আদায়করণ কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী কালেকটর (সম্প্রতি আরা মহকুমার জাইণ্ট সব-রেজিষ্ট্রার) শ্রীযুত

Irrigation Circle, at present Joint Sub-Registrar within the executive sub-division of Arrah, will henceforth be designated Joint Sub-Registrar of the Arrah Irrigation Division, and will have jurisdiction over that part of the district of Shahabad which lies to the east of the river Kan, embracing all the tracts from which he collects water-rates; while Moulvie Mahomed-ul Nabi, Deputy Collector, in charge of the collection of water-rates in the Buxar division of the Sone Irrigation Circle, now Joint Sub-Registrar within the sub-divisions of Buxar and Sasseeram, will be called Joint Sub-Registrar of the Buxar Irrigation Division, and will exercise jurisdiction over the remaining portion of the district of Shahabad lying to the west of the river Kan. For the purposes of the Registration Act and Rules, these officers will be subordinate to the Registrar of Shahabad so far as the registration of security bonds executed by, or on behalf of, village head-men appointed for the collection of water-rates is concerned.

This notification will take effect from the 15th March 1879.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th March 1879.—Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the transfer of thana Bhaturiya, at present comprised within the Registration Sub-District of Mantessar, to the Registration Sub-District of Culna, in the district of Burdwan. That portion of the notification dated 22nd July 1878, published at page 827 of the *Calcutta Gazette* of 31st idem, which relates to thana Bhaturiya is hereby cancelled.

This notification will take effect from the 20th March 1879.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th March 1879.—Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the under-mentioned changes in the jurisdictions of the Sub-Registrars of Contai and of Dantoon, in the district of Midnapore.

The Registration Sub-District of Contai will henceforth comprise thanas Contai, Rughunathpore, Egra, and Pataspore. The Registration Sub-District of Dantoon will comprise thanas Dantoon and Narayanghur. That portion of the notification dated 16th April 1878, published at page 345 of the *Calcutta Gazette* of 24th idem, which relates to the Registration Sub-District of Dantoon is hereby cancelled.

This notification will take effect from the 15th March 1879.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 10th March 1879.

No. 53.—*Notifications.*—Mr. J. C. G. Keddie, Assistant Engineer, First Grade, rejoined the Patna Division on the 23rd February 1879, before noon, on return from the privilege leave granted* to him.

* Bengal Government (Public Works Department) Notification No. 216, of 28th October 1878.

No. 54.—The following officers, holding temporary rank, will revert to their permanent and temporary rank, as specified opposite to their names, from the 3rd February 1879 :—

Major R. G. Smyth, R.E., temporary Superintending Engineer, Second Grade, Officiating Superintending Engineer, North-Eastern Circle.

[*Government Gazette*, 18*th March* 1879.]

বাবু গঙ্গানাথ রায় এই অবধি আরার জলসেচন বিভাগে জাইন্ট সব-রেজিষ্ট্রার নামে খ্যাত হইবেন ও তিনি যেহ স্থানের জলের রেট আদায় করেন তাহাসুদ্ধ কান নদীর পূর্ব্ব দিগে শাহাবাদ জিলার যে অংশ আছে তাহাও তাঁহার এলাকার মধ্যে হইবে ও সোণ জল সেচন চক্রের বক্সার খণ্ডের রেট আদায় করণ কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী কালেক্টর (এইক্ষণে বক্সার ও শাসি রাম মহকুমার জাইন্ট সব-রেজিষ্ট্রার) শ্রীযুত মৌলবী মহম্মদ উল নবি বক্সার জল সেচন বিভাগের জাইন্ট সব-রেজিষ্ট্রার নামে খ্যাত হইবেন ও কান নদীর পশ্চিমদিগে শাহাবাদ জিলার অবশিষ্টাংশের উপর আধিপত্যক্রমে কার্য্য করিবেন। রেজিষ্টরী করণার্থ আইনের ও বিধির কার্য্যপক্ষে এই ২ কার্য্যকারকেরা জলরেট আদায় করণার্থে নিযুক্ত গ্রামের মণ্ডলের বা তৎপক্ষে সম্পাদিত জামিনী পত্র রেজিষ্টরী করণ সম্পর্কে শাহাবাদের রেজিষ্ট্রারের অধীন হইবেন।

১৮৭৯ সালের ১৫ মার্চ অবধি এই জ্ঞাপনপত্র চলিবে।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে বর্দ্ধমান জিলার অন্তর্গত সম্প্রতি রেজিষ্টরী করণ সংক্রান্ত মন্তেশ্বর সব-ডিষ্ট্রিক্টভুক্ত ভাতুড়িয়া থানা রেজেষ্টরি করণ সংক্রান্ত কালনা সব-ডিষ্ট্রিক্ট ভুক্ত হইবার অনুমতি করিলেন। ১৮৭৮ সালের আগষ্ট মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ২২ জুলাইর জ্ঞাপনপত্রের যে অংশ ভাতুড়িয়া থানার সহিত সম্পর্ক রাখে সেই অংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৯ সালের ২০ মার্চ অবধি এই বিজ্ঞাপন চলিবে।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথি ও দাঁতুনের সব-রেজিষ্টারদের এলাকার নিম্নলিখিত পরিবর্ত্তনের অনুমতি করিলেন।

রেজিষ্টারী করণ সংক্রান্ত কাঁথি সব-ডিষ্ট্রিক্টের মধ্যে এই অবধি কাঁথি ও রামনগর ও এগরা ও পটাসপুর থানা ধরা যাইবে। রেজিষ্টারী করণ সংক্রান্ত দাঁতুন সব-ডিষ্ট্রিক্টের মধ্যে দাঁতুন ও নারায়ণগড় থানা ধরা যাইবে। ১৮৭৮ সালের আপ্রিল মাসের ৩০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্টের গেজেটের ৩৭১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ১৬ তারিখের জ্ঞাপনপত্রের যে অংশ রেজিষ্টরী করণ সংক্রান্ত দাঁতুন সব-ডিষ্ট্রিক্টের সহিত সম্পর্ক রাখে সেই অংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৯ সালের ১৫ মার্চ অবধি এই বিজ্ঞাপন চলিবে।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরস্তা বিষয়ক।

১৮৭৯ সাল ১০ মার্চ।

৫৩ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, জি, কেডি সাহেব যে অনুগ্রহের ছুটীপান* তাহাহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৯ সালের ২৩ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্ণে পাটনা খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৮ সালের ২৮ অক্টোবরের ২১৬ নং বিজ্ঞাপন।

৫৪ নম্বর।—কিয়ৎকালীন পদধারী নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারি অবধি আপন ২ নামের পার্শ্বনির্দ্দিষ্ট স্থায়ী ও কিয়ৎকালীন শ্রেণীতে পুনর্গমন করিবেন।

উত্তর-পূর্ব্ব চক্রের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র ও একটিং সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ সাহেব, আর্, ই,।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৮ মার্চ।]

Mr. L. R. Roberts, temporary Superintending Engineer, Third Grade, Officiating Superintending Engineer, North-Western Circle.

Mr. M. P. B. Duell, Executive Engineer, First Grade, Patna Division.

Mr. A. H. Tyndall, Executive Engineer, Third Grade, attached to the Darjeeling Division.

Baboo Madhub Chunder Roy, Executive Engineer, Fourth Grade, Mozufferpore Division.

Mr. E. J. Meara, Assistant Engineer, First Grade, attached to the Dinagepore Division.

Mr. C. J. Middleton, Assistant Engineer, Second Grade, attached to the Dinagepore Division.

Mr J. A. Price, Assistant Engineer, Second Grade, attached to the Nuddea Rivers Division.

A. Cadell, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.—Establishment.

The 4th March 1879.

No. 72.—*Leave.*—With reference to the orders marginally noted, Mr. T. R. Roberts, Executive Engineer, Fourth Grade, is granted subsidiary leave from the 25th February to the 11th March 1879, both days inclusive.

No. 39, dated 24th January 1879.

The 7th March 1879.

No. 73.—*Notification.*—Notification No. 33, dated 24th January 1879, placing the services of Mr. W. G. L. Cotton, Executive Engineer, Third Grade, at the disposal of the Government of Bengal, Public Works Department, is hereby cancelled.

The 10th March 1879.

No. 74.—*Posting.*—With reference to the orders marginally noted, Mr. Kamil Cuny, Probationary Assistant Engineer, Third Grade, is posted to the Cement Experiments Division.

No. 63, dated 19th February 1879.

No. 75.—*Notification.*—Mr. P. Dejoux, Executive Engineer, Third Grade, Cement Experiments Division, availed himself of the privilege leave granted him in Notification No. 49, of the 3rd February 1879, on the forenoon of the 1st March 1879, having made over charge of his division to Mr. Kamil Cuny, Probationary Assistant Engineer, Third Grade.

The 11th March 1879.

No. 76.—Declaration.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for retiring a portion of Embankment No. 7, in the village of Radhabollobpoor, pergunnah Jehanabad, zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land about 840 feet long and width varying from 40 to 75 feet, measuring 3 beeghas 8 cottahs 12 chittacks, more or less, of standard measurement, and lying nearly parallel with the existing line of embankment, which it joins at each end, is required within the aforesaid village of Radhabollobpoor.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. C. Levinge,
Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

[*Government Gazette,* 18*th March* 1879.]

উত্তর-পশ্চিম চক্রের তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র ও একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এল, আর, রবর্টস সাহেব।

পাটনা খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এম, পি, বি, ডুয়েল সাহেব।
দার্জিলিঙ খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এচ, টিণ্ডেল সাহেব।
মজফরপুর খণ্ডের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মাধবচন্দ্র রায়।
দিনাজপুর খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জে, ময়ারা সাহেব।
দিনাজপুর খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, মিডলটন সাহেব।
নদীয়ার নদী খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিয়র শ্রীযুত জে, এ, প্রাইস সাহেব।

এ, কাণ্ডেল, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৪ মার্চ।

৭২ নম্বর।—ছুটী।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত টি, আর, রাবর্টস সাহেব ১৮৭৯ সালের ২৫ ফেব্রুয়ারি অবধি ১১ মার্চ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সালের ২৪ জানুয়ারির ৩৯ নং।

১৮৭৯ সাল ৭ মার্চ।

৭৩ নম্বর।—বিজ্ঞাপন।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জি, এল, কটন সাহেবের সংস্থাপন বিষয়ক ১৮৭৯ সালের ২৪ জানুয়ারির ৩৩ নং বিজ্ঞাপন এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৯ সাল ১০ মার্চ।

৭৪ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত কামিল কনি সাহেব সীমেণ্ট পরীক্ষার্থ খণ্ডে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সালের ১৯ ফেব্রুয়ারির ৬৩নং।

৭৫ নম্বর।—বিজ্ঞাপন।—সীমেণ্ট পরীক্ষার্থ খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেটিব ইঞ্জিনিয়র শ্রীযুত f, ডি,জু সাহেব তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত কামিল কনি সাহেবের প্রতি আপন খণ্ডের কর্ম্মের ভারার্পণ করিয়া ১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারির ৪৯ নং জ্ঞাপনপত্রমত যে অনুগ্রহের ছুটী পান ১৮৭৯ সালের ১ মার্চের পূর্ব্বাহ্নে তাহা গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ১১ মার্চ।

৭৬ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত জাহানাবাদ পরগনার রাধাবল্লভপুর গ্রামে ৭ নং বাঁধের একাংশ পিছাইয়া করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রাধাবল্লভপুর গ্রামে প্রায় ৪৮০ ফুট দীর্ঘ ও ৪০ অবধি ৭৫ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৩।১৮ ছটাকপরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত অংশ বর্ত্তমান বাঁধের প্রায় সমান্তরাল হইয়া তাহার দুইদিগের অন্য স্থানে মিলে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 18, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৮ মার্চ।

PART V.

Act of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপকসভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 14th March 1878; and having been assented to by the Governor-General on the 22nd January 1879, is hereby published for general information:—

ACT No. I OF 1879.

An Act to amend the procedure in suits between Landlords and Tenants in Chota Nagpore.

Preamble. WHEREAS it is expedient to amend the procedure in suits between landlords and tenants in Chota Nagpore: It is enacted as follows:—

Short title. 1. This Act may be called "The Chota Nagpore Landlord and Tenant Procedure Act;"

Local extent. It extends to the territories for the time being under the administration of the Commissioner of the division of Chota Nagpore, except the district of Manbhoom and the Tributary Mehals.

[*Government Gazette*, 18th March 1879.]

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৭৮ সালের ১৪ মার্চ তারিখে অনুমোদন করিলে তাহা ১৮৭৯ সালের ২২ জানুয়ারি তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া এতদ্দ্বারা সাধারণের অবগতিনিমিত্ত প্রকাশিত হইতেছে।

১৮৭৯ সালের ১ আইন।

ছোট নাগপুরের ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধন করিবার আইন।

হেতুবাদ। ছোট নাগপুরের ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের কথা। ১ ধারা। এই আইন "ছোট নাগপুরের ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালীবিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যে স্থানে প্রচলিত হইবে তদ্বিষয়ের কথা। যৎকালে যে দেশ ছোট নাগপুর খণ্ডের কমিশ্যনর সাহেবের কর্ত্তৃত্বাধীন থাকে, মানভূম জিলা ও পেশকশী মহাল ছাড়া সেই সকল দেশে এই আইন বর্ত্তিবে,

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Commencement.

2. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

"Civil Jail" includes the civil jail of the district, and any place appointed by the local Government for the confinement of prisoners under this Act.

"Civil Jail."

"The Commissioner" and "Judicial Commissioner" mean respectively the Commissioner and Judicial Commissioner of Chota Nagpore.

"Commissioner" and "Judicial Commissioner."

"Deputy Collector" includes also an Assistant Commissioner.

"Deputy Collector."

"Nazir" means any officer of a Court authorized to serve or execute its process.

"Nazir."

"Section" means a Section of this Act.

"Section."

3. On and from the commencement of this Act, the enactments specified in Schedule A hereto annexed shall be repealed to the extent mentioned in the third column of the said Schedule.

Enactments repealed.

4. All suits or proceedings of the nature provided for by this Act which, before the commencement of this Act, shall have been instituted before any Deputy Commissioner or other officer having jurisdiction under any enactment hereby repealed, shall be heard and decided, so far as may be, under this Act.

Decision of suits instituted before the commencement of this Act.

5. Every ryot is entitled to receive, from the person to whom the rent of the land held or cultivated by him is payable, a pottah containing the following particulars :—

Ryot entitled to a pottah.

the quantity and boundaries of land; and where fields have been numbered in a Government survey, the number of each field;

the amount of annual rent;

the instalments in which the same is to be paid;

[*Government Gazette*, 18*th March* 1879.]

ও যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিপূর্ব্বক ইহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

যে সময় অবধি প্রচলিত হইবে তদ্বিষয়ক কথা।

২ ধারা। বিষয় কিম্বা প্রসঙ্গের কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

অর্থ করণের দ্বারা।

"দেওয়ানী জেল" শব্দে জিলার দেওয়ানী জেল ও স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে বন্দিদিগকে কয়েদ রাখিবার জন্য যে স্থান নিরূপণ করেন সেই স্থানও বুঝাইবে।

"দেওয়ানী জেল"

"কমিশ্যনর" ও "জুডিশ্যল কমিশ্যনর" শব্দে যথাক্রমে ছোটনাগপুরের কমিশ্যনর ও জুডিশ্যল কমিশ্যনর সাহেবকে বুঝিতে হইবে।

"কমিশ্যনর" ও "জুডিশ্যল কমিশ্যনর।"

"ডেপুটী কালেক্টর" শব্দে আসিষ্টাণ্ট কমিশ্যনরকেও বুঝাইবে।

"ডেপুটী কালেক্টর।"

আদালতের যে কোন কর্ম্মচারী আদালতের পরওয়ানা জারী কি সাধন করিবার ক্ষমতা পান, "নাজির" শব্দে সেই কর্ম্মচারীকে বুঝিতে হইবে।

"নাজির।"

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝিতে হইবে।

"ধারা।"

৩ ধারা। এই আইনের A তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লেখ হইল এই আইন প্রচলিত হইবার তারিখ অবধি ঐ তফসীলের নির্দ্দিষ্ট সকল আইন তত দূর রহিত হইবে।

এই আইন যে দেশে প্রচলিত হয় সেই দেশে কোনং আইন রহিত হইবার কথা।

৪ ধারা। এই আইনমতে যে কোন আইন রহিত করা যায় তৎক্রমে বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত কোন ডেপুটী কমিশ্যনরের কি অন্য কার্য্যকারকের সম্মুখে এই আইনবিহিত প্রকারের যে সকল মোকদ্দমা কি আনুষ্ঠানিক কার্য্য এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উপস্থিত করা হয় তাহা যত দূর হইতে পারে তত দূর এই আইনমতে শুনা গিয়া নিষ্পত্তি হইবে।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার নিষ্পত্তি বিষয়ক কথা।

৫ ধারা। প্রত্যেক রায়ত আপনার ভোগ কি চাষ করা ভূমির খাজানা যাঁহাকে দিয়া থাকে তাঁহার স্থানে তাহার পাট্টা পাইবার অধিকার আছে। ঐ পাট্টায় এইং বর্ণনা থাকিবে,

রায়তের পাট্টা পাইবার স্বত্বের কথা।

ভূমির পরিমাণ ও সীমা, ও গবর্ণমেণ্টের জরীপী কার্য্যে ক্ষেত্রের নম্বর দেওয়া গিয়া থাকিলে, প্রত্যেক ক্ষেত্রের নম্বর,

বার্ষিক খাজানার পরিমাণ;

any special conditions of the lease; and (if the rent is payable wholly or partially in kind), the proportion or quantity of produce to be delivered, and the time and manner of delivery.

যত কিস্তি করিয়া তাহা দিতে হইবে, ও পাট্টার কোন বিশেষ নিয়ম থাকিলে সেই২ নিয়ম; এবং (সমুদয় খাজানা কি তাহার কোন অংশ শস্য দ্বারা দিতে হইলে,) যে হিসাবে বা যত শস্য যে সময়ে যে প্রকারে দিতে হইবে তাহা।

Right of occupancy of ryot cultivating or holding land for twelve years.

6. Every ryot, who has cultivated or held land for a period of twelve years, has a right of occupancy in the land so cultivated or held by him, whether it be held under pottah or not, so long as he pays the rent payable on account of the same; but this rule does not apply to the classes of lands locally known as majhahas, man, or saika; nor to khamar, nijjote, or seer land belonging to the proprietor of the estate or tenure, and let by him on lease for a term, or year by year.

The holding of the father, or other person from whom a ryot inherits, shall be deemed to be the holding of the ryot within the meaning of this section.

রায়ত দ্বাদশ বৎসর ভূমি ভোগ কি চাষ করিলে তাহার দখলী স্বত্বের কথা।

৬ ধারা। কোন রায়ত যদি দ্বাদশ বৎসর ভূমি চাষ কি ভোগ করিয়া থাকে, তবে পাট্টাক্রমে কিম্বা পাট্টা বিনা ভোগ করুক, যত দিন ঐ ভূমির খাজানা দিতে থাকে, তত দিন তাহার সেই ভূমির দখলীস্বত্ব থাকিবে। কিন্তু তৎস্থানে মাজাহা কি মাণ কি সাইকা নামে যে২ প্রকারের জমী পরিজ্ঞাত আছে তাহার প্রতি এই বিধি খাটিবে না; এবং মহালের কি যোতের স্বামী আপনার খামার কি নিজযোত কি সিয়র যে জমি মিয়াদীপাট্টাক্রমে কি বৎসর২ ইজারা দেন তাহারও প্রতি এই ধারা খাটিবে না।

পিতার কি অন্য ব্যক্তির উত্তরাধিকারী হইয়া রায়ত ভোগ করিলে তাহাদিগের ভোগ এই ধারার অভিপ্রায়ানুসারে ঐ রায়তের ভোগ বলিয়া গণ্য হইবে।

Saving of terms of written contracts.

7. Nothing contained in the last preceding section shall be held to affect the terms of any written contract for the cultivation of land entered into between a landholder and a ryot, when it contains any express stipulation contrary thereto.

চুক্তি লিপির নিয়ম প্রবল থাকিবার কথা।

৭ ধারা। জমীদারের ও রায়তের মধ্যে ভূমিচাষ করণ বিষয়ে কোন চুক্তিলিপি থাকিলে ও তাহার কোন স্পষ্ট নিয়ম ইহার পূর্ব্ববর্ত্তী ধারার বিপরীত হইলে, ঐ ধারার কোন কথার দ্বারা সেই নিয়মের ব্যতিক্রম হইবে না।

Ryots having right of occupancy are entitled to receive pottahs.

8. Ryots having rights of occupancy are entitled to receive pottahs at fair and equitable rates.

In case of dispute, the rate previously paid by the ryot shall be deemed to be fair and equitable, unless the contrary be shown in an enquiry under section 24.

রায়তদের দখলীস্বত্ব থাকিলে তাহাদের পাট্টা পাইবার অধিকারের কথা।

৮ ধারা। রায়তদের দখলীস্বত্ব থাকিলে তাহাদের উপযুক্ত ও ন্যায্য হারে পাট্টা পাইবার অধিকার থাকিবে।

এই বিষয়ের বিবাদ হইলে, যদি ২৪ ধারামতে অনুসন্ধান লইয়া বিপরীত ভাব না দেখা যায়, তবে রায়ত পূর্ব্বে যে হারে খাজানা দিত তাহাই উপযুক্ত ও ন্যায্য বলিয়া জ্ঞান করা যাইবে।

Pottahs to which ryots not having rights of occupancy are entitled.

9. Ryots not having rights of occupancy are entitled to pottahs only at such rates and on such conditions as may be agreed on between them and the persons to whom the rent is payable.

রায়তের দখলী স্বত্ব না থাকিলে যে প্রকারের পাট্টা পাইতে পারে তাহার কথা।

৯ ধারা। রায়তদের দখলী স্বত্ব না থাকিলে, তাহারা যাঁহাদিগকে খাজানা দিয়া থাকে তাঁহাদের সঙ্গে যে হারে ও যে নিয়মমতে খাজানা দিবার অঙ্গীকার করে সেই হারানুসারে ও সেই নিয়মমতে তাহারা পাট্টা পাইবার অধিকারী।

Person granting pottah entitled to a counterpart engagement.

10. Every person who grants a pottah is entitled to receive from the person to whom the pottah is granted a kubooliyet or counterpart engagement in conformity with the terms of the pottah.

The tender to any ryot of a pottah, such as the ryot is entitled to receive, shall be held to entitle the person to whom the rent is payable to receive a kubooliyet from such ryot.

যে ব্যক্তি পাট্টা দেন তাঁহার কবুলিয়ৎ পাইবার স্বত্বের কথা।

১০ ধারা। যে ব্যক্তি যাহাকে পাট্টা দেন তিনি তাহার স্থানে পাট্টার নিয়ম অনুসারে কবুলিয়ৎ বা অনুলিপি পাইবার স্বত্ববান।

রায়ত যে প্রকারের পাট্টা পাইবার অধিকারী তাঁহাকে সেই প্রকারের পাট্টা দিতে চাহিলেই, যাঁহাকে খাজানা দেওয়া গিয়া থাকে তিনি সেই রায়তের নিকট কবুলিয়ৎ পাইবার স্বত্ববান এমত জ্ঞান করা যাইবে।

11. Every under-tenant or ryot from whom any sum is exacted in excess of the rent specified in his pottah or payable under this Act, whether as abwab or under any other pretext,

Exactions in excess of rent or receipt withheld.

and every under-tenant, ryot, or cultivator from whom a receipt is withheld for any sum of money paid by him as rent,

shall be entitled to recover from the person receiving such rent damages not exceeding double the amount so exacted or paid.

12. Receipts for rent shall specify the year or years on account of which the rent is acknowledged to have been paid; and any refusal to make such specification shall be held to be a withholding of a receipt.

Form of receipt.

13. If any under-tenant or ryot shall, at the malkutcherry for the receipt of rents, or other place where the rents of the land held or cultivated by him are usually payable, tender payment of what he shall consider to be the full amount of rent due from him at the date of the tender to the zemindar or other person in receipt of the rent of such land; and if the amount so tendered shall not be accepted, and a receipt in full forthwith granted, the under-tenant or ryot may, whether a suit shall have been instituted against him or not, within one month from the date of such tender, deposit such amount in the court of the Deputy Commissioner having jurisdiction to entertain a suit for such rent to the credit of the zemindar or other person aforesaid;

Under-tenant or ryot may, after tender, &c., pay into court, whether suit has been instituted against him or not, what he admits to be due to his zemindar, &c.

and such deposit shall, so far as the under-tenant or ryot, and all persons claiming through or under him are concerned, in all respects operate as, and have the full effect of, a payment then made by the under-tenant or ryot of the amount deposited to the credit of such zemindar or other person.

14. The Deputy Commissioner shall receive such deposit on the written application of the under-tenant, or ryot, or his agent; and on the under-tenant, or ryot, or his agent making a declaration in the form, or as nearly as circumstances will admit in the form, set forth in Schedule B hereto annexed, the Deputy Commissioner shall give a receipt for the same.

Proceedings on receipt of deposit and payment of the same.

[*Government Gazette*, 18th *March* 1879.

১১ ধারা । পেটাও প্রজার কি রায়তের পাট্টায় যত খাজানা লেখা আছে কিম্বা এই আইনমতে তাঁহার যত দিতে হয়, আবওয়াব কি অন্য কোন ছলে তাহার স্থানে বলপূর্ব্বক তদধিক লওয়া গেলে,

খাজানার অধিক বলপূর্ব্বক লওয়া গেলে কিম্বা কবজ না দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

ও পেটাও প্রজা কি রায়ত কি চাষি খাজানা বলিয়া কোন টাকা দিলেও তাহাকে সেই টাকার কবজ না দেওয়া গেলে,

যাঁহাকে ঐ খাজানা দেওয়া হইল তাঁহার স্থানে ঐ পেটাও প্রজা ও রায়ত বলপূর্ব্বক লওয়া কি আপনার দেওয়া ঐ টাকার দ্বিগুণ ক্ষতিপূরণস্বরূপ পাইবার অধিকারী হইবে।

১২ ধারা। যে বা যেং বৎসরের খাজানা দেওয়া গেল বলিয়া স্বীকার করা যায় খাজানার কবজে সেই বা সেইং বৎসর নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবে। তাহা নির্দ্দিষ্ট করিতে অস্বীকার করণ কবজ না দেওয়া বলিয়া জ্ঞান করা যাইবে।

কবজ লিখিবার পাঠের কথা।

১৩ ধারা। পেটাও প্রজা কি রায়ত যে তারিখে খাজানা দিতে যায় সেই তারিখে আপনার নিকট জমীদারের কি অন্য যে ব্যক্তি তাহার নিকট খাজানা লইয়া থাকেন তাঁহার সম্পূর্ণ যত খাজানা পাওনা বলিয়া জ্ঞান করে, খাজানা দাখিল করিবার মালকাছারীতে, কিম্বা তাহার ভোগ কিম্বা চাষ করা জমার খাজানা অন্য যে স্থানে দিবার রীতি আছে সেই স্থানে তত টাকা দিতে চাহিলে, ও সেই টাকা গৃহীত না হইলে ও তৎক্ষণাৎ সমুদয় টাকার কবজ দেওয়া না গেলে, ঐ পেটাও প্রজার কি রায়তের নামে নালিশ না হইলেও সে ঐ খাজানার নিমিত্ত মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন ডেপুটী কমিশ্যনরের আদালতে উক্ত জমীদারের কি অন্য ব্যক্তির নামে জমা করিয়া লইবার জন্য ঐ টাকা আমানত করিতে পারিবে।

পেটাও প্রজা কি রায়ত খাজানা দিতে চাহিবার পর তাহার নামে নালিশ না হইলেও আপনার নিকট জমীদার প্রভৃতির যত টাকা পাওনা বলিয়া স্বীকার করে তাহা আদালতে দাখিল করিতে পারিবার কথা।

ও সেই পেটাও প্রজার কি রায়তের ও তাহার দ্বারা কি তাহার অধীন দাওয়াদারের পক্ষে উক্ত প্রকারে টাকা আমানত করা, সর্ব্বতোভাবে জমীদারকে কি উক্ত অন্য ব্যক্তিকে ঐ পেটাও প্রজার কি রায়তের ঐ আমানতী টাকা তৎকালে দেওয়ার তুল্য ও তদ্রূপ কার্য্যকরা হইবে।

১৪ ধারা। পেটাও প্রজা কি রায়ত কি তাহার কর্ম্মকারক দরখাস্ত লিখিয়া ঐ টাকা দিলে, ডেপুটী কমিশ্যনর তাহা লইবেন। ও পেটাও প্রজা কি রায়ত কি তাহার কর্ম্মকারক এই আইনের খ চিহ্নিত তফসীলের পাঠে, কিম্বা অবস্থা বিবেচনায় তদনুসারে, লিখিয়া প্রতিজ্ঞাপত্র দিলে, ডেপুটী কমিশ্যনর ঐ টাকার রসীদ দিবেন।

আদালতে টাকা দিবার ও ঐ টাকা বাহির করিয়া লইবার কার্য্যপ্রণালীর কথা।

The Deputy Commissioner shall, within seven days from the date of the deposit, issue a notice to the person to whose credit it has been deposited, in the form set forth in Schedule C hereto annexed.

If the person to whom such notice is issued, or his duly authorized agent, shall appear and apply that the money in deposit be paid to him, it shall be immediately made over to him.

Suit for further balance to be instituted within six months of service of notice of deposit.

15. Whenever such deposit shall have been made, no suit shall be brought against the person making the same or his representatives on account of any rent which accrued due prior to the date of the deposit, unless such suit be instituted within six months from the date of the service of the notice mentioned in the last preceding section.

Landholder not to compel the attendance of tenant for adjustment of rent or for any other purpose.

16. All zemindars and other landholders are prohibited from compelling the attendance of their tenants for the adjustment of their rents or for any other purpose, and from adopting any means of compulsion for enforcing payment of the rent due to them other than those authorized by this Act.

Damages for extorting payment of rent by duress.

17. If payment of rent, whether the same be legally due or not, is extorted from any under-tenant or ryot by illegal confinement or other duress, such under-tenant or ryot shall be entitled to recover such damages, not exceeding two hundred rupees, as may be deemed a reasonable compensation for the injury done him by such extortion.

An award of compensation under this section shall not bar or affect any penalty or punishment to which the person practising such extortion may be subject by law.

Dependent talookdar, &c., holding land at fixed rent without change since permanent settlement not liable to enhancement of rent.

18. No dependent talookdar or other person possessing a permanent transferable interest in land intermediate between the proprietor of an estate and the ryots, who holds his talook or tenure (otherwise than under a terminable lease) at a fixed rent which has not been changed from the time of the permanent settlement, shall be liable to any enhancement of such rent, anything in section fifty-one, Regulation VIII, 1793, or in any other law, to the contrary notwithstanding.

যে ব্যক্তির নামে জমা দিয়া ঐ টাকা আমানত করা যায় ডেপুটী কমিশনর ঐ টাকা পাইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে সেই ব্যক্তির নামে এই আইনের C তফশীলের নির্দ্দিষ্ট পাঠে নোটিস জারী করিবেন।

যাঁহার নামে নোটিস দেওয়া যায় তিনি কি তৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক আসিয়া সেই আমানতী টাকা পাইবার প্রার্থনা করিলে, তাহা তৎক্ষণাৎ দেওয়া যাইবে।

আমানতী টাকার নোটিস জারী হইবার পর ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

১৫ ধারা। টাকা উক্ত প্রকারে আমানত হইলে পর, কিছু বাকী থাকিলে, ইহার পূর্ব্ব ধারার লিখিত নোটিস জারী করিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করা না গেলে ঐ টাকা আমানত করিবার তারিখের পূর্ব্বের প্রাপ্য কোন খাজানার নিমিত্ত ঐ আমানতকারী ব্যক্তির কি তাহার স্থলাভিষিক্তের নামে মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

খাজানা নিষ্পত্তি করিবার কি অন্য কোন কার্য্যের নিমিত্ত প্রজাদিগকে জমীদারেরা বলপূর্ব্বক উপস্থিত করাইতে না পারিবার কথা।

১৬ ধারা। সমুদয় জমিদার ও অন্য ভূম্যধিকারীদিগকে নিষেধ করা যাইতেছে যে খাজানা নিষ্পত্তি করিয়া লইবার কি অন্য কোন কার্য্যের নিমিত্ত প্রজাদিগকে বলপূর্ব্বক উপস্থিত না করান, এবং এই আইনক্রমে যে উপায়ের অনুমতি দেওয়া গেল তদ্ভিন্ন তাঁহারা যেন অন্য কোন উপায়ে আপনাদের প্রাপ্য খাজানা বলপূর্ব্বক না লন।

আটক রাখিয়া বলপূর্ব্বক খাজানা লওয়া গেলে ক্ষতিপূরণের কথা।

১৭ ধারা। কোন পোটাও প্রজার কি রায়তের স্থানে খাজানা আইনমতে প্রাপ্য থাকুক বা না থাকুক, যদি বেআইনীমতে কয়েদ করিয়া বা আটক রাখিয়া তাহার ভয় জন্মাইয়া ঐ খাজানা লওয়া যায়, তবে ভয় জন্মাইয়া ঐ টাকা লইলে তাহার যে ক্ষতি করা হয় সেই ক্ষতিপূরণস্বরূপ দুই শত টাকার অনধিক যত টাকা যুক্তিসঙ্গত বোধ হয়, ঐ পোটাও প্রজা কি রায়ত মোকদ্দমা করিয়া তত টাকা আদায় করিবার অধিকারী।

এই ধারাক্রমে ক্ষতিপূরণস্বরূপ টাকা দিবার আজ্ঞা হইলেও, যে ব্যক্তি ভয় জন্মাইয়া খাজানা লন আইনমতে তাঁহার অন্য অর্থদণ্ড বা দণ্ড হইবার কোন বাধা বা ব্যতিক্রম হইবে না।

মফঃসলী তালুকদার প্রভৃতি চিরকালীন বন্দোবস্তের সময়াবধি একই হারে নির্দ্ধারিত খাজানা দিয়া জমী ভোগ করিলে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে না পারিবার কথা।

১৮ ধারা। মফঃসলী তালুকদার, কিম্বা অন্য যে ব্যক্তি মহালের জমীদারের ও প্রজাদের মধ্যবর্ত্তি হইয়া ভূমিতে হস্তান্তরযোগ্য চিরকালীন সম্পর্ক রাখেন তিনি যাহার মিয়াদ রহিত করা যাইতে পারে এমত পাট্টাদ্বারা না হওয়া চিরকালীন বন্দোবস্তের সময়াবধি অপরিবর্ত্তিত একই অবধারিত খাজানায় তালুক কি যোত ভোগ করিয়া আইলে, ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায় কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান সত্ত্বেও, তাঁহার সেই খাজানার কিছুমাত্র বৃদ্ধি হইতে পারিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১২ মার্চ।]

Enhancement of the rent of bhuinhari and khoodkatti lands.

19. No tenant of lands known as bhuinhari or khoodkatti shall be liable to any enhancement of the rent previously paid by him for such lands, unless it be shown that the tenure has been created within twenty years before the institution of the suit to enhance the rent of the said lands,

and where enhancement of the rent of such tenure is decreed, the rent assessed shall not exceed one half of the rent paid by an ordinary ryot with a right of occupancy on the same class of land with similar advantages.

ভুইহারি ও খোঁদকাটি জমীর খাজানা বৃদ্ধির কথা।

১৯ ধারা। ভুইহারি কি খোদকাটি নামে যেং জমী ভুইহারি ও খোঁদকাটি জানা যায়, তাহার খাজানা বৃদ্ধি করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ব বিংশ বৎসরের মধ্যে ঐ খোত সৃষ্ট হইয়াছে ইহা দেখান না গেলে, ঐ ভুমির নিমিত্তে প্রজা যে খাজানা দিত তাহার কিছু মাত্র বৃদ্ধি হইতে পারিবে না।

যদি সেই খোতের খাজানা বৃদ্ধির ডিক্রী হয়, তবে দখলীস্বত্ব প্রাপ্ত সামান্য রায়ত তত্তুল্য ফলজনক ও উপায় বিশিষ্ট জমী ভোগ করিয়া যে খাজানা দিয়া থাকে সেই খাজানার অর্দ্ধেকের অধিক উক্ত জমির খাজানা ধার্য্য হইবে না।

Enhancement of the rent of korkor, &c., lands.

20. No tenant of lands known as korkor, baeebullah, khundwut, sujhwut, jalsasun, and ariat shall be liable to any enhancement of rent, except under the terms of a written contract, or in accordance with the general custom prevailing with respect to such lands in the village in which they are situated.

করকর প্রভৃতি ভুমির খাজানা বৃদ্ধির কথা।

২০ ধারা। করকর, ওবাইবল্ল, খণ্ডবৎ, ও সর্জ্জবৎ জলশাসন ও আরিয়াৎ ভুমি যেং গ্রামে থাকে, সেইং গ্রামের চলিত রীতি অথবা চুক্তি লিপির নিয়ম অনুসারে না হইলে, ঐং জমির প্রজার খাজানা কিছুমাত্র বৃদ্ধি করা যাইবে না।

Procedure for enhancement of rent

21. No other under-tenant or ryot having a right of occupancy shall be liable to any enhancement of the rent previously paid by him, otherwise than in the manner provided by the three next succeeding sections.

খাজানা বৃদ্ধি করিবার কার্য্যপ্রণালী বিষয়ক কথা।

২১ ধারা। অন্য যে পেটাও প্রজার কি রায়তের দখলীস্বত্ব থাকে সে পূর্ব্বে যে খাজানা দিত, ইহার পরবর্ত্তী তিন ধারার বিধান মতে তাহার সেই খাজানা বৃদ্ধি হইতে পারিবে, অন্য কোন প্রকারে নয়।

Petition to be made to Deputy Commissioner

22 Any person wishing to enhance the rent previously paid to him by any such under-tenant or ryot may present a petition to the Deputy Commissioner to assess the rent on the land in respect of which such enhancement is sought, and (if necessary) to measure the same.

ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত করিতে হইবার কথা।

২২ ধারা। কোন ব্যক্তি উক্ত কোন পেটাও প্রজার কি রায়তের স্থানে যে খাজানা পূর্ব্বে পাইতেন তাহা বৃদ্ধি করিতে চাহিলে, যে ভুমির বৃদ্ধি করিতে চাহেন ডেপুটী কমিশ্যনরের নিকট সেই ভুমির খাজানা ধার্য্য করিবার, ও আবশ্যক হইলে, তাহা মাপ করিবার জন্য দরখাস্ত করিতে পারিবেন।

Particulars to be specified.

23. Such petition shall specify;

the present rent of the under-tenant or ryot against whom the application is made;

the general rate prevailing in the village for different classes of lands;

the date (as nearly as it can be ascertained when the rate was last adjusted in the village;

the rate which the applicant desires demand and

the grounds on which he considers that he is entitled to enhancement.

The provisions of sections 49 and 50 shall apply to all such applications.

বিশেষ যেং কথা লিখিতে হইবে তদ্বিষক কথা।

২৩ ধারা। যে পেটাও প্রজার কি রায়তের বিপক্ষে ঐ দরখাস্ত করা যায়, সে সেই সময়ে কত খাজানা দিয়া থাকে, ও

গ্রামের মধ্যে নানা প্রকারের জমীর খাজানা সাধারণরূপে যেং হারে দেওয়া গিয়া থাকে, ও

গ্রামের মধ্যে খাজানার হার শেষ যে তারিখে ধার্য্য করা যায় তাহা যত দূর জানা যাইতে পারে তত দূর সেই তারিখ,

দরখাস্তকারী যে হারে খাজানা লইতে চাহেন, ও যেং হেতুতে তাঁহার খাজানা বৃদ্ধির অধিকার আছে বলিয়া জ্ঞান হয়, দরখাস্তে এই সকল কথা লিখিতে হইবে।

তদ্রূপ সকল দরখাস্তের প্রতি ৪৯ ও ৫০ ধারার বিধান বর্ত্তিবে।

[*Government Gazette*, 18*th March* 1879.]

Procedure on receipt of petition.

24. On receipt of such petition the Deputy Commissioner shall forthwith give notice of the contents thereof to the under-tenant or ryot holding the land in respect of which enhancement is sought, and may (if necessary) order the same to be measured, and may, upon consideration of all the circumstances set forth in the petition, and after hearing any objection which may be advanced against the proposed enhancement by the said under-tenant or ryot, fix such enhanced rent, or may otherwise alter or vary the rent for the said land as to him may seem fair and reasonable for such period, not being less than ten nor more than twenty years, as he may think fit;

and the rent so fixed or varied shall be payable by such undertenant or ryot from the commencement of the local year following the year in which the order is passed, and may be recovered in any suit preferred against him for arrears of the same.

Provided that nothing in this section shall be held to bar the right of such under-tenant or ryot to claim at any time an abatement of the rent previously paid by him under the provisions f section 27.

দরখাস্ত পাইলে কার্য্য-প্রণালীর কথা।

২৪ ধারা। ডেপুটী কমিশ্যনর উক্ত রূপ দরখাস্ত পাইলে, যে ভূমির খাজানা বৃদ্ধি করিতে চেষ্টা হয়, তাহার পেটাও প্রজাকে কি রায়তকে তৎক্ষণাৎ ঐ দরখাস্তের মর্ম্মের নোটিস দিবেন, এবং আবশ্যক হইলে তাহা মাপ করিবার আদেশ দিতে পারেন, এবং দরখাস্তে বর্ণিত সমুদয় অবস্থা বিবেচনা পূর্ব্বক ও উক্ত পেটাও প্রজা কি রায়ত প্রস্তাবিত খাজানা বৃদ্ধির বিরুদ্ধে যে আপত্তি করে তাহা শুনিয়া, বর্দ্ধিত খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিম্বা অন্য যে প্রকারে ন্যায্য ও সঙ্গত বোধ করেন সেই প্রকারে দশ বৎসরের অন্যূন ও বিশ বৎসরের অনধিক যত কাল উচিত বোধ করেন তত কালের নিমিত্ত তাহা পরিবর্ত্তন বা রূপান্তর করিতে পারিবেন।

ও যে বৎসরে সেই আদেশ করা হয় তৎস্থানে চলিত সনের তৎপর বৎসরের আরম্ভ অবধি ঐ পেটাও প্রজার কি রায়তের সেই নির্দ্ধারিত কি পরিবর্ত্তিত খাজানা দিতে হইবে, ও বাকী পড়িলে মোকদ্দমা করিয়া তাঁহার নিকট ঐ খাজানা আদায় করা যাইতে পারিবে।

কিন্তু ২৭ ধারার বিধানক্রমে পূর্ব্বপ্রদত্ত খাজানা যে কোন সময়ে কমাইবার নিমিত্ত পেটাও প্রজা কি রায়ত যে দাওয়া করিতে পারে, এই ধারার কোন কথায় তাহার বাধা হইবে না।

Commutation of conditions or services to which lands may be subject.

25. When lands are held subject to any conditions or services other than, or besides, the payment of a rent in money, the tenant of such lands, or the person who has the right to receive the rents and services issuing from such lands, may apply in writing to the Deputy Commissioner for the commutation of all such conditions or services.

যে নিয়মে বা যে প্রকারের চাকরী করিয়া ভূমি ভোগ হয় তাহা পরিবর্ত্তনের কথা।

২৫ ধারা। যদি খাজানা না দিয়া কিম্বা খাজানার সহিত অন্য নিয়মে বা কোন প্রকারের চাকরীর উপলক্ষে ভূমি ভোগ হইয়া থাকে, তবে ঐ ভূমির প্রজা, কিম্বা ঐ জমীর খাজানা কি চাকরী পাইতে যে ব্যক্তির অধিকার থাকে তিনি, ডেপুটী কমিশ্যনরের নিকট লিখিয়া সেই সকল নিয়ম কি চাকরী পরিবর্ত্তন করাইবার প্রার্থনা করিতে পারিবেন।

Determination of rent payable in commutation.

26. The Deputy Commissioner shall thereupon cause a notice to be served on each of the persons who, under the last preceding section, would have a right to make such application, and shall fix a date for considering the same; and on such date, or any date thereafter to which the hearing may be postponed, shall proceed to enquire into the matter, and to determine the amount of rent which in his judgment is fairly and equitably payable in commutation of the conditions or services to which such lands may be subject.

তৎপরিবর্ত্তে যত খাজানা দিতে হইবে তাহা স্থির করিবার কথা।

২৬ ধারা। তাহা হইলে, ইহার পূর্ব্ব ধারামতে যাঁহাদের প্রার্থনা করিবার অধিকার থাকে, ডেপুটী কমিশ্যনর তাঁহাদের প্রত্যেক জনের নামে নোটিস জারী করাইয়া ঐ প্রার্থনা বিবেচনা করিবার দিন স্থির করিবেন। ও সেই দিনে, কি সেই দিন স্থগিত হইয়া ঐ বিষয় শুনিবার অন্য যে দিন স্থির করা যায় সেই দিনে, তিনি সেই বিষয়ের অনুসন্ধান লইয়া, যে২ নিয়ম ও চাকরীক্রমে ঐ জমী ভোগ হইয়া থাকে তাহার পরিবর্ত্তে যত খাজানা তাঁহার বিবেচনায় উপযুক্ত ও ন্যায্যরূপে দেয় বোধ হয় তাহা স্থির করিবেন।

Claim of abatement of rent.

27. Any under-tenant or ryot having a right of occupancy, and wishing to claim an abatement of the rent previously paid by him, may present a petition to the Deputy Commis-

খাজানা কমাইতে চাহিবার কথা।

২৭ ধারা। দখলীস্বত্ব বিশিষ্ট পেটাও প্রজা বা রায়ত পূর্ব্বে যে খাজানা দিত তাহা কমাইতে চাহিলে, যে ভূমির কমাইতে চাহে তাহার খাজানা ধার্য্য করিবার,

sioner to assess the rent on the land in respect of which such abatement is sought, and (if necessary) to measure the same.

ও আবশ্যক হইলে তাহা মাপ করিবার জন্য ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত করিতে পারিবে।

Such petition shall specify the particulars mentioned in section 23, and the grounds on which such under-tenant or ryot considers that he is entitled to such abatement.

উক্ত দরখাস্তে ২৩ ধারার যে যে বিবরণ আছে, ও যে যে হেতুতে উক্ত পেটাও প্রজা বা রায়ত আপনাকে কম খাজনা দিতে অধিকারী জ্ঞান করে, সেই সমুদয় লিখিতে হইবে।

The provisions of sections 49 and 50 shall apply to all such applications.

তদ্রূপ দরখাস্তের প্রতি ৪৯ ও ৫০ ধারার সমুদয় বিধান বর্ত্তিবে।

28. On receipt of such petition the Deputy Commissioner shall forthwith give notice of the contents thereof to the person to whom the rent of such under-tenant or ryot is payable, and may (if necessary) order the land to be measured, and may proceed as prescribed by section 24 to fix such abatement of rent, or may otherwise alter or vary the rent for the land of such under-tenant or ryot as to him may seem fair and reasonable for such period not being less than ten nor more than twenty years, as he may think fit;

Procedure on claim of abatement of rent.

২৮ ধারা। ডেপুটী কমিশ্যনর উক্তরূপ দরখাস্ত পাইলে উক্ত পেটাও প্রজা কি রায়ত যে ব্যক্তিকে খাজানা দিয়া থাকে তাঁহাকে ঐ দরখাস্তের মর্ম্মের নোটিস দিবেন, এবং আবশ্যক হইলে ভূমি মাপ করিবার আদেশ দিতে পারিবেন এবং ২৪ ধারানির্দ্দিষ্ট প্রণালীতে কম খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিম্বা অন্য যে প্রকারে ন্যায্য ও সঙ্গত বোধ করেন সেই প্রকারে দশ বৎসরের অন্যূন ও বিশ বৎসরের অনধিক যতকাল উচিত বিবেচনা করেন ততকালের নিমিত্ত সেই খাজানা পরিবর্ত্তিত বা রূপান্তরিত করিতে পারিবেন;

খাজানা কমাইবার দাওয়া করিলে কার্য্যপ্রণালীর কথা।

and the rent so fixed or varied shall be payable by such under-tenant or ryot from the commencement of the local year following the year in which the order is passed, and may be recovered in any suit preferred against him for arrears of the same.

এবং যে বৎসর সেই আদেশ করা হয় তৎস্থানে চলিত সনের তৎপর বৎসরের আরম্ভ অবধি ঐ পেটাও প্রজার কি রায়তের সেই নির্দ্ধারিত কি পরিবর্ত্তিত খাজানা দিতে হইবে, ও বাকী পড়িলে মোকদ্দমা করিয়া তাহার নিকট ঐ খাজানা আদায় করা যাইতে পারিবে।

Provided that nothing in this section shall be held to bar the right of the person to whom the rent of such under-tenant or ryot is payable to claim at any time an enhancement of the rent of such under-tenant or ryot under the provisions of section 22.

কিন্তু যে ব্যক্তিকে পেটাওপ্রজা বা রায়ত খাজানা দিয়া থাকে ২২ ধারার বিধানক্রমে উক্ত পেটাও প্রজা বা রায়তের নিকটে যে কোন সময়ে বর্দ্ধিত খাজানা দাবী করিতে সে ব্যক্তির যে স্বত্ব আছে, এই ধারার কোন কথায় তাহার বাধা হইবে না।

29. Any ryot may relinquish the land held or cultivated by him, provided he gives notice of his intention in writing to the person entitled to the rent of the land, or his authorized agent, in or before the month of Pous of the year preceding that in which the relinquishment is to have effect.

Relinquishment of land by ryot after notice given.

২৯ ধারা। কোন রায়ত যে ভূমি ভোগ কি চাষ করে তাহা ত্যাগ করিতে চাহিলে যে বৎসরাবধি জমি ছাড়িয়া দিতে চাহে তাহার পূর্ব্ব বৎসরের পৌষ মাসে কি তৎপূর্ব্বে ঐ জমার খাজানা পাইবার অধিকারী ব্যক্তিকে কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে, ঐ জমী ত্যাগ করিবার কল্পনার নোটিস দিয়া ত্যাগ করিতে পারিবে।

রায়তের নোটিস দিয়া জমি ত্যাগ করিবার কথা।

If he fails to give such notice, and the land is not let to any other person, he shall continue liable for the rent of the land.

সেই প্রকারের নোটিস না দিলে, ও অন্য ব্যক্তির নিকট জমী পাট্টা করিয়া না দেওয়া গেলে, সেই রায়ত ঐ জমার খাজানার দায়ী থাকিবে।

If the person entitled to the rent of the land, or his agent, refuses to receive any such notice and to sign a receipt for the same, the ryot may make an application to the Deputy Commissioner, who shall thereupon cause the notice to be served on such person or his agent.

সেই জমীর খাজানা পাইবার অধিকারী ব্যক্তি বা তৎপক্ষ কর্ম্মকারক তদ্রূপ নোটিস গ্রহণ করিতে ও তাহা পাইবার রসীদে স্বাক্ষর করিতে অস্বীকার করিলে, ঐ রায়ত ডেপুটী কমিশনরের নিকট দরখাস্ত দিতে পারিবে তাহা হইলে তিনি ঐ ব্যক্তিকে কি তাঁহার কর্ম্মকারককে ঐ নোটিস দেওয়াইবেন।

[*Government Gazette*, 18*th March* 1879.]

30. Any instalment of rent which is not paid on or before the day when the same is payable according to the pottah or engagement, or, if there is no written specification of the time of payment, at or before the time when such instalment is payable according to established usage, shall be held to be an arrear of rent under this Act, and in the absence of any written agreement to the contrary, shall be liable to interest at six per centum per annum.

What to be deemed an arrear of rent under this Act.

৩০ ধারা। পাট্টা কি অঙ্গীকারক্রমে খাজানার যে কিস্তি যে দিনে দেনা পড়ে সেই দিনে বা তৎপূর্ব্বে, কিম্বা লেখা পড়া হইয়া খাজানা দিবার কোন সময় নির্দ্দিষ্ট না থাকিলে প্রচলিত রীতমতে কিস্তি যে সময়ে দেনা পড়ে সেই সময়ে কি তাহার পূর্ব্বে না দেওয়া গেলে, এই আইনমতে বাকী বলিয়া জ্ঞান হইবেক, ও লিখিত অঙ্গীকারমতে অন্য প্রকারের বিধান না থাকিলে, ঐ বাকীর উপর বৎসর শতকরা ৬ ছয় টাকার হিসাবে সুদ চলিবে।

এই আইনমতে যাহা বাকী খাজানা বলিয়া জ্ঞান হইবে তদ্বিষয়ক কথা।

31. When an arrear of rent remains due from any ryot at the end of the Bengal or Sambut year, or at the end of the month of Jeth of the Fusly or Willayutee year, as the case may be, such ryot shall be liable to be ejected from the land in respect of which the arrear is due, but only in execution of a decree or order passed under the provisions of this Act.

Liability of ryot to be ejected for arrear due.

৩১ ধারা। বাঙ্গালা বা সংবৎ বৎসরের শেষে, কিম্বা স্থল বিশেষে ফসলী কি বিলায়তী সনের জ্যৈষ্ঠ মাসের শেষে কোন রায়তের খাজানা বাকী থাকিলে, যে জমীর নিমিত্ত ঐ খাজানা বাকী আছে তাহা হইতে রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে, কিন্তু এই আইনের বিধানমতে ডিক্রী কি হুকুম জারী না করিয়া তাহাকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে না।

বাকীর নিমিত্ত রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবার কথা।

32. When an arrear of rent is adjudged to be due from any farmer or other lease-holder not having a permanent or transferable interest in the land, the lease of such leaseholder shall be liable to be cancelled and the leaseholder to be ejected.

Liability of farmer to have his lease cancelled for arrear adjudged due.

Provided that no such lease shall be cancelled, nor the leaseholder ejected, otherwise than in execution of a decree or order under the provisions of this Act.

৩২ ধারা। ভূমিতে যে ইজারদারের কি অন্য পাট্টাদারের চিরকালীন কিম্বা হস্তান্তরযোগ্য সম্পর্ক না থাকে বিচারমতে তাহার খাজানা বাকী বলিয়া নির্ণয় হইলে, ঐ পাট্টাদারের পাট্টা রহিত করা ও তাহাকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে।

বিচারমতে ইজারদারের বাকী আছে বলিয়া নির্ণয় হইলে তাহার পাট্টা রহিত হইতে পারিবার কথা।

কিন্তু এই আইনের বিধানমতে ডিক্রী কি হুকুম জারী না হইয়া পাট্টা রহিত করা কি পাট্টাদারকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে না।

33. Every proprietor of an estate or tenure, or other person in receipt of the rents of an estate or tenure, has a right to make a general survey or measurement of the lands comprised in such estate or tenure, unless restrained from doing so by express engagement with the occupants of the lands.

Measurement of lands.

If any person intending to measure any land which he has a right to measure is opposed in making such measurement by the occupant of the land,

or if any under tenant or ryot, having received notice of the intended measurement of land held or cultivated by him which is liable to such measurement, refuses to attend and point out such land,

such person may make application to the Deputy Commissioner, and the Deputy Commissioner shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and shall pass an order either

৩৩ ধারা। ভূমির দখলীকারদের সঙ্গে স্পষ্ট নিয়মক্রমে বাধা না হইয়া থাকিলে, মহালের কি যোতের অন্তর্গত জমীর সাধারণমতে জরীপ কি মাপ করিতে ঐ মহালের কি যোতের স্বামির, কিম্বা অন্য যে ব্যক্তি উক্ত মহালের কি যোতের খাজানা পাইয়া থাকেন তাঁহার, স্বত্ব আছে।

জমী মাপিবার কথা।

যে ব্যক্তির কোন ভূমি মাপ করিবার স্বত্ব আছে তিনি তাহা করিতে মনস্থ করিলে যদি ভূমির দখলীকার তাঁহার সেই মাপ করণ কার্য্যের বাধা দেয়,

কিম্বা কোন পেটাও প্রজার কি রায়তের ভোগ কি চাষ করা জমী মাপ হইবার যোগ্য হইলে ও মাপ করিবার কল্পনা আছে এই মর্ম্মের নোটিস পাইলে সে যদি হাজির হইয়া ঐ জমী দেখাইয়া দিতে অস্বীকার করে,

তবে উক্ত ব্যক্তি ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। তাহা করিলে ডেপুটী কমিশ্যনর এই আইনমত মোকদ্দমা করিবার বিধানানুসারে সেই বিষয়ের অনুসন্ধান লইয়া ঐ জমী মাপ করিবার বা না করিবার আজ্ঞা দিবেন ও প্রয়োজন হইলে ঐ

allowing or disallowing the measurement, and, if the case so require, enjoining or excusing the attendance of any such under-tenant or ryot.

পেটাও প্রজার কি রায়তের হাজির হইবার আজ্ঞা করিবেন বা তাহা ক্ষমা করিবেন।

If any under-tenant or ryot, after the issue of an order enjoining his attendance, neglects to attend, it shall not be competent to him to contest the correctness of the measurement made in his absence.

হাজির হইবার হুকুমজারী হইলে পর যদি পেটাও প্রজা কি রায়ত হাজির না হয় তবে সে হাজির না থাকিতে জমির মাপ হওনে পর তাহার দোষ দেখাইয়া আপত্তি করিতে পারিবে না।

34. All dependent talookdars and other persons possessing a permanent heritable interest in land intermediate between the zemindar and the cultivator are required to register, in the sherishteh of the zemindar or superior tenant to whom the rents of their talooks or tenures are payable all transfers of such talooks or tenures, or portions of them, by succession or inheritance.

Registration of transfers of talooks, &c.

৩৪ ধারা। সকল মফঃসলী তালুকদারের প্রতি ও জমীদারের এবং চাষির মধ্যবর্ত্তি অন্য যে ব্যক্তিরা ভূমিতে চিরকালীন ও পুত্রপৌত্রাদিক্রমে ভোগ্য সম্পর্ক প্রাপ্ত হন তাঁহাদের প্রতি এই আদেশ থাকিল যে, ঐ তালুক কি যোত কি তাহার কোন অংশ উত্তরভোগিত্ব বা উত্তরাধিকারক্রমে হস্তান্তর করা গেলে জমিদারের সেরেস্তায় কিম্বা ঐ তালুকের কি ভূমির খাজানা উপরিস্থ যে পাটাদারকে দিয়া থাকেন তাঁহার সেরেস্তায় ঐ সকল হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করান।

তালুক প্রভৃতি হস্তান্তরিত হইলে তাহা রেজিষ্টরী করিবার কথা।

Every zemindar or superior tenant is required to admit to registry and otherwise give effect to all such transfers.

প্রত্যেক জমীদারের কি উপরিস্থ পাট্টাদারের প্রতি এই আদেশ থাকিল যে, তাঁহারা ঐ সকল হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিয়া লন ও প্রকারান্তরে তাহা গ্রহণ করেন।

Application for the registration of all such successions as may have occurred previously to the commencement of this Act shall be made within two years from the commencement thereof, and for future successions within one year from the date on which the succession occurred: and if such application be not made within the period herein specified, the zemindar or superior tenant may apply to the Deputy Commissioner to put him in possession of the talook or tenure.

যে সকল ভূমি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উত্তরাধিকারির হস্তগত হইয়াছে এই আইন প্রচলিত হইবার পর দুই বৎসরের মধ্যে তাহা রেজিষ্টরী করিবার প্রার্থনা করিতে হইবে, ও ইহার পরে উত্তরাধিকারির হস্তগত হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে তাহা রেজিষ্টরী করিতে হইবে। ও এই ধারার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজিষ্টরী করিবার প্রার্থনা না হইলে জমীদার কি উপরিস্থ পাট্টাদার ডেপুটী কমিশানরের নিকট ঐ তালুকের কি ভূমির দখল পাইবার প্রার্থনা করিতে পারিবেন।

On receipt of such application the Deputy Commissioner shall issue a notice to the talookdar or tenure-holder in possession, requiring him to register the transfer within three months from the receipt of the notice, and if he neglects or refuses so to register, the Deputy Commissioner may, on proof to his satisfaction being given of the service of the notice, put the zemindar or superior tenant aforesaid in possession of the talook or tenure.

ডেপুটী কমিশানর সেই প্রকারের প্রার্থনাপত্র পাইলে, ভূমি যে তালুকদারের কি যোতদারের দখলে থাকে তাঁহার নামে নোটিস জারী করিয়া, ঐ নোটিস পাওয়ার পর তিন মাসের মধ্যে ঐ হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিতে আজ্ঞা দিবেন। তাহা হইলেও তিনি রেজিষ্টরী করিতে উপেক্ষা কি অস্বীকার করিলে, ঐ নোটিস তাহার উপর জারী হইয়াছে ডেপুটী কমিশানর সন্তোষমতে তাহার প্রমাণ পাইলে, ঐ জমীদারকে কি উপরিস্থ পাট্টাদারকে ঐ তালুক কি যোত দখল দেওয়াইতে পারিবেন।

35. The provisions of the last preceding section shall also be applicable to the sale of such under-tenures as are mentioned in section 123, and to the sale of the right and title of any person under section 124.

Provisions of section 34 applicable to sale of under-tenures.

৩৫ ধারা। ১২৩ ধারায় যে পেটাও তালুকের কথা আছে তাহার হস্তান্তরের প্রতি, ও ১২৪ ধারাক্রমে কোন ব্যক্তির স্বত্ব ও অধিকার বিক্রয়ের প্রতি ইহার পূর্ব্ব ধারার বিধান খাটিবে।

৩৪ ধারার বিধান পেটাও তালুক বিক্রয়ের প্রতি খাটিবার কথা।

36. If any zemindar or superior tenant refuses to admit to registry or otherwise to give effect to any such transfer as is mentioned in the two last preceding sections, the transferee may make application to the Deputy Commissioner, and the Deputy Commissioner

Procedure on refusal to register.

৩৬ ধারা। কোন জমীদার কি উপরিস্থ পাট্টাদার উত্তরাধিকার ক্রমে ভূমির পূর্ব্ববর্ত্তী দুই ধারার উল্লিখিত তদ্রূপ হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিতে কি প্রকারান্তরে গ্রহণ করিতে অস্বীকার করিলে, ঐ উত্তরাধিকারী ডেপুটী কমিশানরের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা করিলে, ডেপুটী

রেজিষ্টরী করিতে অস্বীকার হইলে কার্য্যপ্রণালীর কথা।

shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and if no sufficient grounds are shown for the refusal, shall pass an order enjoining the zemindar or superior tenant to admit to registry and otherwise give effect to such transfer.

Provided that no zemindar or superior tenant shall be required to admit to registry, or give effect to any division or distribution of the rent payable on account of any such tenures, nor shall any such division or distribution of rent be valid without the consent in writing of the zemindar or superior tenant.

Cognizance of suits under this Act.

37. (1) All suits for the delivery of pottahs or kubooliyets, or for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered;

(2) all suits for damages on account of the illegal exaction of rent or of any unauthorized cess or impost, or on account of the refusal of receipts for rent paid, or on account of the extortion of rent by confinement or other duress;

(3) all complaints of excessive demand of rent, and all claims to abatement of rent;

(4) all suits for arrears of rent due on account of land either rent-paying or rent-free, or on account of any rights of pasturage, forest-rights, fisheries, or the like;

(5) all suits to eject any ryot, or to cancel any lease on account of the non-payment of arrears of rent, or on account of a breach of the conditions of any contract by which a ryot may be liable to ejectment, or a lease may be liable to be cancelled;

(6) all suits to recover the occupancy or possession of any land, farm, or tenure, from which a ryot, farmer, or tenant has been illegally ejected by the person entitled to receive rent for the same;

(7) all suits by zemindars and others in receipt of the rent of land, against any agents employed by them in the management of land or collection of rents, or the sureties of such agents, for money received or accounts kept by such agents in the course of such employment, or for papers in their possession;

shall be cognizable by the Deputy Commissioners, and shall be instituted and tried under the provisions of this Act, and shall not be cognizable in any other court, except in the way of appeal as provided in this Act.

কমিশনর এই আইনমত মোকদ্দমা করিবার বিধান অনুসারে ঐ বিষয়ের অনুসন্ধান করিবেন, ও অস্বীকার করণের কোন বিশিষ্ট কারণ দেখান না গেলে, জমিদারের কি উপরিস্থ পাট্টাদারের নামে হুকুম জারী করিয়া সেই হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিতে ও প্রকারান্তরে তাহা গ্রহণ করিতে আজ্ঞা দিবেন।

কিন্তু উক্ত মোতের নিমিত্ত যে খাজানা দেয় কোন জমীদারের কি উপরিস্থ পাট্টাদারের প্রতি সেই খাজানার কোন বিভাগ কি বণ্টনকার্য্য রেজিষ্টরী কি গ্রহণ করিতে আজ্ঞা হইবে না, ও জমীদার কি উপরিস্থ পাট্টাদার লিখিয়া সম্মতি না দিলে সেই খাজানার বিভাগ কি বণ্টন কার্য্য সিদ্ধ কি বলবৎ হইবে না।

৩৭ ধারা। (১) পাট্টা কি কবুলয়ত পাইবার মোকদ্দমা, ও খাজানার যে হারে পাট্টা কি কবুলয়ত দিতে হইবে তাহা নির্দ্ধারণার্থ মোকদ্দমা,

এই আইনমত বিচার্য্য মোকদ্দমার কথা।

(২) খাজানা কি অননুমোদিত আবওয়াব কি কর বেআইনীমতে বলপূর্ব্বক লওয়াতে কিম্বা খাজানা দেওয়া গেলেও রসিদ দিতে অস্বীকার করাতে কিম্বা কয়েদ করিয়া কি অন্য প্রকারে আটক রাখিয়া ভয় দেখাইয়া খাজানা লওয়াতে ক্ষতিপূরণের সকল মোকদ্দমা,

(৩) অতিরিক্ত খাজানার দাওয়া হেতুক সকল নালিশ ও খাজানা কমাইয়া দিবার সকল দাওয়া,

(৪) সকর বা নিষ্কর জমীর নিমিত্ত কিম্বা গোচারণ কি বনকর কি জলকর প্রভৃতি স্বত্বের নিমিত্ত বাকী খাজানার সকল মোকদ্দমা,

(৫) বাকী খাজানা না দেওয়া প্রযুক্ত কিম্বা চুক্তির যে নিয়ম ভঙ্গ হইলে রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে কি তাহার পাট্টা রহিত করা যাইতে পারে তৎপ্রযুক্ত কোন রায়তকে উঠাইয়া দিবার কি পাট্টা রহিত করিবার সকল মোকদ্দমা,

(৬) কোন জমীর কি ইজারার কি তালুকের খাজানা পাইবার অধিকারী ব্যক্তি বেআইনীমতে সেই জমী প্রভৃতি হইতে রায়তকে কি ইজারদারকে কি প্রজাকে উঠাইয়া দিলে ঐ রায়ত প্রভৃতির সেই জমীর দখল বা অধিকার পুনরায় পাইবার সকল মোকদ্দমা,

(৭) জমীদারেরা ও অন্য যে ব্যক্তিরা জমীর খাজানা পাইয়া থাকেন তাঁহারা জমির বন্দোবস্ত করিবার কিম্বা খাজানা আদায় করিবার নিমিত্ত যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করেন সেই কর্ম্মকারকেরা ঐ কর্ম্মে নিযুক্ত থাকিবার সময়ে যে টাকা পান ও যে হিসাব রাখেন তাহার কিম্বা তাঁহাদের অধিকারগত কাগজপত্র পাইবার নিমিত্ত ঐ কর্ম্মকারকদের বা তাঁহাদের জামীনদের নামে ঐ জমীদারদের ও ঐ অন্য ব্যক্তিদের সকল মোকদ্দমা,

ডেপুটী কমিশনরদের বিচার্য্য হইবে, ও এই আইনের বিধানমতে উপস্থিত ও বিচার করা যাইবে ও এই আইনমতে আপীল হওয়া ভিন্ন অন্য কোন আদালতে বিচার্য্য হইবে না।

38. The Deputy Commissioner may, with the consent of the parties, refer any suit under this Act to arbitration, and the provisions of sections 506 to 522 (both inclusive) of the Code of Civil Procedure shall, as far as may be practicable, apply to such references.

Power to refer to arbitration.

39. In every suit under this Act, of the nature of those specified in the first, second, third, or fourth clauses of section 37, and in applications for enhancement, abatement or measurement under sections 22, 27 or 33, any number of ryots or other tenants may sue or be sued collectively, and it shall be no ground for dismissing the suit or refusing to hear the application that such ryots or other tenants are wrongly joined as plaintiffs or defendants, provided that all such ryots or other tenants hold land in the same village;

Suit may be brought by or against any number of ryots collectively.

but no order shall be passed in such case, unless the officer making the same is satisfied that all parties have had an opportunity to appear and make objection to any claims preferred against them;

and if at any time it shall appear to the Deputy Commissioner that the question between any two of the parties, of whom one is so joined with others, cannot conveniently be so jointly tried, the Deputy Commissioner may order a separate trial to be held.

40. Every order passed in any such case as is mentioned in the first clause of the last preceding section shall specify the extent to which each of the ryots or other tenants named in the order shall be affected thereby.

Order to specify how far applies to each ryot.

41. All suits which, under this Act, may be brought by or against zemindars or other persons in the receipt of the rent of land, may be brought by or against surburakars or tuhseeldars of estates held under khas management, whether such estates are the property of Government or of individuals.

Suits by or against surburakars or tuhseeldars of estates held khas.

42. Except as otherwise herein provided, all suits instituted under this Act shall be commenced within the period of one

General rule for limitation of suits.

৩৮ ধারা। ডেপুটী কমিশানর উভয় পক্ষের সম্মতি লইয়া এই আইনমত কোন মোকদ্দমা সালিসীতে অর্পণ করিতে পারিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫০৬ অবধি ৫২২ পর্য্যন্ত ধারার বিধান যত দূর খাটিতে পারে তত দূর ঐ সালিসী কার্য্যের প্রতি খাটিবে।

সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। এই আইনমতে ৩৭ ধারার প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ প্রকরণের নির্দ্দিষ্ট কোন মোকদ্দমা, এবং ২২ ও ২৭ ও ৩৩ ধারামতে খাজানা বৃদ্ধি ও খাজানা কম ও জমী মাপ করিবার দরখাস্ত রায়তেরা কি অন্য প্রজারা যত জন হউক একত্র হইয়া উপস্থিত করিতে পারিবে ও একত্র তাহাদের নামে উপস্থিত করা যাইতে পারিবে। এবং ঐ সকল রায়ত কি অন্য প্রজা যদি একই গ্রামে জমী ভোগ করিয়া থাকে তবে তাহাদিগকে বাদী কি প্রতিবাদিস্বরূপ অন্যায়মতে একত্র ধরা গিয়াছে বলিয়া ঐ মোকদ্দমা ডিসমিস করিবার কি দরখাস্ত না শুনিবার কারণ হইবে না।

রায়ত যত জন হউক একত্র তাহাদের মোকদ্দমা উপস্থিত করিতে কি তাহাদের নামে উপস্থিত হইতে পারিবার কথা।

কিন্তু সকল পক্ষ উপস্থিত হইবার ও তাঁহাদের নামে যে কোন দাওয়া থাকে তাহার বিরুদ্ধে আপত্তি করিবার সুযোগ পাইয়াছেন উক্ত কর্ম্মকারক ইহা অবোধমতে না জানিলে, তদ্রূপ স্থলে কোন আজ্ঞা করা যাইবে না।

আরো কোন দুই পক্ষের মধ্যে যে বিবাদ হয়, অন্যদের সঙ্গে এক পক্ষের সংযুক্ত হওয়াতে সেই সংযুক্ত ভাবে ঐ বিবাদের বিচার সুবিধামতে হইতে পারে না, ডেপুটী কমিশানর কোন সময়ে ইহা দেখিতে পাইলে তিনি স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

৪০ ধারা। ইহার পূর্ব্ব ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট প্রত্যেক মোকদ্দমায় যে আজ্ঞা করা যায়, তাহা ঐ আজ্ঞাপত্রের লিখিত প্রত্যেক জন রায়তের কি প্রজার প্রতি যত দূর খাটে, ঐ আজ্ঞাপত্রে বিশেষ করিয়া লিখিতে হইবে।

আজ্ঞা প্রত্যেক জন রায়তের প্রতি যত দূর খাটে তাহা নির্দ্দিষ্ট করিবার কথা।

৪১ ধারা। এই আইনমতে জমিদারেরা, কিম্বা অন্য যে ব্যক্তিরা জমীর খাজানা পাইয়া থাকেন তাঁহাদের দ্বারা বা তাঁহাদের নামে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে খাস তহসীলের মহাল গবর্ণমেণ্টের বা কোন ব্যক্তির সম্পত্তি হউক, সেই খাস মহালের সরবরাহকারদের বা তহসীলদারদের দ্বারা বা তাঁহাদের নামে সেই সকল মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

খাস মহালের সরবরাহকারদের কি তহসীলদারদের মোকদ্দমার বা তাহাদের নামে মোকদ্দমার কথা।

৪২ ধারা। এই আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, এই আইনমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা নালিশের

মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের সাধারণ বিধির কথা।

year from the date of the accruing of the cause of action.

43. Suits for the delivery of pottahs or kubooliyets, and for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered, may be instituted at any time during the tenancy.

Limitation of suits for grant of pottahs, &c.

44. Suits for the recovery of arrears of rent shall be instituted within three years from the last day of the Bengal or Sambut year, or from the last day of the month of Jeth of the Fusly or Willayutee year, in which the arrear claimed shall have become due.

Limitation of suits for arrears of rent.

Provided that, if the suit be for the recovery of rent at a higher rate than was payable in the previous year, such rent not having been enhanced by the Deputy Commissioner under this Act, the suit shall be instituted within three months from the end of the Bengal or Sambut year, or of the month of Jeth of the Fusly or Willayutee year, on account of which such enhanced rent is claimed.

45. Suits for the recovery of money in the hands of an agent, or for the delivery of accounts or papers by an agent, may be brought at any time during the agency, or within one year after the determination of the agency of such agent.

Limitation of suits against agents for money, papers, or accounts.

Provided that, if the person having the right to sue shall, by means of fraud, have been kept from the knowledge of the receipt of any such money by the agent, or if any fraudulent account shall have been rendered by the agent, the suit may be brought within one year from the time when the fraud shall have been first known to such person; but no such suit shall in any case be brought at any time exceeding three years from the termination of the agency.

46. Suits under this Act shall be instituted by presenting to the Deputy Commissioner a plaint or statement of claim, which shall contain

Mode of instituting suits. Form of statement of claim.

the name, description, and place of abode of the plaintiff;

the name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained;

the substance of the claim; and

the date of the cause of action.

হেতু ঘটিবার সময়াবধি এক বৎসর মিয়াদের মধ্যে উপস্থিত করিতে হইবে।

৪৩ ধারা। পাট্টা কি কবুলিয়ৎ পাইবার মোকদ্দমা ও খাজানার যে হারে ঐ পাট্টা কি কবুলিয়ৎ দেওয়া যাইবে তাহা নির্ণয় করণার্থ মোকদ্দমা প্রজার ভোগ করিবার কালে যে কোন সময়েই উপস্থিত করা যাইতে পারিবে।

পাট্টা প্রভৃতি পাইবার মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের কথা।

৪৪ ধারা। বাকী খাজানার দাওয়া হইলে তাহা যে বৎসরে বাকী পড়ে বাঙ্গালা কি সম্বৎ বৎসর হইলে ঐ বৎসরের শেষ দিন অবধি, ও ফসলী কি বিলায়তী সন হইলে জৈষ্ঠ মাসের শেষ দিন অবধি তিন বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

বাকী খাজানার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের কথা।

কিন্তু পূর্ব্ব বৎসরের যত খাজানা দেওয়া যাইত তদপেক্ষা বর্দ্ধিত হারে খাজানা পাইবার মোকদ্দমা হইলে, এবং উক্ত বর্দ্ধিত খাজানা এই আইনমতে ডেপুটী কমিশ্যনর দ্বারা ধার্য্য করা না হইলে, যে বৎসরের সেই বর্দ্ধিত খাজানার দাওয়া হয় বাঙ্গালা কি সম্বৎ বৎসর হইলে তাহার শেষ অবধি কিম্বা ফসলী কি বিলায়তী সন হইলে জৈষ্ঠ মাসের শেষ অবধি তিন মাসের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

৪৫ ধারা। কর্ম্মকারকের হস্তগত টাকা পাইবার কিম্বা কর্ম্মকারকের হিসাব কি কাগজপত্র পাইবার নিমিত্তে মোকদ্দমা হইলে, ঐ কর্ম্মকারকের কর্ম্ম থাকিতে কিম্বা কর্ম্ম যাইবার পর এক বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার নিমিত্ত কর্ম্মকারকের নামে মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের কথা।

কিন্তু যে ব্যক্তির ঐ মোকদ্দমা উপস্থিত করিবার অধিকার আছে তাঁহার নিকট যদি প্রতারণাক্রমে কর্ম্মকারক ঐ টাকা পাইবার কথা গুপ্ত রাখিয়া থাকে কিম্বা কর্ম্মকারক যদি প্রতারণাপূর্ব্বক কোন হিসাব দিয়া থাকে, তবে সেই ব্যক্তি সেই প্রতারণার কথা প্রথম যখন জানিতে পারেন সেই সময়াবধি এক বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

কিন্তু কর্ম্ম যাইবার সময়াবধি তিন বৎসর গত হইলে পর, তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

৪৬ ধারা। আবেদনপত্র কিম্বা দাওয়ার বর্ণনাপত্র ডেপুটী কমিশ্যনরের নিকট দাখিল করিয়া এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করা যাইবে। ঐ বর্ণনাপত্রে বাদির নাম ও পদবী প্রভৃতি ও বাসস্থান, ও

মোকদ্দমা যে প্রকারে উপস্থিত করা যাইবে তাহার কথা ও দাওয়ার বর্ণনা লিখিবার পাঠ।

যত দূর জানা যাইতে পারে তত দূর প্রতিবাদির নাম ও পদবী প্রভৃতি ও বাসস্থান, ও

দাওয়ার মর্ম্ম ও

নালিশের হেতুর তারিখ লিখিতে হইবে।

47. If the suit is for the recovery of an arrear of rent, the statement of claim shall specify

Form of statement in suits for arrears of rent.

the name of the village and estate;

the name of the pergunnah or other local division in which the land is situated;

(if the arrear is alleged to be due from any ryot), the quantity of land,

(where fields have been numbered in a Government survey), the number of each field;

the yearly rent of the land;

the amount (if any) received on account of the year for which the claim is made;

the amount in arrear; and

the time in respect of which it is alleged to be due.

48. If the suit is for the ejectment of a ryot, farmer, or tenant from any land, farm, or tenure, or for the recovery of the occupancy or possession of any land, farm, or tenure, the statement of claim shall specify (as circumstances may require) the extent, situation, and designation of the same; and (if necessary for the identification of the land) the boundaries of such land.

Form of statement in suits for ejectment of ryot, &c., or for recovery of occupancy or possession of land, &c.

49. The statement of claim shall be presented by the plaintiff, or by an authorized agent of the plaintiff who has personal knowledge of the facts of the case, or by an agent who shall be accompanied by a person who has such knowledge.

Statement by whom to be presented.

50. The statement of claim shall be subscribed and verified at the foot by the plaintiff or his agent in the manner following, or to the like effect:—

Verification of statement.

I, A. B., do declare that the above statement is true to the best of my knowledge and belief.

51. If the plaintiff relies in support of his claim on any document in his possession, he shall deliver the same to the Deputy Commissioner at the time of presenting his statement of claim.

Documentary evidence to be produced by plaintiff.

Unless such document be delivered, or its non-production be sufficiently excused, or unless the Deputy Commissioner see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

৪৭ ধারা। বাকী খাজানা আদায়ের নিমিত্তে মোকদ্দমা হইলে, গ্রাম ও মহালের নাম ও

বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমায় ঐ বর্ণনা পত্রের পাঠের কথা।

যে পরগণার বা স্থানীয় অন্য যে খণ্ডে ভূমি থাকে সেই পরগণা বা স্থানীয় খণ্ডের নাম, ও

রাইয়তের স্থানে বাকী খাজানা পাওনা বলিয়া কথা গেলে কত জমী আছে, ও

গবর্ণমেণ্টের জরীপী নকশায় ক্ষেত্রের নম্বর দেওয়া গিয়া থাকিলে প্রত্যেক ক্ষেত্রের নম্বর, ও

জমীর সালিয়ানা খাজানা, ও

যে বৎসরের খাজানার দাওয়া হয় সেই বৎসরের কিছু খাজানা পাওয়া গিয়া থাকিলে কত পাওয়া গিয়াছে, ও

কত বাকী আছে, ও

যে সময় সম্বন্ধে তাহা পাওনা আছে বলিয়া কথিত হয় সেই সময় ঐ বর্ণনাপত্রে লিখিতে হইবে।

৪৮ ধারা। কোন জমী কি ইজারা কি যোত হইতে রাইয়তকে কি ইজারদারকে কি যোতদারকে উঠাইয়া দিবার, কিম্বা কোন জমির কি ইজারার কি যোতের দখল কি অধিকার ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা হইলে, দাওয়ার বর্ণনাপত্রের মধ্যে অবস্থা বিবেচনায় জমী প্রভৃতির পরিমাণ ও স্থান ও নাম লিখিতে হইবে ও ভূমি চিনিবার নিমিত্ত আবশ্যক হইলে ঐ জমীর সীমা সরহদ্দ লিখিতে হইবে।

রাইয়ত প্রভৃতিকে উঠাইয়া দিবার কিম্বা ভূমি প্রভৃতির দখল কি অধিকার ফিরিয়া পাইবার মোকদ্দমায় বর্ণনাপত্রের পাঠের কথা।

৪৯ ধারা। বাদী আপনি কিম্বা বাদির স্থানে অধিকার প্রাপ্ত যে মোক্তার মোকদ্দমার বৃত্তান্ত জানেন কিম্বা তদ্রূপ সকল বৃত্তান্ত অবগত আছেন এরূপ ব্যক্তি সহকৃত মোক্তার ঐ দাওয়ার বর্ণনাপত্র উপস্থিত করিবেন।

বর্ণনাপত্র যাহার দিতে হইবে তদ্বিষয়ের কথা।

৫০ ধারা। বাদী কিম্বা তাঁহার মোক্তার ঐ দাওয়ার বর্ণনাপত্রের নিম্নভাগে স্বাক্ষর করিয়া নিম্নলিখিত কথানুসারে কি তাহার মর্ম্মমতে সত্য পাঠ লিখিবেন,

বর্ণনাপত্রে সত্য পাঠের কথা।

"ক খ বাদী আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য জানিয়া কবুল হইয়া প্রতিজ্ঞাপূর্ব্বক জানাইতেছি।"

৫১ ধারা। বাদির নিকট যে দলীল থাকে তাহার উপর তাঁহার দাওয়ার প্রতিপোষণের নির্ভর হইলে তিনি যে সময়ে দাওয়ার বর্ণনাপত্র উপস্থিত করেন সেই সময়ে ডেপুটী কমিশ্যনরকে ঐ দলীলও দিবেন।

বাদির দলীল উপস্থিত করিবার কথা।

সেই দলীল দেওয়া না গেলে, কিম্বা তাহা উপস্থিত না করিবার উপযুক্ত কারণ জানান না গেলে, কিম্বা ডেপুটী কমিশ্যনর তাহা উপস্থিত করিবার মিয়াদ বাড়াইয়া দেওয়া উচিত বোধ না করিলে, ঐ দলীল পরে গ্রাহ্য হইবে না।

52. If the plaintiff requires the production of any document in the possession or power of the defendant, he may, at the time of presenting his statement of claim, deliver to the Deputy Commissioner a description of the document, in order that the defendant may be required to produce the same.

Plaintiff may require production of document from defendant.

53. If the statement of claim does not contain the several particulars hereinbefore required to be specified therein, or is not subscribed and verified as hereinbefore required, the Deputy Commissioner may return the statement to the plaintiff, or at his discretion allow it to be amended.

Statement may be returned or allowed to be amended.

54. If the statement of claim is in proper form, the Deputy Commissioner, except as otherwise hereinafter specially provided, shall direct the issue of a summons to the defendant, and if the plaintiff requires the personal attendance of the defendant, and satisfies the Deputy Commissioner that such personal attendance is necessary, or the Deputy Commissioner of his own accord requires such personal attendance, the summons shall contain an order for the defendant to appear personally on a day to be specified in the summons; otherwise the summons shall order the defendant to appear personally, or by an agent duly authorized on his behalf who has personal knowledge of the subject, or who shall be accompanied by a person who has such personal knowledge.

Issue of summons; personal attendance of defendant may be required.

55. The day to be specified in the summons shall be fixed with reference to the state of the file, and the distance that the defendant may be, or be supposed to be, at the time from the place where the court is held, and the summons shall order the defendant to produce any document which he may have in his possession, of which the plaintiff demands inspection, or upon which the defendant may intend to rely in support of his defence.

The day to be specified in the summons how to be fixed. Defendant to be ordered to produce necessary documents, and to bring witnesses willing to attend without process.

It shall also enjoin him to bring with him his witnesses if they are willing to attend without issue of process, and shall be in the form contained in Schedule D hereto annexed, or to the like effect.

56. The amount of the cost of serving the summons, or, if a warrant is issued as provided in the next succeeding section, of

Cost of serving summons or warrant to be deposited in court.

৫২ ধারা। প্রতিবাদির নিকটে যে দলীল থাকে তাহা উপস্থিত করিতে বাদির প্রয়োজন থাকিলে, প্রতিবাদির প্রতি তাহা উপস্থিত করিবার আদেশ যেন করা যায় এই নিমিত্ত বাদী দাওয়ার বর্ণনাপত্র প্রদান সময়ে ডেপুটী কমিশ্যনরকে ঐ দলিলের বর্ণনা দাখিল করিতে পারিবেন।

প্রতিবাদির দলীল উপস্থিত করিতে বাদির আদেশ করিতে পারিবার কথা।

৫৩ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে দাওয়ার বর্ণনাপত্রে যেই বৃত্তান্ত লিখিবার আদেশ হইল, তাহা ঐ পত্রে লেখা না থাকিলে, কিম্বা পূর্ব্বোক্ত বিধানমতে তাহাতে স্বাক্ষর করা কি সত্যপাঠ লেখা না গেলে, ডেপুটী কমিশ্যনর বাদিকে তাহা ফিরাইয়া দিতে কিম্বা স্বীয় বিবেচনামতে তাহা শুধরাইয়া দিবার অনুমতি দিতে পারিবেন।

বর্ণনাপত্র ফিরাইয়া দিতে কিম্বা শুধরাইবার অনুমতি দিতে পারিবার কথা।

৫৪ ধারা। দাওয়া বর্ণনাপত্র উপযুক্ত পাঠে লেখা থাকিলে, নিম্নলিখিত যে স্থলের অন্যরূপ বিশেষ বিধান হইয়াছে সেই স্থল ব্যতীত ডেপুটী কমিশনর প্রতিবাদির নামে সমন দিবার আজ্ঞা করিবেন, এবং যদি বাদী প্রতিবাদির স্বয়ং উপস্থিত হওয়ার প্রার্থনা করিলে, ও তাহার স্বয়ং উপস্থিত হওয়া আবশ্যক বলিয়া ডেপুটী কমিশনরের হৃদ্বোধ জন্মাইলে, কিম্বা ডেপুটী কমিশনর আপনার বিবেচনায় তাঁহার স্বয়ং উপস্থিত হওয়া প্রয়োজন বোধ করেন, সমনপত্রে প্রতিবাদির প্রতি স্বয়ং ঐ সমনের নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইবার আদেশ থাকিবে, তাহা না হইলে প্রতিবাদির প্রতি স্বয়ং কিম্বা আপনার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার নিজে ঐ বিষয় জ্ঞাত আছেন তাঁহার দ্বারা কিম্বা ঐ বিষয় অবগত আছেন এরূপ লোক সহকৃত মোক্তারের দ্বারা উপস্থিত হইবার আজ্ঞা হইবে।

সমন জারীর কথা ও প্রতিবাদির নিজে উপস্থিত হইবার আদেশ হইতে পারিবার কথা।

৫৫ ধারা। নথীর অবস্থা বিবেচনায় ও আদালত যে স্থানে অবস্থিত সেই স্থান হইতে প্রতিবাদী যত দূরে আছেন কি তৎকালে তাহার যত দূরে থাকা অনুমান হয়, ইহা বিবেচনা করিয়া, ঐ সমনের নির্দ্দিষ্ট দিন স্থির করিতে হইবে, ও বাদী প্রতিবাদির নিকট যে দলীল দেখিতে চাহেন কিম্বা প্রতিবাদী যে দলীলের উপর স্বীয় প্রতিবাদ প্রতিপোষণের নির্ভর করেন ঐ সমনে তাঁহার প্রতি তাহাও উপস্থিত করিতে আজ্ঞা হইবে।

সমনের নির্দ্দিষ্ট তারিখ যেরূপ স্থির করিতে হইবে তাহার কথা। প্রতিবাদির প্রতি প্রয়োজনীয় দলীল ও বিনা পরওয়ানায় আসিবার ইচ্ছুক সাক্ষীদিগকে উপস্থিত করিতে আজ্ঞা হইবার কথা।

আরো তাঁহার যে সাক্ষীরা পরওয়ানা বিনা হাজির হইতে ইচ্ছুক হন তাঁহাদিগকেও তাঁহার সঙ্গে করিয়া আনিতে আজ্ঞা হইবে। ঐ সমন এই আইনের D তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিতে হইবে।

৫৬ ধারা। আবেদনপত্র কিম্বা দাওয়ার বর্ণনাপত্র যে দিনে ডেপুটী কমিশ্যনরকে দেওয়া যায়, সেই দিন কিম্বা তাহার পর দিন সমন জারী

সমন বা পরওয়ানা জারির খরচ আদালতে দাখিল করিবার কথা।

serving the warrant, shall in all cases be deposited in court upon the same day or the day next following that on which the plaint or statement of claim is presented to the Deputy Commissioner.

If the said amount be not so deposited, the case shall not be brought on the file of suits: but in such case the plaintiff may present another plaint at any time within the period prescribed by this Act for the limitation of suits.

Warrant of arrest in what cases to be issued.

57. If in any suit against an under-tenant or ryot for the recovery of an arrear of rent, or against an agent for the recovery of any money, papers, or accounts, the plaintiff desires a warrant of arrest to be issued against the defendant, such defendant being resident within the district in which the suit is instituted, he shall present with his statement of claim an application for the issue of such warrant.

When such application is presented, the Deputy Commissioner shall examine the plaintiff or his agent, according to the law for the time being in force for the examination of witnesses, and inspect the documents adduced by him in support of his claim, and if there be *primâ facie* grounds for believing the claim to be well-founded, and that, if a summons be issued, the defendant will abscond instead of appearing to answer the claim, the Deputy Commissioner may issue a warrant for the arrest of the defendant.

The Deputy Commissioner shall fix a reasonable time for the return of the warrant, which shall be in the form contained in the Schedule E hereto annexed, or to the like effect, and the officer entrusted with the service of the warrant shall, at the time of arresting the defendant, deliver to him a notice addressed to the defendant, which shall be in the form in the Schedule F hereto annexed, or to the like effect, containing the particulars of the claim, and requiring the defendant, if he contest the claim, to bring with him any document upon which he may intend to rely in support of his defence.

But no such warrant shall be issued in a suit for arrears of rent due in respect of a dependent talook or other transferable tenure which, as hereinafter provided, is liable to sale in execution of any decree which may be passed in the case.

Procedure after arrest of defendant.

58. If the defendant is arrested under the warrant of arrest, he shall be brought with all convenient speed before the Deputy Commissioner, and the Deputy Commissioner shall

করিবার খরচ, কিম্বা ইহার পশ্চাৎ যাহার বিরুদ্ধে পরও যা দেওয়া গেলে ঐ পরওয়ানা জারী করিবার খরচ, আদালতে দিতে হইবে।

ঐ খরচ আদালতে আমানৎ করা না গেলে সে মকদ্দমাটি মোকদ্দমার নথীর শামিল করা যাইবে না। কিন্তু তাহা হইলে মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের বিধি মানিয়া বাদী ঐ মিয়াদের মধ্যে কোন সময়ে অন্য আবেদনপত্র দিতে পারিবেন।

গ্রেপ্তারী পরওয়ানা যে স্থলে দেওয়া যাইতে পারে তাহার কথা।

৫৭ ধারা। পেটাও প্রজার কি রায়তের নামে বাকী খাজানা আদায়ের, কিম্বা কোন কার্য্যকারকের নামে টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার মোকদ্দমায়, যদি বাদী ঐ প্রতিবাদীর নামে গেরেপ্তারী পরওয়ানা জারী করাইতে চাহেন ও মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা যায় প্রতিবাদী যদি সেই জিলার মধ্যে বাস করেন, তবে বাদী দাওয়ার বর্ণনাপত্রের সহিত ঐ গ্রেপ্তারী পরওয়ানা জারী করিবার প্রার্থনাপত্র দিবেন।

ঐরূপ প্রার্থনাপত্র দেওয়া গেলে, ডেপুটী কমিশনর সাক্ষিদের পরীক্ষা বিষয়ে তৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে বাদিকে কি তাহার মোক্তারের পরীক্ষা লইবেন ও তিনি আপনার দাওয়ার প্রতিপোষণে যে দলীল দাখিল করেন তাহা দেখিবেন। আপাততঃ তাঁহার দাওয়া সমূলক বলিয়া জ্ঞান করিবার ও সমন জারী হইলে প্রতিবাদী দাওয়ার প্রত্যুত্তর করিবার জন্যে না আসিয়া পলায়ন করিবেন এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, ডেপুটী কমিশনর প্রতিবাদিকে ধরিয়া আনিবার পরওয়ানা জারী করিবেন।

ডেপুটী কমিশনর ঐ পরওয়ানা ফিরিয়া আসিবার যুক্তিসঙ্গত সময় স্থির করিবেন। সেই পরওয়ানা এই আইনের E তফসীলের পাঠ কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে। ও ঐ পরওয়ানা জারী করিবার ভার যে কর্ম্মচারীকে দেওয়া যায় তিনি প্রতিবাদিকে ধরিবার সময়ে তাহার নামে এক খান নোটিস দিবেন। ঐ নোটিস এই আইনের F তফসীলের পাঠ কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে। তাহাতে দাওয়ার বৃত্তান্ত লেখা থাকিবে, ও প্রতিবাদির প্রতি এই আজ্ঞা থাকিবে যে ঐ দাওয়ার সম্বন্ধে আপত্তি উপস্থিত করিতে চাহিলে আপন প্রতিবাদের প্রতিপোষণে যে দলীলের উপর নির্ভর করেন তাহা সঙ্গে করিয়া আনিবেন।

কিন্তু যে মফঃসলী তালুক কিম্বা যে অন্য হস্তান্তর যোগ্য ভূসম্পত্তি পশ্চাৎ লিখিত বিধানমতে মোকদ্দমার ডিক্রী জারীক্রমে বিক্রয় হইতে পারে, তাহার বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা হইলে সেই প্রকারের গ্রেপ্তারী পরওয়ানা জারী হইতে পারিবে না।

প্রতিবাদিকে ধরিলে পর কার্য্যপ্রণালীর কথা।

৫৮ ধারা। গ্রেপ্তারী পরওয়ানামতে প্রতিবাদিকে ধরা গেলে তাঁহাকে সুবিধামতে ত্বরায় ডেপুটী কমিশনরের নিকটে আনা যাইবে, ও নোটিসে যত টাকা লিখিত থাকে প্রতিবাদী যদি

commit him to custody, unless he deposits in court such sum as may be specified in the notice.

মতে তত টাকা আমানৎ না করিলে ডেপুটী কমিশ্যনর তাঁহাকে হাজতে রাখিবেন।

Procedure when defendant is brought before the Deputy Commissioner under warrant.

59. When the defendant is brought before the Deputy Commissioner under warrant, the Deputy Commissioner shall with all convenient speed proceed to try the case in the manner hereinafter provided;

প্রতিবাদীকে পরওয়ানাক্রমে ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনা গেলে কার্য্য প্রণালীর কথা।

৫৯ ধারা। প্রতিবাদিকে পরওয়ানাক্রমে ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনা-গেলে, ডেপুটী কমিশ্যনর নিম্নলিখিত বিধানক্রমে সুবিধামতে ত্বরায় মোকদ্দমার বিচার করিতে প্রবৃত্ত হইবেন।

if the suit cannot be at once adjudicated, the Deputy Commissioner may, if he think fit, require the defendant to give security for his appearance whenever the same may be required at any time whilst the suit is pending, or until execution of the final decree which may be passed thereon, and may commit the defendant to the civil jail to be there detained until he shall furnish such security or deposit such sum as the Deputy Commissioner shall order.

তৎকালেই মোকদ্দমার নিষ্পত্তি হইতে না পারিলে, তিনি উচিত বোধ করিলে, মোকদ্দমা উপস্থিত থাকিবার কালের মধ্যে যে কোন সময়ে প্রতিবাদির উপস্থিত হওয়া প্রয়োজন তাঁহার স্থানে সেই সময়ে, কিম্বা মোকদ্দমার শেষ যে ডিক্রী হয় তাহা জারী না করণ পর্য্যন্ত কোন সময়ে উপস্থিত হইবার জামিন লইবেন। ও যত কাল সেই জামিন না দেন কিম্বা ডেপুটী কমিশ্যনর যত টাকা আজ্ঞা করেন তত টাকা যত কাল আমানৎ না করেন তাঁহাকে তত কাল দেওয়ানী জেলে কয়েদ রাখিতে পারিবেন।

The security bond shall be in the form contained in Schedule G hereto annexed, or to the like effect.

ঐ জামিনী নিবন্ধপত্র এই আইনের G তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে।

Procedure if warrant of arrest cannot be served upon the defendant.

60. If the defendant cannot be arrested under the warrant, the Deputy Commissioner, on the application of the plaintiff, shall either postpone the case for such period as he may think proper, in order that the plaintiff may apply within the said period for another warrant to be issued for the arrest of the defendant, or shall forthwith issue a proclamation to be affixed to his own office and to the residence of the defendant, appointing a day for the hearing of the case, which shall not be less than ten days from the date of the publication of the notice at the residence of the defendant.

গ্রেপ্তারী পরওয়ানা প্রতিবাদির উপর জারী হইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৬০ ধারা। যদি প্রতিবাদিকে পরওয়ানাক্রমে ধরা যাইতে না পারে, তবে বাদির প্রার্থনামতে ডেপুটী কমিশ্যনর যত দিন উচিত বোধ করেন তত দিনের মধ্যে যেন বাদী প্রতিবাদিকে ধরিয়া আনিবার অন্য পরওয়ানা জারী করিবার প্রার্থনা করিতে পারেন এই নিমিত্ত, তত দিন মোকদ্দমার বিচার স্থগিত রাখিবেন, কিম্বা তৎকালেই মোকদ্দমা শুনিবার দিন নিরূপণ করিয়া এক খান ঘোষণাপত্র আপনার কাছারিতে ও প্রতিবাদির বাসস্থানে লাগাইবার নিমিত্ত জারী করিবেন। মোকদ্দমা শুনিবার যে দিন ধার্য্য করেন তাহা প্রতিবাদির বাসস্থানে ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দশ দিনের কম হইবে না।

If the defendant appears in pursuance of the proclamation, he shall be dealt with as provided in the last preceding section.

প্রতিবাদী ঐ ঘোষণাপত্রমতে আইলে, তাঁহাকে লইয়া ইহার পূর্ব্ব ধারামতে কার্য্য করা যাইবে।

Compensation for arrest applied for without reasonable cause.

61. If it appears to the Deputy Commissioner that the arrest of the defendant was applied for without reasonable cause, the Deputy Commissioner may in his decree award to the defendant such sum, not exceeding one hundred rupees, as he may deem a reasonable compensation for any injury or loss which the defendant may have sustained by reason of such arrest or of his detention in jail during the pendency of the suit.

যুক্তিসঙ্গত কারণ না থাকিতেও ধরিয়া আনিবার প্রার্থনা হইলে ক্ষতিপূরণের কথা।

৬১ ধারা। প্রতিবাদিকে গ্রেপ্তার করিবার প্রার্থনার যুক্তিসঙ্গত কারণ ছিল না ডেপুটী কমিশ্যনর ইহা বুঝিতে পারিলে তাঁহাকে গ্রেপ্তার করাতে কিম্বা মোকদ্দমা উপস্থিত থাকিবার সময়ে তাঁহাকে জেলে আটক রাখাতে প্রতিবাদির যে অপকার কি ক্ষতি হইয়াছে তাহার জন্যে, ডেপুটী কমিশ্যনর আপনার ডিক্রীতে ঐ প্রতিবাদির ক্ষতিপূরণস্বরূপ এক শত টাকার অনধিক যত টাকা যুক্তিসঙ্গত বোধ করেন তাহাকে তত টাকা প্রদানের আজ্ঞা করিবেন।

62. If on the day fixed by the summons or proclamation for the appearance of the defendant, or on any subsequent day to which the hearing of the case may be postponed prior to the recording of an issue for trial as hereinafter provided, neither of the parties appears in person or by an agent, the case shall be struck off, with liberty to the plaintiff to bring a fresh suit, unless precluded by the provisions for the limitation of suits contained in this Act.

Consequence of neither party appearing on the day of trial.

63. If on any such day the defendant only appears, the Deputy Commissioner shall pass judgment against the plaintiff by default, unless the defendant admit the cause of action, in which case the Deputy Commissioner shall proceed to give judgment for the plaintiff upon such admission without costs;

If defendant only appear to dispute the demand, Deputy Commissioner shall pass judgment by default; but if defendant admit the claim, Deputy Commissioner shall decree upon such admission.

provided that such judgment, if there be more than one defendant, shall be only against the defendant who makes the admission.

64. If on any such day the plaintiff only appears, the Deputy Commissioner, upon proof that the summons or proclamation has been duly served according to the provisions of this Act, shall proceed to examine the plaintiff or his agent, and after considering the allegations of the plaintiff and any documentary or oral evidence adduced by him, may either dismiss the case or postpone the hearing of it to a future day for the attendance of any witness the plaintiff may wish to call, or may pass judgment *ex-parte* against the defendant.

If plaintiff only appear, Deputy Commissioner may proceed *ex-parte*.

65. If the defendant appears on any subsequent day to which the hearing of the suit may be postponed under the last preceding section, the Deputy Commissioner may, upon such conditions, if any, as to costs or otherwise as he may think proper, allow the defendant to be heard in answer to the suit as if he had appeared on the day fixed for his attendance.

If defendant appear on a day to which the case is postponed, Deputy Commissioner may allow him to be heard in answer to the suit.

66. No appeal shall lie from a judgment passed *ex-parte* against a defendant who has not appeared, or from a judgment against a plaintiff by default for non-appearance.

Revival, reversal, and alteration of decrees *ex-parte* or by default.

[*Government Gazette*, 18*th March* 1879.]

৬২ ধারা। সমনে কি ঘোষণাপত্রে প্রতিবাদির হাজির হইবার যে দিন স্থির করা যায় সেই দিনে, কিম্বা পশ্চাল্লিখিত বিধানমতে বিচারার্থ ইস্যু লিপিবদ্ধ হইবার পূর্ব্বে অন্য যে দিন পর্য্যন্ত মোকদ্দমার শ্রবণকার্য্য স্থগিত রাখা যায় সেই দিনে, উভয় পক্ষ নিজে কি মোক্তারের দ্বারা হাজির না হইলে, মোকদ্দমা উঠাইয়া ফেলা যাইবে, কিন্তু বাদির প্রতি এই আইনের অন্তর্গত মোকদ্দমার মিয়াদের বিধান দ্বারা বাধ না হইলে, নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি থাকিবে।

বিচারের দিনে কোন পক্ষের উপস্থিত না হইবার ফলের কথা।

৬৩ ধারা। উক্ত কোন দিনে কেবল প্রতিবাদী হাজির থাকিলে, ডেপুটী কমিশ্যনর বাদির ত্রুটিহেতুক তাঁহার বিপক্ষে নিষ্পত্তি করিবেন। কিন্তু প্রতিবাদী নালিশের হেতু স্বীকার করিলে, ডেপুটী কমিশ্যনর সেই স্বীকারমতে খরচা বাদে বাদির পক্ষে ডিক্রী করিবেন।

কেবল প্রতিবাদী দাওয়ার আপত্তি করিতে হাজির হইলে, ডেপুটী কমিশ্যনের ত্রুটি হেতুক ডিক্রী করিবার কিন্তু প্রতিবাদী দাওয়া স্বীকার করিলে সেই স্বীকারমতে ডিক্রী হইবার কথা।

কিন্তু দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে যে প্রতিবাদী স্বীকার করেন, কেবল তাঁহার বিপক্ষে ঐ ডিক্রী হইবে।

৬৪ ধারা। উক্ত কোন দিনে কেবল বাদী হাজির থাকিলে সমন কি ঘোষণাপত্র এই আইনের বিধান অনুসারে নিয়মমতে জারী করা হইয়াছে ডেপুটী কমিশ্যনর ইহার প্রমাণ পাইলে, বাদির কি তাঁহার মোক্তারের পরীক্ষা লইবেন ও বাদির কথা, ও তিনি লিখিত কি বাচনিক যে প্রমাণ দেন তাহা বিবেচনা করিয়া, হয় মোকদ্দমা ডিসমিস করিতে পারিবেন, না হয় বাদী কোন সাক্ষিকে ডাকিতে চাহিলে তাঁহার হাজির হওবার নিমিত্ত মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, কিম্বা এক পক্ষের কথা শুনিয়া প্রতিবাদির বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন।

কেবল বাদী হাজির হইলে এক পক্ষ মাত্রের উপস্থিত থাকিবার প্রণালী মতে ডেপুটী কমিশ্যনরের কার্য্য করিবার কথা।

৬৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে, ও প্রতিবাদী সেই দিনে হাজির হইলে, ডেপুটী কমিশ্যনর খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম করা উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া প্রতিবাদির হাজির হইবার নিরূপিত দিনে হাজির হইবার ন্যায় মোকদ্দমায় তাহার প্রতিবাদ শুনিবার অনুমতি দিতে পারিবেন

মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে ও প্রতিবাদী হাজির হইলে তাঁহাকে মোকদ্দমার প্রতিবাদ করিতে ডেপুটী কমিশ্যনরের অনুমতি দিতে পারিবার কথা।

৬৬ ধারা। প্রতিবাদী উপস্থিত না হইলে অন্য পক্ষ মাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী করা যায়, কিম্বা বাদী উপস্থিত না হইলে ত্রুটি প্রযুক্ত তাঁহার বিপক্ষে যে ডিক্রী করা যায়, তাহার উপর আপীল নাই।

এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে কিম্বা ত্রুটিপ্রযুক্ত যে ডিক্রী করা যায় তাহার পুনরুত্থাপন ও অন্যথাকরণ ও পরিবর্ত্তন বিষয়ক কথা।

But in all such cases, if the party against whom judgment has been given appears, either in person or by agent, if a plaintiff within fifteen days from the date of the Deputy Commissioner's order, and if a defendant within fifteen days after any process for enforcing the judgment has been executed, or at any earlier period, and shows sufficient cause for his previous non-appearance, and satisfies the Deputy Commissioner that there has been a failure of justice, the Deputy Commissioner may, upon such terms and conditions as to costs or otherwise as he may think proper, revive the suit and alter or rescind the decree, according to the justice of the case.

কিন্তু তদ্রূপ সকল স্থলে, যাঁহার বিপক্ষে ঐ ডিক্রী করা যায় তিনি বাদী হইলে ডেপুটী কমিশনরের আজ্ঞার তারিখ অবধি পনের দিনের মধ্যে কিম্বা প্রতিবাদী হইলে ঐ ডিক্রী প্রচলন করণের পরওয়ানা জারী হইবার তারিখ অবধি পনের দিনের মধ্যে, কি তৎপূর্ব্বে আপনি কি মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া, পূর্ব্বে উপস্থিত না হইবার বিশিষ্ট কারণ দেখাইলে, ও ন্যায় বিচারের ত্রুটি যে হইয়াছে ডেপুটী কমিশনরের হৃদ্বোধমতে তাহা দেখাইতে পারিলে, ডেপুটী কমিশনর খরচা প্রভৃতির বিষয়ে যে২ নিয়ম ও বিধান উচিত বোধ করেন তাহা করিয়া ঐ মোকদ্দমা পুনরুত্থাপন করিতে ও ন্যায়ানুসারে ডিক্রী পরিবর্ত্তন কি রহিত করিতে পারিবেন।

But no decree shall be reversed or altered without previously summoning the opposite party to appear and be heard in support of it.

কিন্তু অন্য পক্ষকে উপস্থিত হইতে সমন করা না গেলে ও ডিক্রীর সপক্ষে তাঁহার কথা শুনা না গেলে, উক্ত কোন ডিক্রী অন্যথা কি পরিবর্ত্তন করা যাইবে না।

Order to set aside judgment shall be final, but rejection of application to set it aside shall be appealable.

67. In all cases in which the Deputy Commissioner shall pass an order for setting aside a judgment, the order shall be final; but in all appealable cases in which the Deputy Commissioner shall reject the application, an appeal shall lie from the order of rejection to the tribunal to which the final decision in the suit would be appealable; provided that the appeal be preferred within the time allowed for an appeal from such final decision.

ডিক্রী অসিদ্ধ করিবার আজ্ঞা চূড়ান্ত হইবার কিন্তু অসিদ্ধ করিবার প্রার্থনা অগ্রাহ্য হওয়ার আজ্ঞার উপর আপীল হইতে পারিবার কথা।

৬৭ ধারা। ডেপুটী কমিশ্যনর যে কোন স্থলে ডিক্রী অসিদ্ধ করণের আজ্ঞা করেন ঐ আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু যে স্থলে মোকদ্দমার উপর আপীল হইতে পারে ডেপুটী কমিশ্যনর এমত স্থলে উক্ত প্রার্থনা অগ্রাহ্য করিলে, মোকদ্দমার শেষ নিষ্পত্তির উপর যে আদালতে আপীল হইতে পারে, সেই আদালতে ঐ অসিদ্ধ করণের আজ্ঞার উপর আপীল হইতে পারিবে। কিন্তু শেষ নিষ্পত্তির উপর আপীল করণের যে মিয়াদ আছে সেই মিয়াদের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে।

On appearance of parties, the parties to be examined by the Deputy Commissioner and may cross-examine each other.

68. When both parties appear in person on the day named in the summons, or upon any subsequent day to which the hearing of the case may be adjourned, for sufficient reason to be recorded by the Deputy Commissioner, the Deputy Commissioner shall proceed to examine them, and either party or his agent may cross-examine the other.

উভয় পক্ষ উপস্থিত হইলে ডেপুটী কমিশ্যনরের পরীক্ষা করণের ও উভয় পক্ষের পরস্পর কূট পরীক্ষা করণের কথা।

৬৮ ধারা। সমনের নিরূপিত দিনে, কিম্বা ডেপুটী কমিশ্যনরের লিখিত যে কারণ লিপিবদ্ধ করিতে হইবে এমত কারণে, মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে, সেই দিনে উভয় পক্ষ উপস্থিত হইলে, ডেপুটী কমিশনর তাঁহাদের পরীক্ষা লইতে প্রবৃত্ত হইবেন ও এক পক্ষ কি তাহার মোক্তার অন্য পক্ষের কূট পরীক্ষা লইতে পারিবেন।

If either of the parties is not bound to attend personally, any agent by whom he shall appear, or any person who shall accompany such agent, shall be examined and cross-examined in like manner as the party himself would have been if he had attended personally.

কোন এক পক্ষ স্বয়ং উপস্থিত হইলে তাঁহার যে প্রকারের পরীক্ষা ও কূট পরীক্ষা হইতে পারিত স্বয়ং উপস্থিত হইতে আবদ্ধ না হইলে তিনি যে মোক্তারের দ্বারা উপস্থিত হন কিম্বা ঐ মোক্তারের সঙ্গে যে ব্যক্তি আইসেন, তাঁহার সেই প্রকারে পরীক্ষা ও কূট পরীক্ষা হইতে পারিবে।

At the time of examination the defendant, if he think fit, may file a written statement of his defence. Such statement shall be verified in the manner prescribed in section 50.

পরীক্ষার সময়ে প্রতিবাদী উচিত বোধ করিলে, আপন প্রতিবাদের বর্ণনাপত্র অর্পণ করিতে পারিবেন। ৫০ ধারানির্দ্দিষ্ট প্রকারে উক্ত বর্ণনাপত্রে সত্য পাঠ লেখা যাইবে।

Examination of parties, &c.

69. The examination of the parties or their agents, or such other persons as aforesaid, shall be conducted according to the law for the time being in force for the examination of witnesses. The substance of the examination shall be reduced to writing in the vernacular language of the Deputy Commissioner and filed with the record.

Provided that all examinations of parties and witnesses may be recorded in English, if the Deputy Commissioner be sufficiently acquainted with that language.

Witnesses to be examined.

70. If either of the parties brings forward a witness on the day aforesaid, the Deputy Commissioner may take the evidence of such witness.

Documentary evidence to be produced by defendant.

71. If the defendant relies on any document in support of his defence, he shall deliver the same into court at the first hearing of the suit; and unless such document is so delivered in, or its non-production is sufficiently excused, or unless the Deputy Commissioner sees fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

After examination Deputy Commissioner may make his decree if no further evidence is required.

72. If after the examination required by section 68, and also the examination of any witness who may attend to give evidence on behalf of either of the parties, and after a consideration of the documentary evidence adduced, a decree can be properly made without further evidence, the Deputy Commissioner shall make a decree accordingly.

Consequence of inability of agent to answer material question.

73. If, on such examination as aforesaid, the agent of either party is unable to answer any material question relating to the case, which the Deputy Commissioner is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Deputy Commissioner may postpone the hearing of the case to a future day, and direct that the party whose agent may have been unable to answer as aforesaid shall attend in person on such day;

and if the party so directed to attend fails to appear in person on the day appointed, the Deputy Commissioner may pass judgment as in case of default, or make such other order as he may deem proper under the circumstances of the case.

[*Government Gazette*, 18*th March* 1879.]

উভয় পক্ষপ্রভৃতির পরীক্ষার কথা।

৬৯ ধারা। উভয় পক্ষের কি তাঁহাদের মোক্তার বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিদের পরীক্ষা যওয়ালের প্রচলিত যে আইন অনুসারে সাক্ষিদের পরীক্ষা লওয়া যায়, তদনুসারে লওয়া যাইবে। ডেপুটী কমিশ্যনরের স্বদেশীয় ভাষায় সেই পরীক্ষার মর্ম্ম লিখিয়া লওয়া যাইবে ও নথীর শামিল করা যাইবে।

কিন্তু ডেপুটী কমিশ্যনর ইংরেজী ভাষা উপযুক্তমতে জানিলে, উভয় পক্ষের ও সাক্ষিদের সকল পরীক্ষা ইংরেজী ভাষায় লেখা যাইতে পারিবে।

সাক্ষিদের পরীক্ষা লইবার কথা।

৭০ ধারা। পূর্ব্বোক্ত দিনে কোন পক্ষ সাক্ষী উপস্থিত করিলে, ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির প্রমাণ লইতে পারিবেন।

প্রতিবাদীর দলীল উপস্থিত করিবার কথা।

৭১ ধারা। প্রতিবাদী আপন প্রতিবাদের প্রতিপোষণে কোন দলীলের উপর নির্ভর করিলে তিনি মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে তাহা আদালতে দাখিল করিবেন। তৎকালে ঐ দলীল দাখিল করা না গেলে, কিম্বা না করিবার বিশিষ্ট কারণ জানান না গেলে, কিম্বা ডেপুটী কমিশ্যনর তাহা উপস্থিত করণের মিয়াদ বাড়াইয়া না দিলে, তাহা পশ্চাৎ গ্রাহ্য হইবে না।

পরীক্ষার পরে আরও প্রমাণের প্রয়োজন না হইলে ডেপুটী কমিশ্যনরের ডিক্রী করিতে পারিবার কথা।

৭২ ধারা। ৬৮ ধারার আদেশমতে পরীক্ষা লওয়া গেলে পর, ও কোন পক্ষের সপক্ষে প্রমাণ দিতে যে সাক্ষিরা উপস্থিত হন তাঁহাদের পরীক্ষা লওয়া গেলে পর ও যে দলীল উপস্থিত করা যায় তাহাও বিবেচনা করিলে পর, যদি আর প্রমাণ না লইয়া উপযুক্তমতে ডিক্রী করা যাইতে পারে, তবে ডেপুটী কমিশ্যনর তদনুসারে ডিক্রী করিবেন।

মোক্তার প্রয়োজনীয় প্রশ্নের উত্তর দিতে না পারিলে তাহার ফলের কথা।

৭৩ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষা হইবার সময়ে ডেপুটী কমিশ্যনরের বিবেচনামতে কোন পক্ষের যে প্রয়োজনীয় প্রশ্নের উত্তর দেওয়া উচিত ও স্বয়ং উপস্থিত থাকিলে উত্তর দিতে পারা সম্ভব, তাঁহার মোক্তার সেই প্রশ্নের উত্তর দিতে না পারিলে, ডেপুটী কমিশ্যনর অন্য দিন পর্য্যন্ত মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত রাখিয়া, যে পক্ষের মোক্তার ঐ প্রশ্নের উত্তর দিতে পারেন নাই তাঁহারই নিজে সেই দিনে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

ও সেই পক্ষ তদ্রূপ আজ্ঞা পাইয়া সেই নিরূপিত দিনে উপস্থিত না হইলে, ডেপুটী কমিশ্যনর ত্রুটি হইবার স্থলের ন্যায় ডিক্রী করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন, করিতে পারিবেন।

74. If, on such examination as aforesaid, it appears that the parties are at issue on any question upon which it is necessary to hear further evidence, the Deputy Commissioner shall declare and record such issue, and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit; and the trial shall take place on that day, unless there be sufficient reason for adjourning it, which reason shall be recorded by the Deputy Commissioner.

If necessary, Deputy Commissioner to record issue and to fix a day for hearing further evidence.

75. The parties shall bring forward their witnesses on the day of trial, and if either party requires assistance to procure the attendance of a witness on such day, either to give evidence or to produce a document, he shall apply to the Deputy Commissioner in sufficient time before the day fixed for the trial, to enable the witness to be summoned to attend on that day, and the Deputy Commissioner shall issue a summons requiring such witness to attend.

Parties shall produce their witnesses on the day of trial, or Deputy Commissioner on application of either party shall issue summons for the attendance of a witness.

76. The provisions of the Code of Civil Procedure relating to the attendance and examination of witnesses and the production of documents, and to the remuneration and punishment of witnesses, shall, so far as they are consistent with this Act, apply to all suits under this Act.

Provisions of Code of Civil Procedure to apply to attendance, examination, &c., of witnesses.

77. If on the day fixed for the trial of any issue neither of the parties appear, the case shall be struck off under the conditions provided in section 62.

Consequence of parties not appearing on the day fixed for the trial of any issue.

If on any such day one only of the parties appears, the issue may be tried and determined in the absence of the other party, upon such proof as may be then before the court.

78. When suits under this Act are instituted or defended by naibs, gomastahs, or other persons employed in the collection of rent or management of land in the name and on the behalf of the landholders by whom they are so employed, all the provisions of this Act by which the personal appearance or attendance of parties to a suit is or may be required shall be applicable to such naibs, gomastahs, or other persons; and anything which by this Act

Suits instituted or defended by naibs, gomastahs, &c.

৭৪ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষার সময়ে উভয় পক্ষের যে বিষয় লইয়া বিবাদ আছে তাহার আরো প্রমাণ লওয়া আবশ্যক বোধ হইলে ডেপুটীকমিশ্যনর সেই ইসু জানাইয়া লিপিবদ্ধ করিবেন ও সাক্ষিদের পরীক্ষার ও মোকদ্দমার বিচারের সুবিধার দিন নিরূপণ করিবেন ও সেই দিনে মোকদ্দমার বিচার হইবে। নতুবা সেই দিন স্থগিত রাখিয়া অন্য দিন নিরূপণ করিবার বিশিষ্ট কারণ থাকিলে, ডেপুটী কমিশ্যনর সেই কারণ লিপিবদ্ধ করিবেন।

আবশ্যকস্থলে ডেপুটী কমিশ্যনরের ইসু লিখিয়া আরো প্রমাণ শুনিবার দিন নিরূপণ করিবার কথা।

৭৫ ধারা। বিচারের দিনে উভয় পক্ষ আপন২ সাক্ষিদিগকে আনিবেন। ও প্রমাণ দিবার কিম্বা দলীল উপস্থিত করিবার জন্যে কোন পক্ষের সাক্ষিকে সেই দিনে উপস্থিত করাইতে সাহায্যের প্রয়োজন হইলে, ঐ সাক্ষির নামে যেন সেই দিনে উপস্থিত হইবার সমন দেওয়া যায় এই নিমিত্ত ঐ পক্ষ বিচারের নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে ডেপুটী কমিশনরের নিকট প্রার্থনা করিবেন। ও ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির উপস্থিত হইবার সমন জারী করিবেন।

বিচারের দিনে উভয় পক্ষের সাক্ষিদিগকে আনিতে হইবার কথা। কিম্বা কোন পক্ষের প্রার্থনা হইলে সাক্ষিদিগকে উপস্থিত করিবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের সমন দিবার কথা।

৭৬ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের বিধান সাক্ষিদের উপস্থিত হইবার ও সাক্ষ্য দিবার ও দলীল উপস্থিত করিবার ও সাক্ষিদের খরচার ও দণ্ডের সম্বন্ধে এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমত সকল মোকদ্দমার প্রতি খাটিবে।

সাক্ষিদের উপস্থিত হইয়া পরীক্ষা দেওয়ন প্রভৃতি বিষয়ে দেওয়ানী কার্য্যবিধির বিধান খাটিবার কথা।

৭৭ ধারা। কোন ইসুর বিচার করিবার নিরূপিত দিনে উভয় পক্ষ উপস্থিত না হইলে, ৬২ ধারার বিধান মত নিয়মানুসারে মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দেওয়া যাইবে।

কোন ইসুর বিচার করিবার নিরূপিত দিনে কোন পক্ষের উপস্থিত না হইবার ফলের কথা।

সেই দিনে কেবল এক পক্ষ উপস্থিত হইলে আদালতের সম্মুখে তৎকালে যে প্রমাণ থাকে তদনুসারে অন্য পক্ষের অনুপস্থানে ঐ ইসুর বিচার ও নিষ্পত্তি হইতে পারিবে।

৭৮ ধারা। নায়েবেরা ও গোমাশতারা কিম্বা ভূম্যধিকারিদের নিকট কর্ম্ম করিয়া অন্য যে ব্যক্তিরা ভূম্যধিকারির নামে ও তৎপক্ষে খাজানা আদায় কি ভূমির সরবরাহ করিয়া থাকেন তাঁহারা, এই আইনমত মোকদ্দমায় বাদী কি প্রতিবাদী হইলে, এই আইনের যে সকল বিধানমতে মোকদ্দমার উভয় পক্ষের নিজে আসিবার কি উপস্থিত হইবার আদেশ হয় বা থাকে, সেই সকল বিধান ঐ নায়েব ও গোমাশতাদের ও

নায়েব গোমাশতা প্রভৃতি যে মোকদ্দমায় বাদী কি প্রতিবাদী হন তদ্বিষয়ক কথা।

is required or permitted to be done by a party in person, may be done by any such person as aforesaid.

Processes served on any such person shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been served on the landholder in person, and all the provisions of this Act relative to the service of processes on a party to the suit shall be applicable to the service of processes on such person.

Personal attendance of plaintiff or defendant not required in certain cases.

79. A plaintiff or defendant shall not be required to attend in person if of the female sex, and of a rank or class which, according to the custom and manners of the country, would render it improper for her to appear in public.

Employment of authorized agents or mookhtars.

80. Any party to a suit may employ an authorized agent or mookhtar to conduct the case on his behalf, but the appointment of such agent or mookhtar shall not excuse the personal attendance of the plaintiff or defendant in cases where his personal attendance is required by the summons or any order of the court.

Deputy Commissioner may grant time or adjourn hearing.

81. The Deputy Commissioner may in any case grant time to the plaintiff or defendant to proceed in the prosecution or defence respectively of a suit, and may also from time to time, in order to the production of further proof, or for other sufficient reason to be recorded by him, adjourn the hearing or further hearing of any case in such manner as to him may seem fit.

Deputy Commissioner may cause local enquiry to be made.

82. The Deputy Commissioner may at any stage of a suit cause a local enquiry and report respecting the matter in dispute to be made by any officer subordinate to him, or by any other officer of Government with the consent of the authority to whom such officer is subordinate, or may himself proceed to the spot and make such local enquiry in person.

The provisions of the law for the time being in force relative to local enquiries by ameens or commissioners under orders of the civil courts shall apply to any local enquiry made by any officer under this section, and, so far as they are applicable, to enquiries made by the Deputy Commissioner in person.

[*Government Gazette*, 18th *March* 1879.]

অন্য ব্যক্তিদের প্রতি খাটিবে, ও এই আইনক্রমে কোন পক্ষের নিজে যে কর্ম্ম করিবার আদেশ বা অনুমতি থাকে তাহা পূর্ব্বোক্ত কোন ব্যক্তির দ্বারা করা যাইতে পারিবে।

উক্ত কোন ব্যক্তির নামে যে পরওয়ানা জারীহয় তাহা মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্যপক্ষে নিজ ভূম্যধিকারীদের নামে জারী হওয়ার ন্যায় সফল হইবে, ও এই আইনে মোকদ্দমার এক পক্ষের নামে পরওয়ানা জারী করণ বিষয়ের যে সকল বিধান আছে, তাহা ঐ ব্যক্তির নামে পরওয়ানা জারী করণের প্রতি খাটিবে।

স্থলবিশেষে বাদির কি প্রতিবাদির নিজে উপস্থিত হইবার প্রয়োজন না থাকিবার কথা।

৭৯ ধারা। বাদী কি প্রতিবাদী স্ত্রীলোকহইলে, ও দেশের আচার ও রীতি মতে সেই শ্রেণীর কি জাতির স্ত্রীদের প্রকাশ্য স্থানে উপস্থিত হওয়া অনুচিত হইলে, তাঁহার নিজে উপস্থিত হইবার আদেশ হইবে না।

ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে নিযুক্ত করিবার কথা।

৮০ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আপনার পক্ষে মোকদ্দমা চালাইবার নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে কি মোক্তারকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু সমনমতে কিম্বা আদালতের কোন আজ্ঞাক্রমে বাদির কি প্রতিবাদির স্বয়ং উপস্থিত হইবার আদেশ থাকিলে সেই কর্ম্মকারক কি মোক্তার নিযুক্ত হইলেও ঐ২ পক্ষের উপস্থিত না হইবার ক্ষমতা হইবে না।

ডেপুটী কমিশ্যনরের অবকাশ দিতে কিম্বা মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবার কথা।

৮১ ধারা। ডেপুটী কমিশ্যনর কোন স্থলে বাদিকে কিম্বা প্রতিবাদিকে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিবার সময় দিতে পারিবেন, এবং আরও প্রমাণ আনিবার জন্যে, কিম্বা অন্য উপযুক্ত কারণ থাকিলে তাহা লিপিবদ্ধ করিয়া সেই কারণে, যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে মোকদ্দমা শুনিবার কি পুনশ্চ শুনিবার কার্য্য স্থগিত করিয়া তাহার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন।

ডেপুটী কমিশ্যনরের সরেজমীনে তদারক করাইতে পারিবার কথা।

৮২ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে ডেপুটী কমিশ্যনর আপনার অধীন কোন কর্ম্মকারকের দ্বারা, কিম্বা গবর্ণমেণ্টের অন্য যে কর্ম্মকারক যে কর্ত্তৃপক্ষের অধীন হন তাঁহার অনুমতি লইয়া ঐ কর্ম্মকারকের দ্বারা, বিবাদীয় কোন বিষয়ে স্থানীয় তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা আপনি তৎস্থানে গিয়া সরেজমীনে তদারক করিতে পারিবেন।

দেওয়ানী আদালতের আজ্ঞামতে আমীনদের বা কমিশ্যনরদের দ্বারা স্থানীয় তদারক করিবার বিষয়ে আইনের যে বিধান যৎকালে প্রবল থাকে, তাহা এই ধারামতে কোন কর্ম্মকারকের সরেজমীনে তদারক করণের প্রতি খাটিবে, ও ডেপুটী কমিশ্যনর নিজে যে তদারক করেন তাহারও প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে।

In the latter case, the Deputy Commissioner, after completing the enquiry, shall record on the proceedings such observations as appear to him appropriate, and the observations so recorded shall be received as evidence in the suit.

83. The defendant in any suit under this Act may, if he has duly tendered the same to the plaintiff before the institution of the suit, pay into court such sum of money as he may consider due to the plaintiff without paying in any costs incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall be immediately paid out of court to the plaintiff.

After action brought, defendant may pay into court, without costs, money tendered before action brought.

If after such payment the plaintiff elects to proceed in the suit, and ultimately recovers no further sum than shall have been paid into court, the plaintiff shall be charged with the whole costs of the suit incurred by the defendant; but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into court, the defendant shall be charged with the whole costs of the suit.

Costs if plaintiff goes on and recovers no more.

84. The defendant in any suit under this Act may, without having made any tender before action brought, pay into court such sum of money as he may consider due to the plaintiff, together with the costs (to be fixed by the court, if necessary, as upon a suit originally instituted for the amount so paid into court) incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall immediately be paid out of court to the plaintiff.

If no previous tender has been made, defendant may pay into court what he admits to be due, with costs on that sum.

If after such payment the plaintiff elects to proceed in the suit, and ultimately recovers no further sum than shall have been paid into court, he shall be charged with all costs incurred by the defendant subsequently to such payment; but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into court, the defendant shall be charged with costs as upon a suit originally instituted for the whole amount for which the plaintiff ultimately obtains a decree, but shall have credit thereout for the amount of costs paid into court by him in the first instance.

Costs if plaintiff goes on with the suit.

শেষোক্ত স্থলে ডেপুটী কমিশনর ঐ তদারকের কার্য্য সমাপ্ত করিলে, যাহা ২ দেখিয়াছেন তদ্বিষয়ের যেং কথা সঙ্গত বোধ করেন তাহা রুবকারিতে লিখিবেন, ও তদ্রূপ লিপিবদ্ধ সকল কথা মোকদ্দমার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে।

৮৩ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমার প্রতিবাদী বাদির পাওনা বলিয়া যত টাকা জ্ঞান করেন যদি মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদিকে সেই টাকা দিতে নিয়মিতরূপে প্রস্তাব করিয়া থাকেন তবে মোকদ্দমা উপস্থিত করা গেলে পর আদালতে ঐ টাকা আমানত করিতে পারিবেন, ও এমন স্থলে ঐ টাকা দিবার সময়পর্য্যন্ত বাদির যে খরচা লাগে প্রতিবাদির সেই খরচা দিতে হইবে না। সেই টাকা তৎকালেই আদালত হইতে বাদিকে দেওয়া যাইবে।

নালিশ হইবার পূর্ব্বে প্রতিবাদী যে টাকা দিতে চাহিয়াছিলেন, নালিশ হইবার পর তাঁহার বিনা খরচে সেই টাকা আদালতে দিতে পারিবার কথা।

ঐ টাকা দেওয়া গেলে পর যদি বাদী মোকদ্দমা চালাইতে স্থির করিয়া শেষে আদালতে আমানত করা ঐ টাকার অধিক না পান, তবে ঐ মোকদ্দমায় প্রতিবাদির যত খরচা হইল বাদী সেই সমস্ত খরচার দায়ী হইবেন; কিন্তু বাদী শেষে ঐ আমানত করা টাকার অধিক পাইলে, প্রতিবাদী মোকদ্দমার সকল খরচার দায়ী হইবেন।

বাদী মোকদ্দমা চালাইয়া আরো টাকা আদায় না করিলে তদ্বিষয়ক কথা।

৮৪ ধারা। প্রতিবাদী এই আইনমত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে টাকা দিতে প্রস্তাব না করিলেও আপনার স্থানে বাদির যত টাকা পাওনা বলিয়া জ্ঞান করেন তত টাকা ও ঐ টাকা দিবার সময়পর্য্যন্ত বাদির যত টাকা খরচা হইয়াছে তাহাও আদালতে আমানত করিতে পারিবেন। (আবশ্যক হইলে, আদালতে আমানত করা তত টাকার নিমিত্ত মোকদ্দমা প্রথমে উপস্থিত হওয়ার ন্যায় আদালত সেই খরচা স্থির করিবেন।) ও সেই টাকা তৎকালেই আদালত হইতে বাদিকে দেওয়া যাইবে।

পূর্ব্বে টাকা দিতে প্রস্তাব না করিলে প্রতিবাদী যত টাকা পাওনা বলিয়া জ্ঞান করেন আদালতে ঐ টাকার উপর খরচাসুদ্ধ তাঁহার আমানত করিতে পারিবার কথা।

ঐ টাকা দেওয়া গেলে পর যদি বাদী মোকদ্দমা চালাইতে স্থির করিয়া শেষে আদালতে আমানত করা উক্ত টাকার অধিক না পান তবে ঐ টাকা আমানত করিবার পর প্রতিবাদির যত খরচা হইয়াছে বাদী তাহার দায়ী হইবেন; কিন্তু বাদী শেষে আদালতে আমানত করা উক্ত টাকার অধিক পাইলে, প্রতিবাদী খরচার নিমিত্ত প্রথমে যে টাকা আদালতে আমানত করিলেন তাহা সুদ্ধ বাদী শেষে সম্পূর্ণ যত টাকার ডিক্রী পান তত টাকার নিমিত্ত মোকদ্দমা প্রথমে উপস্থিত করা গেলে যত টাকা খরচা হইত, প্রতিবাদী তত টাকা খরচার দায়ী হইবেন। কিন্তু প্রথমে যত টাকা আমানত করিলেন তাহা তাঁহার নামে জমা করিয়া লওয়া যাইবে।

বাদী মোকদ্দমা চালাইলে খরচার কথা।

85. No interest shall be allowed to the plaintiff on any sum paid by the defendant into court from the date of such payment, whether such sum be in full of his claim or fall short thereof.

No interest on deposits.

86. If on the trial of a suit for the delivery of a pottah instituted by a ryot having a right of occupancy the parties do not agree as to the term for which the pottah is to be granted, the Deputy Commissioner shall fix such term as under the circumstances of the case he may think just and proper.

If on trial of suit for delivery of pottah, parties do not agree as to the time for which the pottah is granted, Deputy Commissioner to fix the time.

Provided that the term shall not in any case be longer than twenty years, and in estates not permanently settled shall not extend beyond the period for which the proprietor of the estate has engaged with Government. Provided alsothat, if the defendant be a farmer or other person having only a temporary interest in the land, the term of the pottah shall not extend beyond the period of the continuance of such interest.

For cultivators not having a right of occupancy, the term of pottah shall be exclusively in the discretion of the person entitled to the rent of the land.

87. When in any suit between a landholder and a ryot or under-tenant under this Act the right to receive the rent of the land or tenure cultivated or held by the ryot or under-tenant is disputed, and such right is claimed by or on behalf of a third person, on the ground that such third person or a person through whom he claims, has actually and in good faith received and enjoyed such rent before and up to the time of the commencement of the suit, such third person shall be made a party to the suit, and the question of the actual receipt and enjoyment of the rent by such third person shall be enquired into, and the suit shall be decided according to the result of such inquiry.

If in actions for rent a third person appear as claimant, he is to be made a party to the suit.

Provided that the decision of the Deputy Commissioner shall not affect the right of either party, who may have a legal title to the rent of such land or tenure, to establish his title by suit in a civil court, if instituted within one year from the date of the decision.

[*Government Gazette*, 18*th March* 1879.]

৮৫ ধারা। প্রতিবাদী যে টাকা আদালতে আমানত করেন, তাহাতে তাহার উপর সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হউক বা কম পড়ুক, ঐ টাকা আমানত করিবার তারিখ অবধি বাদী তাহার উপর সুদ পাইবেন না।

আমানতের টাকার উপর সুদ না চলিবার কথা।

৮৬ ধারা। যে রায়তের দখলীস্বত্ব থাকে সে পাট্টা পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমার বিচারকালে পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষের একই মত না হইলে, ডেপুটী কমিশ্যনর মোকদ্দমার অবস্থা বিবেচনায় যে মিয়াদ ন্যায্য ও উচিত বোধ করেন এমত মিয়াদ ধার্য্য করিবেন।

পাট্টা পাইবার নিমিত্ত মোকদ্দমার বিচারকালে পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষের অনৈক্য হইলে ডেপুটী কমিশ্যনরের ঐ মিয়াদ ধার্য্য করিবার কথা।

কিন্তু কোন স্থলে বিশ বৎসরের অধিক মিয়াদ হইবে না, ও মহালের চিরকালীন বন্দোবস্ত না হইয়া থাকিলে, মহালের স্বামী গবর্ণমেণ্টের সঙ্গে যত কালের বন্দোবস্ত করিয়াছেন তাহার অধিক কালের মিয়াদ হইবে না। কিন্তু প্রতিবাদী ভূমিতে যাহার কিয়ৎকালীন সম্পর্ক থাকে এমত ইজারদার বা অন্য ব্যক্তি হইলে, ঐ সম্পর্ক যত কালের হয়, মিয়াদ তাহার অধিক কালের হইবে না।

যাহার দখলী স্বত্ব নাই এমত চাষা হইলে, ঐ জমীর খাজানা পাইবার অধিকার যাঁহার থাকে কেবল তাঁহারই বিবেচনামতে পাট্টার মিয়াদ ধার্য্য হইবে।

৮৭ ধারা। এই আইনমতে জমীদারের, ও রায়তের কি পেটাও প্রজার মধ্যে কোন মোকদ্দমায়, যদি রায়তের কি পেটাও প্রজার চাষ কি ভোগ করা জমীর কি যোতের খাজানা গ্রহণের অধিকার বিষয়ে বিবাদ হয়, ও তৃতীয় কোন ব্যক্তি কিম্বা যাহার বলে তিনি দাওয়া করেন সেই ব্যক্তি মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে ও সেই সময় পর্য্যন্ত প্রকৃত প্রস্তাবে ও সরলভাবে ঐ জমীর খাজানা গ্রহণ করিয়া ভোগ করিয়াছেন বলিয়া, সেই তৃতীয় ব্যক্তির দ্বারা কি তাঁহার পক্ষে সেই অধিকারের দাওয়া করা হয়, তবে ঐ তৃতীয় ব্যক্তিকে মোকদ্দমার এক পক্ষ করা যাইবে। ও সেই তৃতীয় ব্যক্তি প্রকৃত প্রস্তাবে ঐ খাজানা লইয়া ভোগ করিয়াছেন কি না এই বিষয়ের অনুসন্ধান লওয়া যাইবে, ও সেই অনুসন্ধানের ফল অনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবে।

খাজানার মোকদ্দমায় তৃতীয় ব্যক্তি দাওয়াদার বলিয়া উপস্থিত হইলে, তাঁহাকে মোকদ্দমার এক পক্ষ করিবার কথা।

কিন্তু আইনমতে ঐ জমীর কি যোতের খাজানা পাইবার স্বত্ববান বলিয়া, দেওয়ানী আদালতে কোন পক্ষের মোকদ্দমা করিয়া সেই স্বত্ব স্থাপন করিবার যে অধিকার আছে, ডেপুটী কমিশ্যনরের সেই নিষ্পত্তি দ্বারা সেই অধিকারের ব্যাঘাত হইবে না, কিন্তু ঐ নিষ্পত্তির তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

88. Any person desiring to eject a ryot, or to cancel a lease on account of non-payment of arrears of rent, may sue for such ejectment or cancelment and for recovery of the arrear in the same action, or may adduce any unexecuted decree for arrears of rent as evidence of the existence of such arrears in a suit for such ejectment or cancelment.

Suits for ejectment or cancelment of lease.

In all cases of suits for the ejectment of a ryot or the cancelment of a lease, the decree shall specify the amount of the arrear; and if such amount, together with interest and costs of suit, be paid into court within fifteen days from the date of the decree, execution shall be stayed.

89. The Deputy Commissioner shall pronounce judgment in open court. The judgment shall be written in the vernacular language of the Deputy Commissioner, and shall contain the reasons for the same, and shall be dated and signed by the Deputy Commissioner at the time when it is pronounced.

Judgment how to be pronounced.

Provided that any judgment may be written in English, if the Deputy Commissioner be sufficiently acquainted with the English language.

90. In any suit for rent under this Act, if it appears to the court that the defendant has without reasonable or probable cause, neglected or refused to pay the amount due from him,

The court may in certain cases award to the plaintiff additional damages not exceeding 25 per cent.

and that he has not, before the institution of the suit, tendered such amount to the plaintiff or his duly authorized agent, or, in case of refusal of the plaintiff or such agent to receive the amount tendered, has not deposited such amount with the Deputy Commissioner before the institution of the suit in manner hereinbefore mentioned,

the court may award to the plaintiff, in addition to the amount decreed for rent and costs, such damages, not exceeding twenty-five per centum on the amount of rent decreed, as the court may think fit;

and such damages, if awarded, as well as the amount of rent and costs decreed in the suit, shall carry interest from the date of decree until payment thereof at such rate per centum as the Deputy Commissioner deems reasonable.

৮৮ ধারা। কোন ব্যক্তি বাকী খাজানা না দেওন প্রযুক্ত রায়তকে উঠাইয়া দিতে বা পাট্টা বাতিল করিতে চাহিলে, তাহাকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার ও বাকী আদায়ের একই মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। কিম্বা তাহাকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার মোকদ্দমায় ঐ বাকীর প্রমাণস্বরূপ বাকী খাজানার জারী না করা ডিক্রী উপস্থিত করিতে পারিবেন।

উঠাইয়া দিবার কি পাট্টা বাতিল করিবার মোকদ্দমার কথা।

রায়তকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, তন্মধ্যে যত খাজানা বাকী আছে তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে। ও সুদ ও মোকদ্দমার খরচাসুদ্ধ সেই টাকা ঐ ডিক্রীর তারিখ অবধি ১৫ পনের দিনের মধ্যে আদালতে দেওয়া গেলে ঐ ডিক্রী জারী স্থগিত হইবে।

৮৯ ধারা। ডেপুটী কমিশ্যনর খোলা কাছারিতে আপনার বিচার প্রচার করিবেন। ঐ বিচার ডেপুটী কমিশনরের স্বদেশীয় ভাষায় লেখা যাইবে। তন্মধ্যে সেই বিচারের হেতু লেখা থাকিবে। ও ডেপুটী কমিশ্যনর যে সময়ে তাহা প্রচার করেন সেই সময়ে তাহাতে তারিখ দিয়া স্বাক্ষর করিবেন।

বিচার যে প্রকারে প্রচার করা যাইবে তাহার কথা।

কিন্তু ডেপুটী কমিশ্যনর ইংরেজী ভাষা উপযুক্তমতে জানিলে তাঁহার বিচার সেই ভাষায় লেখা যাইতে পারিবে।

৯০ ধারা। এই আইনমত খাজানার নিমিত্ত কোন মোকদ্দমায় প্রতিবাদী যুক্তিসঙ্গত কি সম্ভাবিত কারণ না থাকিলেও আপনার নিকট পাওনা টাকা দিতে উপেক্ষা কি অস্বীকার করিয়াছে,

স্থলবিশেষে বাদিকে ক্ষতিপূরণস্বরূপ শতকরা ২৫ টাকার অনধিক দিতে আদালতের আজ্ঞা করণের কথা।

ও মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদিকে কিম্বা তাঁহার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে ঐ টাকা দিতে প্রস্তাব করে নাই কিম্বা সেই টাকা দিতে চাহিলেও বাদী কি তাঁহার কর্ম্মকারক তাহা লইতে অস্বীকার করিলে মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে ডেপুটী কমিশনরের নিকট পূর্ব্বোক্ত প্রকারে ঐ টাকা আমানত করে নাই, আদালতের এরূপ প্রতীতি হইলে,

খাজানা ও খরচা বলিয়া বাদির পক্ষে যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত আদালত ক্ষতি পূরণস্বরূপ যে খাজানার টাকার ডিক্রী হয় তাহার উপর শতকরা ২৫ টাকার অনধিক যত উচিত বোধ করেন তাঁহাকে আর তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ক্ষতি পূরণস্বরূপ সেই টাকার আজ্ঞা হইলে তাহা ও মোকদ্দমায় যত টাকা খাজানার ও খরচার ডিক্রী হয় ডিক্রীর তারিখ অবধি তাহা পরিশোধ না করা পর্য্যন্ত তাহার উপর বৎসর শতকরা ডেপুটী কমিশ্যনর যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন তত টাকার হিসাবে সুদ চলিবে।

91. In any suit for rent under this Act, if it appears to the court that the plaintiff has instituted the suit against the defendant without reasonable or probable cause,

The court may award compensation, not exceeding 25 per cent on the amount sued for, to a defendant improperly sued.

or that the defendant, before the institution of the suit, duly deposited with the Deputy Commissioner in the manner hereinafter mentioned the full amount which the court shall find to have been due to the plaintiff at the date of such deposit,

the court may award to the defendant by way of compensation such sum, not exceeding twenty-five per centum on the whole amount claimed by the plaintiff, as the court may think fit;

and such sum, with interest until payment thereof at such rate per centum as the Deputy Commissioner deems reasonable, shall be recoverable from the plaintiff in like manner as sums decreed to be paid by defendants under this Act.

92. When a decree is given for the delivery of a pottah, if the person required by the decree to grant such pottah refuses or delays to grant the same, the Deputy Commissioner may grant a pottah in conformity with the terms of the decree under his own hand and seal, and such pottah shall be of the same force and effect as if granted by the person aforesaid.

If person required by the decree refuse to grant pottah, Deputy Commissioner may do so.

93. When a decree is given for the delivery of a kubooliyet, if the person required by the decree to execute such kubooliyet refuses to execute the same, the decree shall be evidence of the amount of rent claimable from such person, and a copy of the decree under the hand and seal of the Deputy Commissioner shall be of the same force and effect as a kubooliyet executed by the said person.

Refusal of person to execute kubooliyet as required by the decree.

94. If the decree is for the ejectment of any ryot from land occupied by him, or for the reinstatement of any ryot in the occupancy of land from which he has been ejected, the decree shall be executed by giving the possession or occupancy of the land to the person entitled by the decree to such possession or occupancy.

Mode of executing decree for ejectment or reinstatement of ryot.

[*Government Gazette*, 18*th March* 1879.]

৯১ ধারা। এই আইনমতে খাজানার নিমিত্ত কোন মোকদ্দমায়, যদি আদালতের প্রতীতি হয় যে, বাদী যুক্তিসঙ্গত কি সম্ভাবিত কারণ না থাকিলেও প্রতিবাদির নামে মোকদ্দমা উপস্থিত করিয়াছে,

প্রতিবাদির নামে অন্যায়-যুক্ত মতে নালিশ হইলে, যত টাকার নিমিত্ত নালিশ হয় তাহার উপর শতকরা ২৫ টাকা পর্য্যন্ত প্রতিবাদিকে ক্ষতি পূরণ স্বরূপ দিতে আদালতের আজ্ঞা করণের কথা।

কিম্বা মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে প্রতিবাদী নিম্নলিখিতমতে ডেপুটী কমিশনরের নিকট যত টাকা আমানত করিয়াছেন ঐ আমানত করণের তারিখে আদালতের বিচারে বাদির তদধিক টাকা পাওনা ছিল না;

তবে বাদী যত টাকার দাওয়া করিয়াছেন তাহার উপর আদালত শতকরা ২৫ টাকার অনধিক যত উচিত বোধ করেন প্রতিবাদিকে ক্ষতি পূরণস্বরূপ তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ও সেই টাকা যাবৎ না দেওয়া হয় তাহার উপর বৎসর শতকরা ডেপুটী কমিশনর যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন তত টাকা হিসাবে সুদ চলিবে, ও এই আইনমতে প্রতিবাদিদের টাকা দিবার ডিক্রী হইলে তাহা যে প্রকারে আদায় করা যায় বাদির স্থানে সেই প্রকারে ঐ টাকা আদায় করিয়া লওয়া যাইবে।

৯২ ধারা। পাট্টা পাইবার নিমিত্ত ডিক্রী হইলে, ঐ ডিক্রীমতে যাঁহার প্রতি সেই পাট্টা দিবার আদেশ থাকে তিনি তাহা দিতে অস্বীকার কি বিলম্ব করিলে ডেপুটী কমিশনর ডিক্রীর মর্ম্মানুসারে আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত পাট্টা দিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত ব্যক্তির দ্বারা দেওনের ন্যায় সেই পাট্টা প্রবল ও ফলবৎ হইবে।

ডিক্রীক্রমে যাঁহার প্রতি আজ্ঞা থাকে তিনি পাট্টা দিতে না চাহিলে ডেপুটী কমিশনরের দিতে পারিবার কথা।

৯৩ ধারা। কবুলিয়ত দিবার নিমিত্ত ডিক্রী হইলে ঐ ডিক্রীমতে যাঁহার প্রতি কবুলিয়ত লিখিয়া দিবার আদেশ থাকে, তিনি তাহা লিখিয়া দিতে অস্বীকার করিলে, তাঁহার স্থানে যত খাজানার দাওয়া হইতে পারে ঐ ডিক্রী ইহার প্রমাণস্বরূপ হইবে, ও ডেপুটী কমিশনরের স্বাক্ষর ও মোহরকরা ঐ ডিক্রীর নকল ঐ ব্যক্তির লেখা কবুলিয়তের ন্যায় প্রবল ও ফলবৎ হইবে।

ডিক্রীক্রমে কবুলিয়ত দিতে অস্বীকার করণবিষয়ক কথা।

৯৪ ধারা। কোন রায়তের দখলে যে ভূমি আছে তাহা হইতে তাহাকে উঠাইয়া দিবার, কিম্বা যে জমী হইতে তাহাকে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহা পুনরায় তাহার দখলে দিবার ডিক্রী হইলে, ডিক্রী ক্রমে যে ব্যক্তির সেই জমীর অধিকার কি দখল পাইবার স্বত্ব আছে তাহাকে অধিকার কি দখল দেওয়াইয়া ঐ ডিক্রী জারী হইবে।

রায়তকে উঠাইয়া দিবার বা পুনরায় দখল দিবার ডিক্রী যেরূপে জারী হইবে তাহার কথা।

If any opposition is made to the execution of the order for giving such possession or occupancy by the party against whom the order is made, the Deputy Commissioner, in the exercise of his powers as a Magistrate, shall give effect to the same.

Procedure in case of opposition to execution.

95. If the decree is for the cancelment of any lease, or the ejectment of any farmer or other person (not being an actual cultivator), or for the reinstatement of any farmer or other such person in the possession of a farm or tenure from which he has been ejected, the decree shall be executed by proclaiming the substance of the decree to the cultivators or other occupants by beat of drum, or in such other manner as may be customary, and affixing the same in some conspicuous place within, or adjacent to, the farm or tenure.

Mode of executing decree for cancelment of a lease, or for ejectment or reinstatement of a farmer or tenant.

96. If the decree is for arrears of rent, or for money, papers, or accounts, and the defendant has been committed to jail, or appears pursuant to the conditions of any security-bond given under section 59, the Deputy Commissioner may order that he be detained in, or committed to, the civil jail, unless he immediately pay into court the amount of the decree with costs, or otherwise comply with the terms of the decree.

In what case a judgment-debtor may be detained or imprisoned without issue of process of execution.

97. If the judgment-debtor has given security for his appearance, and is not present when judgment is pronounced, and the surety fails to deliver him into custody when required so to do, process of execution may be taken out against the surety in the same manner as if a decree for the amount due from the debtor had been passed against the surety.

Liability of surety on failure to deliver judgment-debtor into custody.

If the decree is for the delivery of papers or accounts, and the defendant is not present when judgment is pronounced, and the surety fails to deliver him into custody when required so to do, execution may be taken out against the surety for the sum due under the bond in the same manner as if a decree for that sum had been passed against the surety.

98. The provisions relating to attachment before judgment, contained in the Code of Civil Procedure, are hereby extended to all suits under this Act.

Attachment before judgment.

যাঁহার বিপক্ষে ডিক্রী হয় তিনি ঐ জমীর অধিকার কি দখল দিবার হুকুম জারীর বাধা জন্মাইলে, ডেপুটী কমিশনর স্বীয় মাজিষ্ট্রেটী ক্ষমতা বলে কার্য্য করিয়া ঐ হুকুম প্রবল করিবেন।

ডিক্রীজারীর বাধা হইলে কার্য্যপ্রণালীর কথা।

৯৫ ধারা। কোন পাট্টা বাতিল করণের কিম্বা ইজারদারের কি প্রকৃত চাস ভিন্ন কোন ব্যক্তিকে উঠাইয়া দেওনের কিম্বা ইজারদারকে কি অন্য ব্যক্তিকে যে ইজারা কি ভূমিহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহাকে পুনরায় দখল দেওয়াইবার ডিক্রী হইলে, ঢেড়রা দিয়া কি রীতমত অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে চাষাদের কি অন্য দখলীকারদের নিকট ডিক্রীর মর্ম্ম ঘোষণা করিয়া, ও সেই ইজারার কি ভূমির মধ্যে কি লাগাও কোন প্রকাশ স্থানে ঐ ডিক্রীর নকল লটকাইয়া, ডিক্রী জারী করা যাইবে।

পাট্টা বাতিল করণের, কিম্বা ইজারদারকে কি প্রজাকে উঠাইয়া দিবার বা পুনরায় দখল দিবার ডিক্রী যেরূপে জারী হইবে তদ্বিষয়ক কথা।

৯৬ ধারা। বাকী খাজনার কি টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্ত ডিক্রী হইলে, ও প্রতিবাদিকে জেলে আটক রাখা গিয়া থাকিলে, কিম্বা তিনি ৫৯ ধারামতে লিখিত জামিনী পত্রের নিয়মমতে হাজির হইলে, তিনি তৎকালেই খরচ সুদ্ধ ডিক্রীর টাকা আদালতে আমানত না করিলে, কিম্বা প্রকারান্তরে ডিক্রীর নিয়মানুসারে কার্য্য না করিলে, ডেপুটী কমিশনর তাঁহাকে দেওয়ানী জেলে রাখিবার বা পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ডিক্রীজারীর পরওয়ানা না দিয়া ডিক্রীমত খাতককে কোন্ স্থলে আটক রাখা বা কয়েদ করা যাইতে পারিবে তদ্বিষয়ক কথা।

৯৭ ধারা। ডিক্রীমত খাতক হাজির হইবার জামিন দিয়া থাকিলেও বিচার প্রচার করণ সময়ে হাজির না হইলে, ও জামিনের প্রতি আদেশ হইলেও তিনি ঐ খাতককে সমর্পণ করিয়া না দিলে, খাতকের স্থানে প্রাপ্য টাকার ডিক্রী জামিনের বিপক্ষে করা গেলে যে প্রকার হইত, সেই প্রকারেই ঐ জামিনের নামে ডিক্রীজারীর পরওয়ানা লওয়া যাইতে পারিবে।

জামিন ডিক্রীমত খাতককে হাজির করিয়া না দিলে তাঁহার দায়ের কথা।

কাগজপত্র কি হিসাব দিবার ডিক্রী হইলে, ও প্রতিবাদী বিচার প্রচার করণ সময়ে হাজির না হইলে, ও জামিনের প্রতি আদেশ হইলেও প্রতিবাদিকে সমর্পণ করিয়া না দিলে, ঐ খত অনুসারে যত টাকা পাওনা হয় জামিনের বিপক্ষে তত টাকার ডিক্রী হইলে যে প্রকারে হইত, সেই প্রকারে ঐ টাকার নিমিত্ত ঐ জামিনের নামে ডিক্রী জারীর পরওয়ানা লওয়া যাইতে পারিবে।

৯৮ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী-বিষয়ক আইনে বিচারের পূর্ব্বে ক্রোক করণ বিষয়ক যে বিধান আছে, তাহা এতদ্দ্বারা এই আইনমতে সকল মোকদ্দমার প্রতি বর্ত্তান গেল।

বিচারের পূর্ব্বে ক্রোক করিবার কথা।

Issue of process of execution.

99. Process of execution may be issued against either the person or the property of a judgment-debtor, but process shall not be issued simultaneously against both person and property.

Process of execution against the person or moveable property of a debtor shall be in the form contained in Schedule H or I hereto annexed, or to the like effect.

Application for execution against moveable property.

100. Any moveable property required to be seized under an execution shall, if practicable, be described in a list to be furnished by the judgment-creditor; but if the creditor is unable to furnish such list, he may apply for a general attachment of the debtor's effects to the amount of the judgment and costs.

In either case the property to be seized shall be pointed out to the officer entrusted with the execution of the process by the creditor or his agent.

How long warrant shall continue in force.

101. Every warrant of execution shall bear date on the day on which it is signed by the Deputy Commissioner, and shall continue in force for such period as the Deputy Commissioner may direct, not being more than sixty days from such date.

Second and successive warrants.

102. Second and successive warrants of execution may be issued by order of the Deputy Commissioner on the application of the judgment-creditor, after the expiration of the period fixed for the continuance in force of a previous warrant.

After one year execution not to issue without notice.

103. Process of execution shall not be issued upon any judgment without previous notice to the party against whom execution is applied for, if, when application for the issue of the process is made, a period of more than one year shall have elapsed from the date of the judgment, or from the date of the last previous application for execution.

Execution not to issue against heir or representative of a deceased party without notice.

104. Execution on a judgment shall not issue against the heir or other representative of a deceased party, without notice to such heir or other representative to appear and be heard.

[*Government Gazette*, 18*th March* 1870.]

ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবার কথা।

৯৯ ধারা। ডিক্রী জারীর পরওয়ানা হয় ডিক্রীমত খাতকর, না হয় তাহার সম্পত্তির উপর বাহির হইতে পারিবে, কিন্তু একই কালে তাঁহার ও তদীয় সম্পত্তির উপর বাহির হইতে পারিবে না।

খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা H বা I তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে।

অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার প্রার্থনার কথা

১০০ ধারা। ডিক্রীজারীক্রমে কোন অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রয়োজন হইলে, ডিক্রীমত মহাজন তাহার তালিকা দিতে পারিলে তাহা দিয়া ঐ সম্পত্তির বর্ণনা করিবেন। কিন্তু এরূপ তালিকা দিতে না পারিলে, খাতকের যত দ্রব্যে ডিক্রীর টাকা ও খরচা শোধ হইতে পারে, সাধারণমতে তত দ্রব্য ক্রোক করিবার প্রার্থনা করিতে পারিবেন।

এতদুভয় স্থলে পরওয়ানা জারী করিবার ভার যে কর্ম্মচারীর হাতে দেওয়া যায় মহাজন কি তাঁহার কর্ম্মকারক তাঁহাকে ক্রোক করিবার সম্পত্তি দেখাইয়া দিবেন।

পরওনা যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

১০১ ধারা। ডেপুটী কমিশনর যে তারিখে ডিক্রী জারীর পরওয়ানায় স্বাক্ষর করেন তাহাই ঐ পরওয়ানার তারিখ হইবে, ও সেই তারিখ অবধি ধরিয়া ডেপুটী কমিশনর ৬০ ষাইট দিনের অনধিক যত দিনের আজ্ঞা করেন, ঐ পরওয়ানা তত দিন প্রবল থাকিবে।

দ্বিতীয় ও তৎপরে অন্যং পরওয়ানার কথা।

১০২ ধারা। কোন পরওয়ানা প্রবল থাকিবার মিয়াদ ফুরাইলে পর, ডিক্রীমত মহাজনের প্রার্থনামতে ডেপুটী কমিশনরের আজ্ঞাক্রমে ডিক্রী জারীর দ্বিতীয় ও তাহার পর অন্যান্য পরওয়ানা ও বাহির হইতে পারিবে।

এক বৎসর গত হইলে নোটিস না দিয়া ডিক্রীজারীর পরওয়ানা বাহির না হইবার কথা।

১০৩ ধারা। ডিক্রীর তারিখ অবধি কিম্বা পূর্ব্ববর্ত্তী শেষ ডিক্রীজারীর পরওয়ানা প্রার্থনা হইবার তারিখ অবধি এক বৎসরের অধিক গত হইলে পর পরওয়ানা বাহির করিবার প্রার্থনা হইলে যাঁহার নামে ডিক্রীজারী করিবার প্রার্থনা হয় তাঁহাকে পূর্ব্বে নোটিস না দিলে, কোন ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবে না।

মৃত ব্যক্তির উত্তরাধিকারী কি স্থলাভিষিক্তের নামে নোটিস না দিয়া ডিক্রীজারীর পরওয়ানা বাহির না হইবার কথা।

১০৪ ধারা। মৃত ব্যক্তির উত্তরাধিকারিকে কি স্থলাভিষিক্তকে হাজির হইয়া আপনার আপত্তি জানাইবার নোটিস না দেওয়া গেলে, তাঁহার নামে ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবে না।

105. No process of execution of any description whatsoever shall be issued on a judgment under this Act unless an application be made within three years from the date of such judgment.

No process of execution to be issued three years after date of judgment.

106. If a warrant is issued for taking in execution the body of any person, the officer charged with the execution of the warrant shall bring him with all convenient speed before the Deputy Commissioner.

Warrant against the person.

If such person does not then deposit in court the full amount specified in the warrant, or make such arrangement for the payment of the same as shall be satisfactory to the judgment-creditor, or satisfy the Deputy Commissioner that he has no present means of paying the debt, the Deputy Commissioner shall send him to the civil jail, there to remain for such time as shall be directed by a warrant addressed to the keeper of the jail, unless he shall in the meantime pay the full amount for the payment of which he is liable under the decree.

Provided that no person shall be imprisoned in execution of a decree under this Act for a longer period than six months;

or for a longer period than six weeks, if the decree is for the payment of a sum of money not exceeding fifty rupees.

If the decree against any person arrested under a warrant is for the delivery of papers or accounts, and the papers or accounts are not delivered by him when he is brought before the Deputy Commissioner, such person may be committed to the civil jail, there to remain for such time, not exceeding six months, as the Deputy Commissioner shall direct, unless he shall in the meantime deliver the papers or accounts according to the terms of the decree.

If arrest be for non-delivery of accounts.

107. Any person once discharged from jail shall not be imprisoned a second time under the same judgment.

No person to be imprisoned a second time under same judgment.

If the amount due under the decree does not exceed fifty rupees, the Deputy Commissioner may declare such discharged person absolved from liability under that decree.

১০৫ ধারা। এই আইনমত ডিক্রীর তারিখ অবধি তিন বৎসর গত হইলে পর ঐ ডিক্রী জারী করিবার কোন প্রকারের পরওয়ানা বাহির হইবে না।

ডিক্রীর তারিখ অবধি তিন বৎসর গত হইলে পরওয়ানা জারী না হইবার কথা।

১০৬ ধারা। ডিক্রীজারীক্রমে কোন ব্যক্তিকে ধরিবার পরওয়ানা বাহির হইলে, ঐ পরওয়ানা জারী করিবার জন্যে যে কর্ম্মচারীর হাতে দেওয়া যায় তিনি সুবিধামতে ত্বরায় সেই ব্যক্তিকে ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনিবেন।

ব্যক্তিবিশেষের উপর পরওয়ানার কথা।

ঐ ব্যক্তি তৎকালেই ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা আদালতে আমানত না করিলে, কিম্বা ডিক্রীমত মহাজন যাহাতে সন্তুষ্ট হন ঐ টাকা দিবার তদ্রূপ নিয়ম না করিলে, কিম্বা তৎকালে ঐ ঋণ শোধ করিবার সঙ্গতি না থাকার বিষয়ে ডেপুটী কমিশ্যনরের হৃদ্বোধ না জন্মাইলে, ডেপুটী কমিশ্যনর তাঁহাকে দেওয়ানী জেলে পাঠাইবেন, ও জেল দারগার নামে যে পরওয়ানা দেওয়া যায় তাহাতে যত দিন কয়েদ করিবার আজ্ঞা থাকে, ইতিমধ্যে ডিক্রী অনুসারে সমুদয় টাকা না দিলে তাঁহার তত দিন কয়েদ থাকিতে হইবে।

কিন্তু এই আইনমত ডিক্রীজারীক্রমে কাহাকেও ছয় মাসের, কিম্বা ৫০৲ টাকার অনধিক টাকা আদায়ের ডিক্রী হইলে, ছয় সপ্তাহের, অধিক কাল কয়েদ রাখা হইবে না।

কাগজপত্র কি হিসাব দিবার ডিক্রী হইয়া কোন ব্যক্তিকে পরওয়ানামতে ধরা গেলে, ও ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনা গেলে ঐ ব্যক্তি কাগজপত্র কি হিসাব না দিলে, তাঁহাকে দেওয়ানী জেলে কয়েদ করা যাইবে ও ডেপুটী কমিশ্যনর ছয় মাসের অনধিক যত দিন আজ্ঞা করেন ইতিমধ্যে ডিক্রীর নিয়মানুসারে কাগজপত্র কি হিসাব না দিলে তাঁহাকে তত দিন জেলে থাকিতে হইবে।

হিসাব না দেওয়াতে গ্রেপ্তার হইলে তদ্বিষয়ের কথা।

১০৭ ধারা। কোন ব্যক্তিকে এক বার জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলে, তাঁহাকে সেই বিচারমতে দ্বিতীয়বার কয়েদ করা যাইবে না।

একই বিচারমতে কোন ব্যক্তির দ্বিতীয়বার কয়েদ হইতে না পারিবার কথা।

ডিক্রীমতে যদি তাঁহার ৫০৲ টাকার অধিক দেনা না হয়, তবে জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলে ডেপুটী কমিশ্যনর তাঁহাকে সেই ডিক্রীমত অন্য দায় হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ১৮ মার্চ ।]

In other cases the discharge shall not extinguish the liability of the discharged person under the decree, or exempt property belonging to such person from attachment in execution of the same.

অন্যান্তরে জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলেও ডিক্রী মতে তাঁহার যে দায় থাকে তাহা লোপ হইবে না, ও সেই ডিক্রীজারীক্রমে তাহার কোন সম্পত্তি ক্রোককরণ হইতে মুক্ত হইবে না।

Diet-money to be deposited at the time of issue of warrant.

108. Any person applying for a warrant of arrest under section 57, or suing out process of execution against the body of any person, shall deposit in court, at the time of issue of the warrant, diet-money for thirty days at such rate as the Deputy Commissioner may direct.

পরওয়ানা জারীকরণ সময়ে খোরাকী আমানত করিতে হইবার কথা।

১০৮ ধারা। কোন ব্যক্তি ৫৭ ধারামতে গ্রেফ্তারী পরওয়ানা প্রার্থনা করিলে কিম্বা কোন ব্যক্তির শরীরের উপর ডিক্রী জারীর পরওয়ানা প্রার্থনা করিলে, ঐ পরওয়ানা জারী করণ সময়ে তাঁহার ত্রিশ দিনের খোরাকী আমানত করিতে হইবে, ডেপুটী কমিশনর যে হারে দিবার আজ্ঞা করেন সেই হারে ঐ খোরাকী দেওয়া যাইবে।

Payment of diet-money in advance during imprisonment.

109. Payment of diet-money at the same rate shall be made previously to the commencement of each succeeding month of the imprisonment, in failure of which the party confined shall be discharged.

কয়েদ থাকিবার সময় খোরাকী আগাম দিবার কথা।

১০৯ ধারা। তৎপরে কয়েদ থাকিবার প্রতিমাসের আরম্ভের পূর্ব্বে সেই হারে খোরাকী দিতে হইবে, দিবার ত্রুটি হইলে কয়েদিকে ছাড়িয়া দেওয়া যাইবে।

Diet-money to be costs in suit.

110. All diet-money spent in providing subsistence for any prisoner shall be added to the costs in the suit, and any diet-money not so spent shall be returned to the person who deposited the same.

মোকদ্দমার খরচার মধ্যে খোরাকী ধরিবার কথা।

১১০ ধারা। কোন কয়েদীর আহারের নিমিত্ত যত খোরাকী খরচ হয় তাহা মোকদ্দমার খরচার সঙ্গে যোগ করিয়া দেওয়া যাইবে, ও তদ্রূপে যে খোরাকী খরচ না হয় তাহা যিনি আমানত করেন তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

List of property to be prepared and proclamation of sale to be published, &c.

111. In executing a writ of execution against the moveable property of a debtor liable under this Act, the officer charged with the execution of the writ shall prepare a list of the property pointed out by the judgment-creditor, and shall publish a proclamation specifying the day upon which the sale is intended to be held, together with a copy of the said list, at the intended place of sale and at the residence of the debtor.

A copy of the said proclamation and list shall be transmitted to the Deputy Commissioner and shall be affixed in his office.

Until the day of sale, the said property shall remain in the custody of the officer attaching the same.

সম্পত্তির তালিকা প্রস্তুত করিয়া নীলামের ঘোষণাপত্র প্রচার করণাদির কথা।

১১১ ধারা। এই আইনমতে যে খাতক দায়ী হন তাঁহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইলে, সেই পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে কর্ম্মচারিকে দেওয়া যায়, ডিক্রীমত মহাজন যে সম্পত্তি দেখাইয়া দেন ঐ কর্ম্মচারী তাহার তালিকা প্রস্তুত করিয়া, যে দিনে নীলাম করিবার কল্পনা থাকে সেই দিনের নির্দ্দেশ করিয়া ঐ তালিকার নকল সহিত নীলাম করিবার লক্ষিত স্থানে ও খাতকের বাসস্থানে ঘোষণাপত্র প্রচার করিবেন।

সেই ঘোষণা পত্র ও তালিকার এককেতা নকল ডেপুটী কমিশ্যনরেরও নিকট পাঠান যাইবে ও তাঁহার কাছারিতে লাগাইয়া দেওয়া যাইবে।

যে কর্ম্মচারী সম্পত্তি ক্রোক করেন নীলামের দিন-পর্য্যন্ত ঐ সম্পত্তি তাঁহার জিম্মায় থাকিবে।

Place and manner of sale of property.

112. The sale shall be held at the place where the property is deposited, or at the nearest gunge, bazar, haut, or other place of public resort, if the officer holding the sale is of opinion that it is likely to sell there to better advantage.

The property shall be sold by public auction in one or more lots as the officer holding the sale may think advisable; and if the judgment-debt

সম্পত্তি যে স্থানে যে প্রকারে নীলাম হইবে তাহার কথা।

১১২ ধারা। সম্পত্তি যে স্থানে রাখা যায় সেই স্থানেই নীলাম হইবে, কিন্তু নিকটস্থ গঞ্জে কি বাজারে কি হাটে কি সাধারণ লোকদের গতি বিধির আর কোন স্থানে নীলাম হইলে ঐ দ্রব্যের কিছু অধিক মূল্য পাওয়া যাইতে পারে নীলামকারী কর্ম্মচারী এমত বোধ করিলে সেই স্থানে নীলাম হইবে।

যে কর্ম্মচারী নীলাম করেন তিনি যেমন উচিত বোধ করেন তেমনি এক কি কএক লাট করিয়া ঐ দ্রব্য নীলাম হইবে; এবং ঐ দ্রব্যের কেবল একাংশ নীলাম

with the costs of the execution and sale is satisfied by the sale of a portion of the property, the execution shall be immediately withdrawn with respect to the remainder.

If fair price be not offered, sale may be postponed to another day, and shall be then completed at whatever price may be offered.

113. If, on the property being put up for sale, a fair price, in the estimation of the officer holding the sale, is not offered for it, and the owner of the property, or some person authorized to act on his behalf, applies to have the sale postponed until the next day, or the next market day, if a market be held at the place of sale, the sale shall be postponed until such day, and shall be then completed at whatever price may be offered for the property.

Payment of purchase-money.

114. The price of every lot shall be paid for in ready money at the time of sale, or as soon after as the officer holding the sale shall think necessary; and in default of such payment, the property shall be put up again and sold.

When the purchase money has been paid in full, the officer holding the sale shall give the purchaser a certificate describing the property purchased by him and the price paid.

Proceeds of sale.

115. From the proceeds of the sale of the property the officer holding the sale shall make a deduction, at the rate of one anna in the rupee, on account of the costs of the sale, and shall transmit the amount to the Deputy Commissioner in order that it may be credited to Government.

The said officer shall then pay to the judgment-creditor the expenses incurred by the judgment-creditor on account of the preparation of the list and of the publication of the proclamation of sale prescribed in section 111, to such amount as, after examination of the statement of expenses furnished by the judgment-creditor, he thinks proper to allow.

The remainder shall be applied to the discharge of the debt for which the sale was made, with interest thereon up to the day of sale, and if there be any surplus, it shall be delivered to the person whose property has been sold.

Officers holding sales prohibited from purchasing.

116. Officers holding sales of property under this Act, and all persons employed by, or subordinate to, such officers, are prohibited from purchasing either

করিলেই ডিক্রীমত ঋণ ও ডিক্রীজারীর ও নীলামের খরচ শোধ হইতে পারিল, ঐ দ্রব্যের অন্য অংশের পক্ষে ঐ ডিক্রীজারী একেবারে স্থগিত হইবে।

উপযুক্ত মূল্যের ডাক না হইলে, অন্য দিন পর্য্যন্ত নীলাম স্থগিত রাখিবার কথা ও সেই দিনে যে দরেই হউক নীলাম করিতে হইবার কথা।

১১৩ ধারা। ঐ দ্রব্য নীলামে ধরা গেলে, যে কর্ম্মচারী নীলাম করিতেছেন তিনি ঐ দ্রব্যের উপযুক্ত মূল্যের ডাক হয় নাই বোধ করিলে, ও ঐ দ্রব্যের স্বামী কিম্বা তাঁহার পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পাইয়া অন্য ব্যক্তি তাহার পর দিন পর্য্যন্ত, কিম্বা নীলামের স্থানে যদি হাট হয় হাট বসিবার আগামি দিন পর্য্যন্ত ঐ নীলাম স্থগিত রাখিতে প্রার্থনা করিলে, সেই দিনপর্য্যন্ত স্থগিত রাখা যাইবে। সেই দিনে ঐ দ্রব্যের যে মূল্যই ডাকা যাউক সেই মূল্যে বিক্রয় করা যাইবে।

খরিদের টাকা দিবার কথা।

১১৪ ধারা। প্রত্যেক লাটের মূল্য নীলাম করণ সময়েই, কিম্বা যে কর্ম্মচারী নীলাম করেন তিনি তৎপরে যত শীঘ্র উচিত বোধ করেন তৎশীঘ্র, নগদ দিতে হইবে; না দেওয়া গেলে ঐ দ্রব্য পুনরায় নীলামে ধরিয়া বিক্রয় হইবে।

মূল্য সম্পূর্ণরূপে দেওয়া গেলে পর, যে কর্ম্মচারী নীলাম করেন তিনি খরিদারকে খরিদ করা দ্রব্যের বর্ণনা করিয়া ও যত মূল্য দেওয়া গেল তাহার নির্দ্দেশ করিয়া সর্টিফিকেট দিবেন।

নীলামের উৎপন্ন টাকা বিষয়ক কথা।

১১৫ ধারা। যে কর্ম্মচারী নীলাম করেন তিনি ঐ নীলামের উৎপন্ন টাকা হইতে নীলামের খরচ বলিয়া টাকা প্রতি /০ এক আনা লইয়া তাহা গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লইবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের নিকট পাঠাইবেন।

পরে ডিক্রীমত মহাজন ঐ দ্রব্যের তালিকা প্রস্তুত করণের ও ১১১ ধারার বিধানমতে নীলামের ঘোষণাপত্র প্রচার করণের খরচের যে হিসাব দেন উক্ত কর্ম্মচারী তাহা দেখিয়া তন্মধ্যে যত দেওয়া উচিত বোধ করেন ডিক্রীমত মহাজনকে তত দিবেন।

বাকী টাকা লইয়া, যে ঋণের নিমিত্ত নীলাম হইল তাহার উপর নীলামের তারিখ পর্য্যন্ত সুদসুদ্ধ ঐ ঋণ শোধ করা যাইবে। যদি কিছু উদ্বৃত্ত থাকে যাঁহার সম্পত্তি বিক্রয় করা গেল তাঁহাকে দেওয়া যাইবে।

যে কর্ম্মচারিরা নীলাম করেন তাঁহাদের খরিদ করিতে নিষেধের কথা।

১১৬ ধারা। যে কর্ম্মচারিরা এই আইনমতে নীলাম করেন তাঁহাদের প্রতি, ও তাঁহাদের নিয়োজিত বা অধীন ব্যক্তিদিগের প্রতি

directly or indirectly, any property sold by such officers.

Sale of moveable property taken in execution.

117. No sale of any moveable property taken in execution shall be made until after the end of ten days next following the day on which such property may have been so taken.

ঐ ...	ঐ ...	বেতলা ...	উত্তর সীমা ।—হাতীবালী মৌজার উত্তর সীমা, পরে দামোদর খারের পশ্চিম সীমা; পরে ভাটীদিগে উক্ত নদী পর্য্যন্ত অরাঙ্গা নদীর এক পোষক, পরে অরাঙ্গা । পূর্ব্বসীমা ।—অরঙ্গা নদী । দক্ষিণ সীমা ।—দামোদর খারের দক্ষিণ সীমা, পরে ভাটীদিগে ঘেওরাই নদী সংযোগকারি ক্ষুদ্র জলস্রোত, পরে উজানদিগে ঘেওরাই নদী, পরে লুকম খার ও গাদী ও কোচিলা মৌজা উত্তর সীমা । পশ্চিম সীমা ।—কোচিলা ও উলামণ্ড ও মুণ্ডার সীমার সংযোগ স্থান অবধি উত্তরমুখে মুণ্ডু ও কুটামী ও উখরা ও বেতলা মৌজার সীমার সংযোগ স্থান পর্য্যন্ত গামি সরল রেখা ।
ঐ ...	ঐ ...	সৈদোপ ...	উত্তর সীমা ।—মরওয়াই ও কুজ্রান ও অরগাব ও সাসেদ ও লাটুর সীমার সংযোগ স্থান পর্য্যন্ত খাসিতপ্পার উত্তর সীমা, পরে চৌরী নদীর পশ্চিম পোষক পর্য্যন্ত অরগাবের পশ্চিম সীমার সঙ্গে২ যায়, পরে উক্ত পোষকের ভাটীদিগে সৈদোপের পশ্চিম সীমা পর্য্যন্ত যায়, পরে উক্ত সীমার সঙ্গে২ দক্ষিণমুখে পর্ব্বতের গোড়াপর্য্যন্ত যায়, পরে পর্ব্বতের গোড়ার সঙ্গে২ সৈদোপের পূর্ব্ব সীমা পর্য্যন্ত যায়, পরে চৌরী নদীর পূর্ব্ব শাখা পর্য্যন্ত সৈদোপের পূর্ব্ব সীমা, পরে হরা মণ্ডগ্রামের উত্তর পশ্চিমদিগে প্রায় এক মাইল দূরে বিশেষ স্থান পর্য্যন্ত উক্ত শাখ, পরে উক্ত পর্ব্বতের গোড়াপর্য্যন্ত দক্ষিণাভিমুখগামি রেখা, পরে উক্ত পর্ব্বতের গোড়ার সঙ্গে২ জোবর হারের পশ্চিম সীমা পর্য্যন্ত যায়, পরে গাদী ও চীপা ডহরের খেথর সীমার সংযোগ স্থানপর্য্যন্ত উত্তর-পূর্ব্বমুখে ও পরে উত্তর মুখে প্রায় একমাইল পর্য্যন্ত ক্ষুদ্র এক জলস্রোতের সঙ্গে২ রেখা যায়, পরে খেদের উত্তর সীমার সঙ্গে২ অরাঙ্গা নদী পর্য্যন্ত যায় ।

[*Government Gazette, 25th March 1879.*]

জিলা।	পরগনা বা অন্য উপখণ্ড।	বনের নাম।	সীমার বিবরণ।
লোহারডগা...	পালামৌ ...	সৈদোপ ...	পূর্ব্বসীমা।—অরাঙ্গা নদী, পরে পুবোয়া ও জীওয়া নদী। দক্ষিণ সীমা।—বারিতপ্পার পশ্চিম সীমা, পরে উজান-দিগে জিওয়া নদীর এক পোষক, পরে পর্ব্বতের গোড়ার সঙ্গে২ চারো নদী পর্য্যন্ত যায়, পরে চারো নদী ও কোয়েল নদী পশ্চিম সীমা।—মেরাল মৌজার পশ্চিম সীমা।
ঐ ...	ঐ ...	কমান্দি ...	উত্তর সীমা।—কুটীয়ার উত্তর পূর্ব্ব সীমা হইতে রেখা আরম্ভ হইয়া পর্ব্বতের গোড়ায়২ কমান্দির পশ্চিম সীমা পর্য্যন্ত যায়, পরে কমান্দির দক্ষিণ সীমার সঙ্গে২ যায়, পরে এক ক্ষুদ্র জল স্রোতের উজান যায়, পরে নওয়াগধার দক্ষিণ সীমা, পরে ক্ষুদ্র জল স্রোতের ভাটো দিগে অল্পদূর যায়, পরে তাহার আর এক শাখার উজান দিগে যায়, পরে বিন্দির দক্ষিণ সীমার সঙ্গে২ যায়। পূর্ব্ব সীমা।—বিচ্ছা ও জেরের পশ্চিম সীমা। দক্ষিণ সীমা।—মনথেরি তপ্পার উত্তর-পূর্ব্ব সীমা, পরে কুকুর উত্তর সীমা, পরে রাণীদেহ নদীর যে স্থানে কুটীয়ার উত্তর পূর্ব্ব সীমা পার হয় সেই স্থান পর্য্যন্ত-উক্ত নদী। দক্ষিণ পশ্চিম সীমা।—কুটীয়ার উত্তর পূর্ব্ব-সীমা।
ঐ ...	ঐ ...	রমণদাগ ...	উত্তর সীমা।—বরমাহী নদী, পরে পুরোর পশ্চিম সীমা-ভিমুখে পূর্ব্বমুখে, গামি রেখা, পরে পুরোর ও রমন-দাগের উত্তর সীমা, পরে খমিতপ্পার পূর্ব্ব সীমা পরে ধাচুন নদী পর্য্যন্ত কান্তকোণা ও কোরিমুরী মৌজার উত্তর সীমা। পূর্ব্ব সীমা।—ধাচুন নদী। দক্ষিণ সীমা।—জোরহর নদী ও কোয়েল নদী। পশ্চিম সীমা।—গোয়াঙ্গনদী
ঐ ...	ঐ ...	বরাসন্দ ...	উত্তর সীমা।—কোয়েল নদী। পূর্ব্ব সীমা।—বরাস ও তপপার পূর্ব্ব সীমা। দক্ষিণ সীমা।—বরাস ও তপপার পূর্ব্ব সীমা হইতে প্রথম উত্তর মুখে ও পরে পূর্ব্ব মুখে বরাস ও চেচারি পথের সংযোগ স্থান পর্য্যন্ত গামি রেখা, পরে দক্ষিণ মুখে চেচারী পথের সঙ্গে২ গিয়া চেচারি তপপার উত্তর সীমা যে স্থানে পার হয় সেই স্থানপর্য্যন্ত যায়, পরে পশ্চিম মুখে চেচারি তপ্পার উত্তর সীমার সঙ্গে২ যায়। পশ্চিম সীমা।—বরাস ও তপ্পার পশ্চিম সীমা।
ঐ ...	ঐ ...	সীমা ...	উত্তর সীমা।—মারোমণ্ডের দক্ষিণ ও পূর্ব্ব সীমা, পরে লম্বার দক্ষিণ সীমা, পরে তুলোকের পশ্চিমসীমা, পরে সেরমের উত্তর সীমা, পরে দরীচাপর ও জায়গীর ও বারিবনের পশ্চিমসীমা, পরে প্রায় এক মাইল পর্য্যন্ত কান্তের উত্তর সীমা, পরে কান্তের দক্ষিণ সীমা পর্য্যন্ত দাক্ষণমুখগামি রেখা, পরে কান্তে ও তোরিদাগের দক্ষিণ সীমা ও কোয়েল নদীর ক্ষুদ্র পোষক পর্য্যন্ত পথ, পরে উক্ত পোষকের ভাটোদিগে কোয়েল নদী পর্য্যন্ত যায়। পূর্ব্বসীমা।—কোয়েল নদী।

জিলা।	পরগনা বা অন্য উপ গুথ।	বনের নাম।	সীমার বিবরণ।
লোহারডগা ...	পালামৌ ...	সীমা ...	দক্ষিণসীমা।—কোয়েল নদী হইতে নির্গত হইয়া নেতর হাট মালভূমির ধারে না মিলন পর্য্যন্ত প্রথমে পালামৌয়ের দক্ষিণ সীমা, পরে উক্ত মালভূমির ধারে২ পিন্দার ভাটোদিগে প্রায় এক মাইল দূরে পিভ্রানদী সংযোগকারি ক্ষুদ্র জলস্রোতের উৎপত্তির স্থানের সম্মুখ পর্য্যন্ত উত্তরমুখে রেখা যায়, পরে কুগ্রী মৌজার দক্ষিণসীমা যে স্থানে সীমা তপপার পশ্চিম সীমা স্পর্শ করে সেই স্থান পর্য্যন্ত পশ্চিমমুখগামি সরল রেখা। পশ্চিমসীমা।—সীমা তপপার পশ্চিম সীমা।
শাহাবাদ ...	সাশারাম ...	রোহতাস মালভূমি	রোহতাস মালভূমি উচ্চ সমতল ভূমি, ইহার চতুঃসীমা-দক্ষিণ—পশ্চিম কোনের যে স্থানে সুড়ি ভূমি দিয়া তালুক রেহলের সহিত সংযোগ আছে তদ্ভিন্ন রোহাতাস নামে খ্যাত ক্রম নিম্ন স্থান।
ঐ ...	ঐ ...	রোহতাস ক্রমনিম্ন স্থান	রোহতাস ক্রমনিম্ন স্থান সমতলভূমি অবধি চূড়া পর্য্যন্ত পর্ব্বত পার্শ্ব, তদুপরিভাগ রোহতাস মালভূমি, উক্ত ক্রমনিম্ন স্থান অসমানরূপে প্রায় ২৮ মাইল পর্য্যন্ত উক্ত মালভূমি বেষ্টন করিয়া যায়।
ঐ ...	ঐ ...	রেহলমালভূমি	দেব মহারাজার সঙ্গে পূর্ব্বে বন্দোবস্ত করা কর্ষিত অংশ সুদ্ধ তালুক রেহলেরযে অংশ এইক্ষণে গবর্ণমেণ্টের খাসে আছে এবং ভূমি গ্রহণ বিষয়ক আইনমতে সম্প্রতি গৃহীত হইয়াছে তাহা লইয়া রেহল মাল ভূমি হয়। উক্ত মালভূমির দক্ষিণ ও পূর্ব্ব সীমা রেহল ক্রমনিম্ন স্থান, উত্তর সীমা বুধয়াও চণ্ড মৌজা ও পশ্চিম সীমা বরাগর ও পিপারদিপ মৌজা।
ঐ ...	ঐ ...	বাঁসই কোহ ...	বাঁসই কোহ নামে খ্যাত ভূমি ক্রমনিম্নস্থান ও উপত্যকা লইয়া প্রায় ছয় মাইল দীর্ঘ ভূমি, ইহার উত্তর সীমা মালভূমিস্থ ঢোল দাগ ও বন্দা ও সোদাগ গ্রাম, দক্ষিণ সীমা মুদকোপিয়া ও নোমাডিহ ও আমনগুয়া ও তীরাখুর্দ্দ ও কালোন মৌজা।
২৪ পরগনা যশোহর	সাতক্ষীরা, খুলনা, বাগিরহাট	সুন্দরবন ...	উত্তর সীমা।—কালিন্দি নদীহইতে কোইখালি নামক ১৬৪ নং লাটের অদত্তাংশের উত্তর সীমার সঙ্গে২ যমুনা নদী পর্য্যন্ত পূর্ব্বমুখে যায়, পরে যমুনা নদীর ভাটোদিগে যায়, পরে কেলেঞ্চি আবাদের পূর্ব্ব সীমার সঙ্গে২ যায়, পরে মুরগঙ্গ, পরে আবুরি ও আলুয়া খাল, পরে ইচ্ছামতি নদীর উজান দিগে যায়, পরে ৬৯ নং অদত্ত লাটের উত্তর সীমার সঙ্গে২ যায়, পরে চুয়ারগঙ্গ, ও পরে অর্পঙ্গসা নদীপর্য্যন্ত কোলপত্ত নদী, পরে শাকবেড়িয়া নদী, পরে ময়সালীর খালের সহিত সিপ্সানদীর সংযোগ স্থান পর্য্যন্ত উক্ত খাল, পরে সিপ্স্যা নদীর যে স্থানে সুতর খালী নদীর সংযোগ হয় সেই স্থান পর্য্যন্ত সিপ্সা নদীর সঙ্গে২ দক্ষিণমুখে যায়, পরে ভদ্রা নদীতে না মিলন পর্য্যন্ত উক্ত সুতরখালী নদীর সঙ্গে২ উত্তরমুখে যায়, পরে ভদ্রা নদী মানচিত্রে লৌতখালী নামে লিখিত কিন্তু তৎস্থানে খাজুর বেড়িয়া খাল নামে খ্যাত খালের বা খাড়ীর যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত ভদ্রা নদীর সঙ্গে২ দক্ষিণমুখে যায়, উক্ত খাল কর্ম্মজল নামক ২২৬ নং লাটের উত্তর সীমা হয়, পরে পসর নদীর সহিত উক্ত লৌতা খালী খাড়ি বা খাজুর বেড়িয়া খালের সংযোগ স্থান পর্য্যন্ত উক্ত খাড়ি বা খালের দক্ষিণ ও পশ্চিম তটের সঙ্গে২ যায়, পরে দক্ষিণ দিগে কিঞ্চিদ্দূর পসর নদীর সঙ্গে২ গিয়া তাহা পার হইয়া নৌড়া চীলা খাল পর্য্যন্ত যায়, এই খাল ২৪০ নং

জিলা।	পরগনা বা অন্য উপখণ্ড।	বনের নাম।	সীমার বিবরণ।
২৪পরগনা যশোহর	সাতক্ষীরা, খুলনা, বাগিরহাট	সুন্দরবন ...	লাটের উত্তর সীমা হয়, পরে চীলা চণ্ডপাই নদীর বা গাঙ্গের সহিত উক্ত মোড়া চীলা খালের সংযোগ স্থান পর্য্যন্ত উক্ত খালের সঙ্গে২ যায়, পরে চীলা চণ্ডপাই পার হইয়া কর্ম্মা নদীর দক্ষিণ তটের সঙ্গে২ গিয়া পূর্ব্বদিগে যত দূরে ভোলা নদীর সহিত তাহার সংযোগ হয় ততদূর পর্য্যন্ত যায়, এই নদী খৌলিয়া বরিসাল নামে খ্যাত ২ ও ৩ও ৪ ও ৫ ও ৬ ও ৭ নং লাটের পশ্চিমদিক্‌গামি। পূর্ব্ব সীমা।—ভোলা নদী, পরে বগী খাল ও হরিণঘাটা নদী। দক্ষিণ সীমা।—সমুদ্র। পশ্চিম সীমা।—কালিন্দী নদী ও রাইমঙ্গল নদী।
চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ	... ...	মিয়ানি ...	এই স্থানে মিয়ানি নদীর দ্বারা জল নির্গম হইয়া থাকে তাহার সীমা এই২,— উত্তর সীমা —ত্রিপুরা পর্ব্বত। পূর্ব্বসীমা।—মিয়ানি ও কাসলঙ্গ নদীর মধ্যগত জলক্ষেপিভূমি। পশ্চিম সীমা।—মিয়ানি ও চিঙ্গড়ি নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি। দক্ষিণ সীমা।—মিয়ানী নদীর মোহানা হইতে পূর্ব্ব ও পশ্চিম সীমা পর্য্যন্ত পূর্ব্বও পশ্চিমদিক্‌গামি চিহ্নিত রেখা।
ঐ ...	... ...	সীতাপাহাড়	সীতাপাহাড়ের পূর্ব্বদিগে কর্ণফুলি নদীর ধারে এক কিতায় দুই খণ্ড ভূমি, তাহার সীমা এই২,— প্রথম খণ্ড।—সীতাপাহাড়ের সম্মুখে কর্ণফুলি নদী-হইতে উত্থিত হইয়া প্রায় এক মাইল পর্য্যন্ত উত্তর-মুখে যায়, পরে ফকীরাচর নামক স্থানের নিকট কর্ণ-ফুলী নদীতে না মিলন পর্য্যন্ত পূর্ব্ব ও দক্ষিণ পূর্ব্ব মুখে পর্ব্বত শ্রেণীর সঙ্গে২ যায়, পরে সীতাপাহাড়ের সম্মুখ পর্য্যন্ত কর্ণফুলী নদীর ভাটোদিগে যায়। দ্বিতীয় খণ্ড ভূমির উত্তর সীমা কর্ণফুলী নদী, পূর্ব্ব সীমা কাপ্তাই নদ, দক্ষিণ সীমা কর্ণফুলি নদীর সমান্তরাল প্রায় পৌনে এক মাইল দূরস্থ রেখা, পশ্চিম সীমা রোয়নপাড়ার সম্মুখে কর্ণফুলি নদী সংযোগ কারি এক ক্ষুদ্র জল স্রোত।
ঐ ...	ঐ ...	মর্ত্তমোরি ...	পূর্ব্ব সীমা।—একদিগে মর্ত্তমোরি নদী ও অন্য দিগে টাইন চোজ ও সঙ্গুনদী এই দুইয়ের মধ্যগত জলক্ষেপি ভূমি। দক্ষিণ ও পশ্চিম সীমা।—একদিগে মর্ত্তমোরি নদী ও অন্য দিগে আরাকান ও বাগখালী নদীর দ্বারা যত স্থানের জল নির্গম হইয়া থাকে এই দুইয়ের মধ্যগত জলক্ষেপি ভূমি। উত্তর সীমা।—আলৈ খাওয়াদজহইতে পূর্ব্ব ও পশ্চিম-সীমা পর্য্যন্ত পূর্ব্ব ও পশ্চিম দিক্‌ গামি চিহ্নিত রেখা।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JUDICIAL DEPARTMENT.

No. 1757A.

The 1st March 1879.—Baboo Anunda Nath Mozoomdar, Moonsif of Jungypore, Moorshedabad, is transferred to Bisheupore, in Bankoora.

Baboo Keshub Chunder Acharjee Chowdri, Zemindar and Pleader, is appointed to be an Honorary Magistrate for the Mymensingh Bench, in the district of Mymensingh, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 8th March 1879.—The Lieutenant-Governor accepts the resignation tendered by the Rev. Father Lewis of his appointment of an Honorary Magistrate in the district of Chumparun.

The name of Mr. J. S. Rochfort, who has left the district, is removed from the list of Honorary Magistrates in Chumparun.

The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Beauleah Bench, in the district of Rajshahye, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Moulvi Abdool Ahad, Superintendent, Rajshahye Madrassa.
Baboo Omakant Bhoya, Pleader.

The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Sudder Bench in the district of Chittagong, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Baboo Chaitanya Charan Dutt, } Pleaders.
,, Durga Das Das, }
,, Moti Lall Mookerjee, Assistant Surgeon.
,, Seo Lall Tewari, Zemindar and Pensioned Inspector of Police.
Moulvi Zulfiquor Ali, Superintendent of the Madrassa.

The 12th March 1879.—Baboo Bhugwan Chunder Sen, First Subordinate Judge, Backergunge, is allowed leave for seven months and fifteen days, under Section 3, Supplement F to the Civil Leave Code, in extension of that granted him under orders of the 3rd October last.

Mr. G. K. Lyon, Assistant Magistrate and Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the First Class.

The 14th March 1879.—Baboo Radhica Lall Shome, Officiating Sub-Deputy Collector, Julpigoree, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 15th March 1879.—Mr. D. B. Allen, Assistant Magistrate and Collector, Jehanabad, Gya, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Mr. T. E. Vaughan, Assistant Magistrate and Collector, Backergunge, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 18th March 1879.—Mr. Alexander Robert Wigram, who has, under separate orders of this date, been appointed to act as Deputy Magistrate and Deputy Collector of Patna, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Hemango Chunder Bose, Moonsif of Pingua, Mymensingh, on leave, is appointed to be also a Moonsif of Attia, in that district.

Baboo Suresh Chunder Ghose, B.L., Officiating Moonsif of Pingna, is appointed to act also as a Moonsif of Attia during the absence, on leave, of Baboo Hemango Chunder Bose, or until further orders.

Baboo Hari Narain Roy, Moonsif of Sherepore, Mymensingh, is appointed to be also a Moonsif of the Sudder Station of that district.

Baboo Grish Chunder Roy, Moonsif of Ghosegong, Mymensingh, is appointed to be also a Moonsif of Nitrokona, in that district.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 12th March* 1879.—Mr. R. K. Sen, a Moonsif of Azimgunge, in the district of Moorshedabad, has been allowed leave of absence without pay for one week, under Section 9, Supplement F to the Civil Leave Code, with effect from the 18th March 1879, or from such date as he may avail himself of it.

[*Government Gazette*, 25*th March* 1879.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৭৫৭ A নম্বর।

১৮৭৯ সাল ১ মার্চ।—মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গিপুরের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দনাথ মজুমদার বাঁকুড়ার অন্তর্গত বিষ্ণুপুরে প্রেরিত হইলেন।

জমীদার ও উকীল শ্রীযুত বাবু কেশবচন্দ্র আচার্য্য চৌধুরী ময়মনসিংহ জিলার অন্তর্গত ময়মনসিংহ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ৮ মার্চ।—পাদরী শ্রীযুত ফাদার লুইস সাহেব চাম্পারণ জিলার স্বীয় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রহণ করিলেন।

জিলা ত্যাগি শ্রীযুত জে, এস, রচফর্ট সাহেবের নাম চম্পারণের অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্ট হইতে তুলিয়া দেওয়া গেল।

নিম্নলিখিত মহাশয়েরা রাজশাহী জিলার অন্তর্গত বোয়ালিয়া বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

রাজশাহী মাদরাসার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত মৌলবী আবদুল আহদ।
উকীল শ্রীযুত বাবু উমাকান্ত ভুঞা।

নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম জিলার সদর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

উকীল { শ্রীযুত বাবু চৈতন্য চরণ দত্ত।
,, ,, দুর্গাদাস দাস।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মতিলাল মুখোপাধ্যায়।
জমীদার ও পেনশ্যন ভোগি পোলীসের ইনস্পেক্টর শ্রীযুত বাবু শিবলাল তেওয়ারী।
মাদরাসার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত মৌলবী জফফর আলি।

১৮৭৯ সাল ১২ মার্চ।—বাকরগঞ্জের প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন গত অক্টোবর মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে সাতমাস পনের দিনের ছুটী পাইলেন।

দিনাজপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি, কে, লীয়ন সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৪ মার্চ।—জলপাই গুড়ীর একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধিকালাল সোম তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৫ মার্চ।—গয়ার অন্তর্গত জাহানাবাদের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডি, বি, আলেন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

বাকরগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত টি, ই, ভুনু সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৮ মার্চ।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত আলেকজাণ্ডর রবর্ট উইগ্রাম সাহেব তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ময়মনসিংহের অন্তর্গত পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসু উক্ত জিলার অন্তর্গত আটিয়ার মুনসেফের পদেও নিযুক্ত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পিঙ্গনার একটিং মুনসেফ শ্রীযুত বাবু সুরেশচন্দ্র ঘোষ, বি, এল, আটিয়ার মুনসেফের কর্ম্মও করিতে নিযুক্ত হইলেন।

ময়মনসিংহের অন্তর্গত শেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু হরিনারায়ণ রায় উক্ত জিলার সদর মোকামের মুনসেফের পদেও নিযুক্ত হইলেন।

ময়মন সিংহের অন্তর্গত ঘোষগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায় উক্ত জিলার অন্তর্গত নেত্রকোণার মুনসেফের পদেও নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৮ সাল ১২ মার্চ।—মুরশিদাবাদ জিলার অন্তর্গত আজিমগঞ্জের মুনসেফ শ্রীযুত আর, কে, সেন, ১৮৭৯ সালের ১৮ মার্চ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে এক সপ্তাহের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ মার্চ।]

Baboo Soshee Bhooshun Mookerjee, a Moonsif of Moheshrekha, and posted at Amtah, in the district of Hooghly, has been allowed leave of absence for three months, under Section 3, Supplement F to the Civil Leave Code, in extension of that already granted to him on the 9th January 1879, the whole period of his leave to be treated as leave on medical certificate.

The 14th March 1879.—Baboo Ramdyal Ghose, Moonsif of Bishenpore, in the district of West Burdwan, has been allowed leave of absence for one month, under Note 1, Section 31 of the Civil Leave Code, with effect from the 15th April 1879, or from such date as he may avail himself of it.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 12th March 1879.—Under Section 50, Act X of 1872, and in supersession of the notification of the 4th June 1877, published at page 683 of the *Calcutta Gazette* dated the 6th June 1877, the Lieutenant-Governor directs that any two or more of the Honorary Magistrates in the district of Cuttack, now or hereafter to be appointed under the orders of this Government in that district, or any one such Honorary Magistrate, or more than one of them, sitting with any salaried Magistrate appointed by the Magistrate of the district to preside at a meeting or meetings at Cuttack, shall form a Bench for the trial of offences occurring within the limits of the jurisdiction of the head-quarters sub-division of the district of Cuttack.

The Lieutenant-Governor also directs that when, under Section 51, Act X of 1872, these Benches exercise the powers of a Magistrate of the First Class, they shall also have power to try summarily all or any of the offences mentioned in Section 222 of the said Act; and that when, similarly, they exercise the powers of a Magistrate of the Second and Third Class, they shall also have power to try summarily all or any of the offences mentioned in Section 225 of the said Act.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTICE

The 18th March 1879.—Whereas a certain newspaper, the *Some Prokash* (সোম প্রকাশ), contains words of the nature described in Section 3, Clause *a* of Act No. IX of 1878—

This is to give notice to all whom it may concern, and to give all such persons warning, according to the provisions of Section 6 of the said Act No. IX of 1878.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th March 1879.—It is hereby notified that from the 1st January 1884 the number of appointments to the Government Service as Assistant Surgeons will be regulated by the requirements of the Medical Department, and that passed students of the Medical College will no longer have a claim to enter the service of Government as a matter of right.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 12th March 1879.—The Lieutenant-Governor sanctions the removal of the head-quarters of the Kandi Sub-Registry Office from Rasorah to Kandi, in the district of Moorshedabad. Baboo Ram Goti Banerjea is appointed to act as Sub-Registrar of Kandi, *vice* Baboo Gopi Kant Roy, resigned, with effect from the 30th November 1878.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 25th March* 1879.]

হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ অবস্থাপিত মহেশরেখার মুনসেফ শ্রীযুত বাবু শশিভূষণ মুখোপাধ্যায় ১৮৭৯ সালের জানুয়ারি মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন। তাঁহার উক্ত সমুদয় ছুটী চিকিৎসকের সার্টিফিকটক্রমে ছুটী বলিয়া গণ্য করিতে হইবে।

১৮৭৯ সাল ১৪ মার্চ।—পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামদয়াল ঘোষ ১৮৭৯ সালের ১৫ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ মন্তব্যমতে এক মাসের ছুটী পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১২ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৭ সালের জুন মাসের ১২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ১৮৭৭ সালের জুন মাসের ৪ তারিখের জ্ঞাপন পত্র রহিত করিয়া ১৮৭২ সালের ১০ আইনের ৫০ ধারামতে এই আজ্ঞা করিলেন যে, কটক জিলার দুই বা তদধিক জন যে অবৈতনিক মাজিষ্ট্রেট বগর্ণমেণ্টের আজ্ঞাক্রমে উক্ত জিলায় এইক্ষণে বা পরে নিযুক্ত হইবেন তাঁহাদের এক বা অধিক জন অবৈতনিক মাজিষ্ট্রেট জিলার মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক নিযুক্ত বেতন ভোগি কোন মাজিষ্ট্রেটের সঙ্গে কটকের অন্তর্গত কোন এক বা অধিক সভাতে আধিপত্য করিতে উপবিষ্ট হইলে কটক জিলার সদর মহকুমার বিচারাধিপত্যের সীমার মধ্যে যে সকল অপরাধ করা গেল তাহার বিচার করণার্থে বেঞ্চ হইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আজ্ঞাও করিলেন যে, ঐ২ বেঞ্চ ১৮৭২ সালের ১০ আইনের ৫১ ধারামতে যৎকালে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করেন তৎকালে উক্ত আইনের ২২২ ধারার উল্লিখিত সকল কি কোন অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতাপন্ন হইবেন, ও তাঁহারা যৎকালে দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করেন তৎকালে উক্ত আইনের ২২৫ ধারার উল্লিখিত সকল বা কোন২ অপরাধের সরাসরী বিচার করিবারও ক্ষমতাপন্ন হইবেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৮ মার্চ।—সোম প্রকাশ নামক কোন সংবাদপত্রে ১৮৭৮ সালের ৯ আইনের ৩ ধারার (ক) প্রকরণের নির্দ্দিষ্ট ভাবের কথা থাকাতে,—

উক্ত বিষয়ে যাঁহাদের সংস্রব আছে তাঁহাদিগকে এই নোটিস দেওয়া যাইতেছে, এবং ১৮৭৮ সালের ৯ আইনের ৬ ধারার বিধানানুসারে তাঁহাদিগকে সতর্ক করিয়া দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ মার্চ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৮৪ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি চিকিৎসা সংক্রান্ত কার্য্যবিভাগের আবশ্যকমতে গবর্ণমেণ্টের কার্য্যে আসিষ্টাণ্ট সর্জনের নিয়োগের সংখ্যা বিধান করা যাইবে, গবর্ণমেণ্টের কার্য্যে প্রবিষ্ট হওনের স্বত্ব আছে বলিয়া মেডিকাল কালেজের পরীক্ষোত্তীর্ণ ছাত্রদের আর দাওয়া থাকিবে না।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১২ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দির সব-রেজিষ্টরী আফিসের সদর স্থান রসোড়াহইতে কান্দিতে উঠিয়া যাইবার অনুমতি করিলেন। শ্রীযুত বাবু গোপীকান্ত রায় কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত বাবু রামগতি বন্দ্যোপাধ্যায় ১৮৭৮ সালের ৩০ নবেম্বর অবধি কান্দির সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ মার্চ।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 11th March 1879.

No. 58.—*Notifications.*—Mr. M. P. B. Duell, Executive Engineer, First Grade, was relieved of his duties as Superintending Engineer, North-Western Circle, on the 17th February 1879, after noon.

The 12th March 1879.

No. 60.—Mr. W. B. Christie, Assistant Engineer, First Grade, joined the Darjeeling Division on the 21st February 1879, before noon.

No. 61.—Mr. C. J. Middleton, Assistant Engineer, Second Grade, joined the Dinagepore Division on the 22nd February 1879, after noon.

No. 62.—Mr. A. Horne, Assistant Engineer, Second Grade, joined the Patna Division on the 21st February 1879, after noon.

(LOCAL CIVIL BUILDINGS.)

The 15th March 1879.

No. 65.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up for a public purpose at the public expense, viz. for the District Engineer's and the Road Cess Committee's office in the town of Sudharam, on the east of Taltolly Khall, in the Noakholly district, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 230 feet by 154 feet, more or less, and containing two beeghas nine cottahs and four chittacks in quantity, be acquired within the following boundaries:—

North—Sadaruddy, contractor-taluqdar's land;
South—Public drain and road;
East—Land of ryot Jaggo Bandhu, doctor; taluqdars Bagola Prasanna Mozumdar, and Sadaruddy, contractor;
West—Private road on the Taltolly Khall Bank, belonging to Johiruddy Sirdar, ryot; taluqdar Baboo Bagola Prasanna Mozumdar.

A plan of the land can be seen at the Noakholly Road Cess Office.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. CADELL, *Major-General*, R.E.,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

The 17th March 1879.

No. 77.—*Leave.*—Mr. P. B. Roberts, Assistant Engineer, First Grade, Gunduck Division, availed himself, on the forenoon of the 1st March 1879, of the privilege leave granted him in the orders marginally noted.

No. 48, dated 3rd February 1879.

No. 78.—*Notification.*—With reference to the orders marginally noted, Mr. J. P. H. Walker, Superintending Engineer, First Grade, returned to duty from privilege leave on the afternoon of the 10th March 1879, and took over charge of the Sone Circle from Major J. M. McNeile, R.E., on the forenoon of the 11th idem.

No. 36, dated 24th January 1879.

No. 79.—*Reversion.*—Baboo Mohesh Chunder Bose, Officiating Executive Engineer, Fourth Grade, to Assistant Engineer, First Grade, from 11th March 1879, in consequence of the return to duty of Mr. J. P. H. Walker.

[*Government Gazette,* 25*th March* 1879.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৭৯ সাল ১২ মার্চ।

৫৮ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর এ,সেকিটিং ইঞ্জিনিয়র শ্রীযুত এম, পি, বি, ডুরেল সাহেব ১৮৭৯ সালের ১৭ ফেব্রুয়ারির অপরাহ্নে উত্তর পশ্চিম চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রস্বরূপ স্বীয় কর্মের ভার অন্যের প্রতি অর্পণ করিলেন।

১৮৭৯ সাল ১২ মার্চ।

৬০ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, ক্রিষ্টি সাহেব ১৮৭৯ সালের ২১ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্নে দার্জ্জিলিঙ্গ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৬১ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জে, মিডলটন সাহেব ১৮৭৯ সালের ২০ ফেব্রুয়ারির অপরাহ্নে দিনাজপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৬২ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, হর্ণ সাহেব ১৮৭৯ সালের ২১ ফেব্রুয়ারির অপরাহ্নে পাটনা খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

স্থানীয় সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৭৯ সাল ১৫ মার্চ।

৬৫ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নওয়াখালী জিলার অন্তর্গত ডালতলী খালের পূর্ব্ব তটস্থ সুধারাম নগরে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ও পথকর কমিটীর আফিসের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত সীমার মধ্যে ন্যুনাধিক ২৩০ ফুট দীর্ঘ ও ১২৪ ফুট প্রস্থ অর্থাৎ ২।৪। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উত্তর সীমা।—সদারুদ্দী কণ্ট্রাক্টর তালুকদারের ভূমি।

দক্ষিণ সীমা।—সরকারী নর্দ্দমা ও পথ।

পূর্ব্ব সীমা।—জগবন্ধু ডাক্তর রায়তের ও তালুকদার কালীপ্রসন্ন মজুমদার ও সদারুদ্দী কাণ্ট্রাক্টরের ভূমি।

পশ্চিম সীমা।—ডালতলী খালধারে রায়ত জহিরুদ্দী সর্দ্দার ও তালুকদার বাবু কালীপ্রসন্ন মজুমদারের নিজের পথ।

উক্ত ভূমির নক্সা নওয়াখালীর পথকর আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, কাডেল, মেজর-জেনেরল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ মার্চ।

৭৭ নম্বর।—ছুটী।—গণ্ডক খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত পি, বি, বটস সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৯ সালের ১ মার্চের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

৩ ফেব্রুয়ারি ৪৮ নং

৭৮ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, এচ, ওয়াকর সাহেব অনুগ্রহের ছুটী হইতে ১৮৭৯ সালের ১০ মার্চের অপরাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়া ঐ মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে মেজর শ্রীযুত জে, এম, মাকলীন আর, ই, সাহেবের স্থানে সোণচক্রের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ২৪ জানুয়ারি ৩১ নং।

৭৯ নম্বর।—পদে প্রত্যাগমন।—শ্রীযুত জে, পি, এচ, ওয়াকর সাহেব কর্ম্মে প্রত্যাগমন করাতে চতুর্থ শ্রেণীর একটিং একুসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু ১৮৭৯ সালের ১১ মার্চ অবধি প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের পদে প্রত্যাগমন করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ মার্চ।]

No. 80.—*Leave.*—Mr. C. Kriens, Assistant Engineer, First Grade, Brahminee-Byturnee Division, is granted subsidiary leave for 27 days, viz. from the 16th November to the 12th December 1878, both days inclusive, under Section 24 (*b*) of the Civil Leave Code, to enable him to join his appointment on return from furlough.

No. 81.—The leave granted to Mr. J. B. Swinden, Assistant Engineer, Second Grade, Gunduck Division, in the orders marginally noted, is hereby commuted to special leave to study native languages, under Public Works Code, Chapter II-IV 28, and Mr. Swinden is granted privilege leave for three months in extension of that leave, with effect from the 13th March 1879.

No. 3, dated 2nd January 1879.
No. 24, dated 20th January 1879.

No. 82.—*Notification.*—*Medical.*—The orders marginally noted, relating to Honorary Surgeon-Major P. A. Minas, Civil Medical Officer, Dehree, are hereby cancelled, and the original orders of 25th April 1878, which were cancelled therein, will therefore remain in force.

Nos 9 and 10, dated 8th January 1879.

No. 83.—*Appointment.*—*Medical.*—In modification of the latter part of the orders marginally noted, Dr. W. Forsyth is hereby notified to be the Civil Medical Officer of Dehree permanently, with effect from the date on which he assumed the duties of the appointment, and until further orders.

No. 11, dated 8th January 1879.

The 18*th March* 1879.

No. 84.—*Notification.*—The following notification of the Government of India, Public Works Department, is published for information.—

"*No* 139, *dated* 15*th March* 1879.—With reference to Public Works Department Notification No. 84, of 12th February 1879, the services of Mr. C. Taylor, Assistant Engineer, Second Grade, and Officiating Assistant Secretary to the Government of India, Public Works Department, are replaced at the disposal of the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, with effect from 18th March 1879."

No. 85.—*Posting.*—With reference to the above, Mr. C. Taylor, having reported his return from the office of the Government of India on the forenoon of the 18th March 1879, is posted to the Northern Drainage and Embankment Division of the South-Western Circle, with effect from that date.

D. B. HORN, *Assistant Secretary,*
for Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 14*th March* 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required for a public purpose, viz. for extending the Dalsinghserai Station, Tirhoot State Railway, the land described below is needed for the purpose:—

A plot of land measuring 1 acre, or 1 beegha 4 cottahs 18 dhoors nearly by local measure, being part of a Mangoetope of Bharath Halwayi, part of arable land belonging to Masayi Kandú, and part of a plot of land under indigo cultivation, bounded on the north by indigo land of Keota Factory, on the east by the remaining portions of the above required land, on the south by the road leading to Dalsinghserai town, and on the west by the railway premises and land.

The plan of land required is open to inspection at the offices of the Collector of Durbhunga and the Executive Engineer, Tirhoot State Railway, at Mozufferpore, between the hours of 11 A.M. and 5 P.M. on all days, Sundays and holidays excepted.

This declaration is made, under Section 6 of Act X of 1870, to all whom it may cancern.

H. G. KUNHARDT, *Lieut.*, R.E.,
Asst. Secy. to the Govt. of Bengal, P. W. Dept., Railway Branch.

[*Government Gazette,* 25*th March* 1879.]

৮০ নম্বর।—ছুটী।—ব্রাহ্মণী-বৈতরণী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ক্রাইরেজ সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২৪ (b) ধারামতে ১৮৭৮ সালের নবেম্বর মাসে ১৩ তারিখ অবধি ডিসেম্বর মাসের ১২ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

৮১ নম্বর।—গণ্ডক খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, আর, হুইণ্টেন সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে ছুটী পান তাহা পবলিক ওর্কস বিধিপুস্তকের দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ পরিচ্ছেদের ৭৮ ধারামতে এতদ্দেশীয় ভাষাভ্যাস করণার্থ বিশেষ ছুটী বলিয়া গণ্য করা গেল। তিনি উক্ত ছুটীর অতিরিক্ত ১৮৭৯ সালের ১৩ মার্চ্চ অবধি তিন মাসের অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৯ সালের ২ জানুয়ারির ৩ নং।
১৮৭৯ সালের ২০ জানুয়ারির ২৪ নং।

৮২ নম্বর।—চিকিৎসাবিষয়ক বিজ্ঞাপন।—ডিষ্ট্রিক্টের সিবিল চিকিৎসক অনরারি সর্জন-মেজর শ্রীযুত পি, এ, মিনাস সাহেব বিষয়ক পার্শ্বলিখিত আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল। ১৮৭৮ সালের ২৫ আপ্রিলের যে প্রথম আজ্ঞা রহিত করা গিয়াছিল তাহাই প্রবল থাকিবে।

১৮৭৯ সালের ৮ জানুয়ারি ৯ ও ১০ নং।

৮৩ নম্বর।—চিকিৎসাবিষয়ক, নিয়োগ।—পার্শ্বলিখিত আজ্ঞার শেষাংশ পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। ডাক্তর শ্রীযুত ডবলিউ, ফরসাইথ সাহেব ডিষ্ট্রিক্টের সিবিল চিকিৎসকের কর্ম্মগ্রহণের তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় তৎপদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন বলিয়া এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৭৯ সালের ৮ জানুয়ারির ১১ নং।

১৮৭৯ সাল ১৮ মার্চ্চ।

৮৪ নম্বর।—বিজ্ঞাপন।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিম্নলিখিত বিজ্ঞাপন সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

"১৩৯ নম্বর।—১৮৭৯ সাল ১৫ মার্চ্চ।— ১৮৭৯ সালের ১২ ফেব্রুয়ারির ৮৪ নং জ্ঞাপনপত্রোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী শ্রীযুত সি, টেলর সাহেব ১৮৭৯ সালের ১৮ মার্চ্চ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন"।

৮৫ নম্বর।—অবস্থিতির কথা।—উপরোক্ত জ্ঞাপনপত্রোপলক্ষে শ্রীযুত সি, টেলর সাহেব ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আফিসহইতে ১৮৭৯ সালের ১৮ মার্চ্চের পূর্ব্বাহ্ণে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া উক্ত তারিখ অবধি দক্ষিণ-পশ্চিম চক্রের উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থাপিত হইলেন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
ডি, বি, হর্ণ, আসিষ্টাণ্ট সেক্রেটরী

রেলওয়ে সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৪ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ত্রিহুত ষ্টেট রেলওয়ের দলসিংহসরাই ষ্টেসন বৃদ্ধি করণার্থে ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা অবগত হওয়াতে উক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত ভূমি গ্রহণ করা প্রয়োজন।

১ একর অর্থাৎ স্থানীয় মাপের প্রায় ১/৪ কাঠা ১৮ ধুর পরিমিত এক খণ্ড ভূমি, এই ভূমি ভরত হালওয়াইয়ের আম্র বাগানের কিয়দংশ, ও মাসাই কাণ্ডুর কর্ষিত ভূমির কিয়দংশ ও নীল আবাদ ভূমি খণ্ডের কিয়দংশ। ইহার উত্তর সীমা কেওটা নীল কুঠীর ভূমি, পূর্ব্ব সীমা উক্ত প্রয়োজনীয় ভূমি খণ্ডের অবশিষ্টাংশ, দক্ষিণ সীমা দলসিংহসরাই নগরে যাইবার পথ, পশ্চিম সীমা রেলওয়ের বাড়ী ও ভূমি।

প্রয়োজনীয় ভূমির নক্শা রবিবার ও বন্দের দিন ভিন্ন প্রতি দিন পূর্ব্বাহ্ণ ১১ ঘণ্টা অবধি অপরাহ্ণ ৫ ঘণ্টার মধ্য কোন সময়ে দ্বারভাঙ্গার কালেক্টরের ও মজাফরপুরে ত্রিহুত ষ্টেট রেলওয়ের একসেকিটিব ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারা বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জি, কুনহার্ট লেপ্টেনেণ্ট, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ মার্চ্চ।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 25, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৫ মার্চ।

PART IV.

Bill of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following preliminary Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 29th January 1879:—

WE, the undersigned Members of the Select Committee to which the Bill to amend the Pleaders, Mukhtárs and Revenue-Agents Act, 1865, was referred, have the honor to report that we have considered the Bill and the papers noted in the margin.

From Secretary for Birár to Resident, Haidarábád, No. 10B, dated 19th November 1878.
„ Secretary to Chief Commissioner, Mysore, No. 7039-13J, dated 25th November 1878.
Memorandum by Pandit Srikishen, Pleader, Judicial Commissioner's Court, Oudh, dated 30th November 1878.
From Officiating Chief Secretary to Government, Fort St. George, No. 2440, dated 3rd December 1878.
„ Secretary to Chief Commissioner, Assam, No. 2296, dated 10th December 1878.
„ Under-Secretary to Government, Bombay, No. 7183, dated 10th December 1878, and enclosures.
„ Chief Commissioner, Ajmer and Merwára, No. 19, dated 3rd January 1879.
„ Officiating Secretary, to Chief Commissioner, Central Provinces, No. [illegible], dated [illegible] January 1879.
Note by the Hon'ble the Chief Justice, High Court, Calcutta, dated 22nd January 1879.

2. We have deemed it well, instead of adding a fifth Act to the four Acts already in force relating to pleaders, mukhtárs and revenue-agents, to frame a consolidation measure embracing the entire law.

3. We have, at the instance of the Hon'ble the Chief Justice of Bengal, restored in section 16 of the Bill now submitted the power of the High Courts to make rules for the admission and control of mukhtárs practising on the appellate side of those Courts, which was conferred by section 44 of Act X of 1865, but which has been held by the Calcutta High Courts to have been *ultra vires*.

4. We have made the Bill applicable to the Courts of Small Causes in the Presidency towns, where we understand some such law is needed.

5. We have substituted, for the stamp duties on certificates prescribed by Act XX of 1865, fees fixed according to the scale which was proposed in the Bill to amend the law relating to stamps and court-fees recently before the Council. The alterations here made are of no substantial importance.

6. We have made several amendments in arrangement and drafting, with a view to clearness and simplicity.

7. We recommend that the Bill now submitted be published.

8. The publication ordered by the Council has been made.

W. STOKES.
F. R. COCKERELL.
T. H. THORNTON.

The 29th January 1879.

[*Government Gazette*, 25*th March* 1879.]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

সিলেক্‌ট কমিটীর পশ্চাল্লিখিত প্রাথমিক রিপোর্ট তাঁহাদিগের স্থিরীকৃত পাণ্ডুলিপিসমেত, আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৭৯ সালের ২৯ জানুয়ারি তারিখে উপস্থিত করা যায়।—

হাইদরাবাদের রেসিডেণ্ট সাহেবের বিরার সম্বন্ধীয় সেক্রেটরির ১৮৭৮ সালের ১৯ নবেম্বর তারিখের ১০ B নং পত্র।

মহীসুরের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ২৫ নবেম্বর তারিখের ৭০৩৯—১৩ J নং পত্র।

অযোধ্যার জুডিশাল কমিশ্যনর সাহেবের আদালতের উকীল পণ্ডিত শ্রীকৃষ্ণের ১৮৭৮ সালের ৩০ নবেম্বর তারিখের স্মারক লিপি।

মান্দ্রাজ গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ৩ ডিসেম্বর তারিখের ২৪৬০ নং পত্র।

আসামের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ১০ ডিসেম্বর তারিখের ২২৯৬ নং পত্র।

বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ১০ ডিসেম্বর তারিখের ৭১৮৩ নং পত্র ও তন্মধ্যস্থ কাগজপত্র।

আজমীর ও মেরবারের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৯ সালের ৩ জানুয়ারি তারিখের ১৯ নং পত্র।

মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরির ১৮৭৯ সালের ৯ জানুয়ারি তারিখের ১১৯—২৫৫ নং পত্র।

কলিকাতার হাই কোর্টের মান্যবর চীফ জষ্টিস সাহেবের ১৮৭৯ সালের ২২ জানুয়ারি তারিখের মন্তব্য লিপি।

যে সিলেক্‌ট কমিটীর হস্তে উকীল, মোক্তার ও রেবিনিউ এজেণ্ট বিষয়ক ১৮৬৫ সালের আইন সংশোধনের পাণ্ডুলিপি অর্পিত হয় সেই কমিটীর নিম্ন স্বাক্ষরকারী মেম্বর আমরা সসম্ভ্রমে রিপোর্ট করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বোল্লিখিত কাগজপত্র বিবেচনাপূর্ব্বক দেখিয়াছি।

২। উকীল, মোক্তার ও রেবিনিউ এজেণ্টদের সম্বন্ধে যে চারিটী আইন প্রচলিত আছে তাহাতে আর একটী পঞ্চম আইন যোগ না করিয়া, আমরা এ বিষয়ের সমস্ত আইন সংগ্রহ পূর্ব্বক একটী ব্যবস্থা প্রস্তুত করা ভাল বিবেচনা করিয়াছি।

৩। হাই কোর্টের আপীলী বিভাগে যে সকল মোক্তার কর্ম্ম করেন তাঁহাদিগের গ্রহণ ও তত্ত্বাবধান সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার যে ক্ষমতা ১৮৬৫ সালের ২০ আইনের ৪৪ ধারায় হাই কোর্টের প্রতি অর্পিত হয় কিন্তু যাহা কলিকাতার হাই কোর্ট অধিকারবহির্ভূত জ্ঞান করেন, বঙ্গদেশের মান্যবর শ্রীযুত চীফজষ্টিস্ সাহেবের অভিপ্রায়ানুসারে উপস্থিত পাণ্ডুলিপির ১৬ ধারায় সেই ক্ষমতা পুনঃ প্রদত্ত হইয়াছে।

৪। বক্ষ্যমাণ স্থলে এরূপ আইনের প্রয়োজন আছে জানিয়া, আমরা রাজধানীর ছোট আদালতে এই পাণ্ডুলিপির বিধান বর্ত্তাইয়াছি।

৫। ১৮৬৫ সালের ২০ আইনে সর্টিফিকেটের উপর যে ইষ্টাম্প মাসুল নির্দ্দিষ্ট ছিল, তাহার পরিবর্ত্তে আমরা ইষ্টাম্প ও আদালতের রসুমবিষয়ক আইন সংশোধনার্থ যে পাণ্ডুলিপি সংপ্রতি এই মন্ত্রিসভায় উপস্থিত ছিল তৎপ্রস্তাবিত হারানুসারে ফী ধার্য্য করিয়াছি। এস্থলে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে, সে সকল বিশেষ গুরুতর নহে।

৬। বিশদ ও সরল করিবার অভিপ্রায়ে আমরা বিন্যাস ও রচনাসম্বন্ধে কয়েকটী সংশোধন করিয়াছি।

৭। আমাদিগের মত যে উপস্থিত পাণ্ডুলিপি প্রকাশ করা যায়।

৮। মন্ত্রিসভা যে প্রকাশকরণের আদেশ করেন তাহা হইয়াছে।

ডবলিউ ষ্টোক্‌স।
এফ, আর, কক্রেল।
টি, এচ, থরণটন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ মার্চ।]

THE LEGAL PRACTITIONERS' BILL, 1879.

CONTENTS.

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

No. II.

A Bill to consolidate and amend the law relating to Legal Practitioners.

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to legal Practitioners, in the Lower Provinces of Bengal, the North-Western Provinces, the Panjáb, Oudh, and Assam; and to empower each of the Local Governments of the rest of British India to extend to the territories administered by it such portions of this Act as such Government may think fit; It is hereby enacted as follows:—

CHAPTER I.—*Preliminary.*

Short title.

Commencement of Act.

1. This Act may be called "The Legal Practitioners' Act, 1879:" and shall come into force on the first day of April 1879.

Local extent.

This section and section two extend to the whole of British India.

The rest of this Act extends, in the first instance, only to the territories respectively administered by the Lieutenant-Governors of the Lower Provinces of Bengal, the North-Western Provinces and the Panjáb, and the Chief Commissioners of Oudh and Assam. But any other Local Government may from time to time, by notification in the official Gazette, extend all or any of the provisions of the rest of this Act to the whole or any part of the territories under its administration.

Repeal of enactments.

2. On and from the first day of April 1879, the enactments mentioned in the first schedule hereto annexed shall be repealed to the extent specified therein.

Saving of rules, &c.

All rules and appointments made, penalties prescribed, fees fixed, persons admitted, names enrolled, certificates issued, sanctions given and orders passed under any enactment hereby repealed shall be deemed to be respectively made, prescribed, fixed, admitted, enrolled, issued, given and passed under this Act.

References to repealed enactments.

All references made to any enactment hereby repealed, in any Act or Regulation passed, or notification published, subsequently thereto, shall be read as if made to this Act.

[*Government Gazette, 25th March* 1879.]

২ নং

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বাঙ্গালা, উত্তর পশ্চিম প্রদেশ, পঞ্জাব, অযোধ্যা ও আসামের ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করা, এবং অবশিষ্ট ব্রিটিষভারতবর্ষে প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্টকে আপন আপন শাসনাধীন প্রদেশে এই আইনের যে অংশ উক্ত গবর্ণমেণ্ট উচিত বোধ করেন সেই অংশ চালাইবার ক্ষমতা প্রদান করা, বিহিত অতএব নিম্নলিখিত বিধান করা গেল:—

১ অধ্যায় —উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

আরম্ভ।

১ ধারা। এই আইন "ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইবে এবং ১৮৭৯ সালের আপ্রিল মাসের প্রথম দিবস অবধি প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

এই ধারা এবং দ্বিতীয় ধারা সমুদয় ব্রিটিষ ভারতবর্ষের প্রতি বর্ত্তিবে।

এই আইনের অবশিষ্টভাগ প্রথমত বাঙ্গালার ও উত্তর পশ্চিম প্রদেশের ও পঞ্জাবের লেপ্টেনেণ্ট গবর্ণরের, এবং অযোধ্যার ও আসামের চীফ কমিশ্যনরের শাসনাধীন প্রদেশের প্রতি বর্ত্তিবে। কিন্তু অন্য স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ দ্বারা এই আইনের অবশিষ্ট ভাগের সমুদয় কি কোন২ বিধান তদীয় শাসনাধীন প্রদেশের সমুদয় স্থানে কি কোন২ অংশে বর্ত্তাইতে পারিবেন।

যে যে আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭৯ সালের আপ্রিল মাসের প্রথম দিবস অবধি এতৎসংযুক্ত প্রথম তপশীলে যে যে আইনের উল্লেখ আছে তন্নির্দ্দিষ্ট পরিমাণে সেই সেই আইন রহিত হইল।

বিধি প্রভৃতির রক্ষা।

এতদ্দ্বারা যে যে আইন রহিত করা গেল, সেই সেই আইন অনুসারে যে সমুদয় বিধি ও নিয়োগ কৃত, অর্থদণ্ড নির্দ্দিষ্ট, ফী নির্দ্ধারিত, ব্যক্তি গৃহীত, নাম তালিকাভুক্ত, সর্টিফিকেট জারী, অনুমোদন সূচিত, ও আদেশ প্রদত্ত হইয়াছে, সেই সমুদয় যথাক্রমে এই আইন অনুসারে কৃত, নির্দ্দিষ্ট, নির্দ্ধারিত, গৃহীত, তালিকাভুক্ত, জারী, সূচিত ও প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রহিত করা আইনের উল্লেখ।

যে কোন আইন এতদ্দ্বারা রহিত করা গেল, তৎপরবর্ত্তী বিধিবদ্ধ কোন আইনে কি ব্যবস্থায় কিম্বা প্রকাশিত বিজ্ঞাপনপত্রে তাহার উল্লেখ থাকিলে, সেই উল্লেখ যেন এই আইনের প্রতি করা হইয়াছে এরূপ পড়িতে হইবে।

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation-clause.

"Judge" means the presiding judicial officer in every civil and criminal Court by whatever title he is designated :

"Judge."

"Subordinate Court" means all Courts subordinate to the High Court, including Courts of Small Causes established under Act No. IX of 1850 or Act No. XI of 1865 :

"Subordinate Court."

"Officer subordinate to such Authority," "Subordinate Revenue-officer" and "Revenue-office" include all Courts (other than civil Courts) trying suits under any Act for the time being in force relating to landholders and their tenants or agents.

"Officer subordinate to such Authority." "Subordinate Revenue-officer." "Revenue-office."

CHAPTER II.—*Of Advocates, Vakils and Attorneys.*

4. Every person now or hereafter entered as an Advocate or Vakil on the roll of any High Court under the Letters Patent constituting such Court shall, notwithstanding anything herein contained, be entitled as such to practise in any Court in British India other than a High Court on whose roll he is not entered, or in any such Court with the permission of the Court, and in any Revenue-office, subject nevertheless to the rules in force relating to the language in which the Court or office is to be addressed by Pleaders or Revenue agents.

Advocates and Vakils of chartered High Court.

Provided that no such Vakil shall be entitled to practise under this section before a Judge of the High Court, Division Court, or High Court exercising original jurisdiction.

5. Every person now or hereafter entered as an Attorney on the roll of any High Court shall, notwithstanding any thing herein contained, be entitled as such to practise in any Court of British India other than a High Court established by Royal Charter and in any Revenue-office.

Attorneys of High Court.

CHAPTER III.—*Of Pleaders and Mukhtárs.*

6. The High Court may, from time to time, make rules consistent with this Act—

Power to make rules as to qualification, &c., of Pleaders and mukhtárs.

(a) for the qualification, admission and certificates of proper persons to be pleaders of the

৩ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথার বিপরীত না হইলে, এই আইনে

শব্দার্থ প্রকরণ।

প্রত্যেক দেওয়ানী ও ফৌজদারী আদালতে যিনি বিচার বিষয়ক আধিপত্য স্বীকার্য্যকারক, তাঁহার যে কোন খ্যাতি হউক না কেন, "বিচারপতি" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"বিচারপতি।"

"অধীন আদালত" শব্দে হাই কোর্টের অধীন সমুদয় আদালত, এবং ১৮৫০ সালের ৯ আইনবলে বা ১৮৬৫ সালের ১১ আইনবলে সংস্থাপিত ছোট আদালতও বুঝাইবে।

"অধীন আদালত।"

দেওয়ানী আদালত ভিন্ন যে সমুদয় আদালত প্রচলিত আইন অনুসারে ভূম্যধিকারী ও তদীয় প্রজা বা কর্ম্মকারক বিষয়ক মোকদ্দমার বিচার করেন, "উক্ত কর্তৃপক্ষের অধীন কার্য্যকারক" "অধীন রাজস্ব-সম্পর্কীয় কার্য্যকারক" ও "রাজস্ব কার্য্যালয়" শব্দে সেই সমুদয় আদালতও বুঝাইবে।

"উক্ত কর্তৃপক্ষের অধীন কার্য্যকারক" "অধীন রাজস্বসম্পর্কীয় কার্য্যকারক," "রাজস্ব কার্য্যালয়"।

---

২ অধ্যায়।—আডবোকেট, উকীল ও আটর্নির কথা।

৪ ধারা। হাই কোর্ট সংস্থাপন প্রকাশ পত্রের বলে যে ব্যক্তি কোন হাই কোর্টের তালিকায় আডবোকেট বা উকীল নামে এখন প্রবিষ্ট আছেন কি ভবিষ্যতে হন, তিনি, এই আইনে বিপরীত কথা থাকিলেও, যে হাই কোর্টের তালিকায় তাঁহার নাম লিখিত হয় নাই সেই হাই কোর্ট ভিন্ন ব্রিটিষ ভারতবর্ষের সমুদয় আদালতে, কিম্বা এরূপ হাই কোর্টের সম্মতিক্রমে উক্ত কোর্টে এবং কোন রাজস্ব কার্য্যালয়ে আডবোকেট বা উকীলের কর্ম্ম করিতে অধিকারী হইবেন। কিন্তু উক্ত কোর্ট বা কার্য্যালয়কে সম্বোধন করিতে হইলে অন্য উকীল বা রেবিনিউ এজেণ্টদিগের যে ভাষা ব্যবহার করিবার বিধি প্রচলিত থাকে, তাঁহাদিগকে সেই বিধির নিয়মাধীন হইতে হইবে।

সনন্দবলে সংস্থাপিত হাই কোর্টের আডবোকেট ও উকীল দিগের কথা।

কিন্তু এরূপ কোন উকীল এই ধারার বলে আদৌ বিচারার্থ সত্তা সম্পর্কে কার্য্যকারী হাই কোর্টের কোন জজ বা ডিবিজন কোর্ট বা হাই কোর্ট সমীপে কর্ম্ম করিতে অধিকারী হইবেন না।

৫ ধারা। এই আইনে বিপরীত কথা থাকিলেও যে ব্যক্তি কোন হাই কোর্টের তালিকায় আটর্নিরূপে এখন প্রবিষ্ট আছেন কি ভবিষ্যতে হন, তিনি রাজকীয় সনন্দ দ্বারা সংস্থাপিত হাই কোর্ট ব্যতিরিক্ত ব্রিটিষ ভারতবর্ষের যে কোন আদালতে ও যে কোন রাজস্ববিষয়ক কার্য্যালয়ে আটর্নির কর্ম্ম করিতে অধিকারী হইবেন।

হাই কোর্টের আটর্নি দিগের কথা।

৩ অধ্যায়।—উকীল ও মোক্তারদিগের কথা।

৬ ধারা। এই এই বিষয়ে হাই কোর্ট সময়ে২ এই আইনসঙ্গত বিধি করিতে পারিবেন,

উকীল ও মোক্তারদিগের যোগ্যতা নিরূপণ প্রভৃতি বিষয়ে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) অধীন আদালতের এবং আপীল সম্বন্ধায় বিচারাধিপ-

subordinate Courts, and of the revenue-offices situate within the local limits of its appellate jurisdiction, and, in the case of a High Court not established by Royal Charter, of such Court:

(b) for the qualification, admission and certificates of proper persons to be mukhtárs of the subordinate Courts, and in the case of a High Court not established by Royal Charter, of such Court:

(c) for the fees to be paid for the examination and admission of such persons; and

(d) for their suspension and dismissal.

Publication of rules.

All such rules shall be published in the local official Gazette and shall thereupon have the force of law; provided that, in the case of rules made by a High Court not established by Royal Charter, such rules have been previously approved by the Local Government.

Certificates to pleaders and mukhtárs.

7. On the admission, under section six, of any person as a pleader or mukhtár, the High Court shall cause a certificate, signed by such officer as the Court from time to time appoints in this behalf, to be issued to such person, authorizing him to practise for the period of one year from its date in the Courts and, in the case of a pleader, the offices, specified therein.

At the expiration of such period, the holder of the certificate, if he desires to continue to practise, shall be entitled to have his certificate renewed by the Judge of the District Court within the local limits of whose jurisdiction he then ordinarily practises, or by such officer as the High Court from time to time appoints in this behalf.

On every such renewal, the certificate then in possession of such pleader or mukhtár shall be cancelled and retained by such Judge or officer.

Every certificate so renewed shall be signed by such Judge or officer.

Every Judge or officer so renewing a certificate shall notify such renewal to the High Court.

Pleaders on enrolment may practise in Courts and revenue-offices.

8. Every pleader holding a certificate issued under section seven may apply to be enrolled in any Court or office mentioned therein and situate within the local limits of the appellate jurisdiction of the High Court by which he has been admitted, and, on being so enrolled, may appear, plead and act in such Court or office.

[Government Gazette, 25th March 1879.]

তার স্থানীয় সীমার মধ্যস্থ রাজস্ববিষয়ক কার্য্যালয়ের এবং রাজকীয় সনন্দ দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত না হইলে উক্ত কোর্টের উকীল হইতে যে সকল ব্যক্তি যোগ্য তাহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ ও সর্টিফিকেট বিষয়ে ;

(খ) অধীন আদালতের, এবং কোন হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে উক্ত কোর্টের, মোক্তার হইতে যে সকল ব্যক্তি যোগ্য তাহাদিগের যোগ্যতানিরূপণ, গ্রহণ ও সর্টিফিকেট বিষয়ে ;

(গ) ঐ সকল ব্যক্তির পরীক্ষা ও গ্রহণ জন্য যে যে ফী দিতে হইবে তদ্বিষয়ে, এবং

(ঘ) তাহাদিগকে স্থগিত করণ ও কর্ম্মচ্যুত করণ বিষয়ে।

বিধি প্রকাশ করিবার কথা।

এই সকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং প্রকাশ করা গেলে আইন তুল্য বলবৎ হইবে;

কিন্তু যে সকল হাই কোর্ট রাজকীয় সনন্দদ্বারা সংস্থাপিত নহে, তাহাদিগের প্রণীত বিধি স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা পূর্ব্বে অনুমোদিত হওয়া চাই।

উকীল ও মোক্তারদিগের সর্টিফিকেটের কথা।

৭ ধারা। ৬ ধারা বলে কোন ব্যক্তি উকীল বা মোক্তার বলিয়া গ্রাহ্য হইলে পর হাই কোর্ট যে কার্য্যকারককে এই কার্য্যের জন্য সময়ে সময়ে নিয়োগ করেন তাঁহার স্বাক্ষরিত সর্টিফিকেট উক্ত ব্যক্তিকে দিয়া এরূপ ক্ষমতা দিবেন যে ঐ সর্টিফিকেটে যে যে আদালত এবং উকীল হইলে, যে যে কার্য্যালয় নির্দ্দিষ্ট থাকে, সর্টিফিকেটের তারিখ অবধি এক বৎসর পর্য্যন্ত তিনি সেই সেই স্থানে কর্ম্ম করিতে পারিবেন।

উক্ত কাল গত হইলে পর সর্টিফিকেটধারী যদি কর্ম্ম চালাইতে অভিলাষী হন, তাহা হইলে যে ডিষ্ট্রিক্ট আদালতের জজের বিচারাধিকারের স্থানীয় সীমা মধ্যে তিনি সাধারণতঃ কর্ম্ম করেন অথবা এই কার্য্যের জন্য যে কার্য্যকারককে হাই কোর্ট সময়ে সময়ে নিয়োগ করেন, সেই জজ বা কার্য্যকারক দ্বারা সর্টিফিকেট নবীকৃত করিয়া লইতে তিনি অধিকারী হইবেন।

এরূপ প্রত্যেক নবীকরণ সময়ে উক্ত জজ বা কার্য্যকারক এরূপ উকীল বা মোক্তারের হস্তস্থিত সর্টিফিকেট লইয়া তাহা অকর্ম্মণ্য করিয়া আপনার নিকটে রাখিবেন।

এরূপ প্রত্যেক নবীকৃত সর্টিফিকেটে উক্ত জজ বা কার্য্যকারক স্বাক্ষর করিবেন।

কোন জজ বা কার্য্যকারক দ্বারা এরূপে কোন সর্টিফিকেট নবীকৃত হইলে, তিনি হাই কোর্টকে উক্ত নবীকরণের বিষয় জ্ঞাত করিবেন।

নাম লিখান হইলে উকীলেরা আদালতে ও রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করিতে পারিবেন।

৮ ধারা। ৭ ধারা ক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী উকিল তাঁহাকে যে হাই কোর্ট গ্রাহ্য করিয়াছেন সেই হাই কোর্টের আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উক্ত সর্টিফিকেটের লিখিত আদালত বা কার্য্যালয়ে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন; এবং উক্তরূপে নাম লেখান হইলে, উক্ত আদালত বা কার্য্যালয়ে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

9. Every mukhtár holding a certificate issued under section seven may apply to be enrolled in any civil or criminal Court mentioned therein and situate within the same limits, and, on being so enrolled, may appear and act in any such civil Court, and may (subject to the provisions of the Code of Criminal Procedure, section 186) appear, plead and act in any such criminal Court.

Mukhtárs on enrolment may practise in Courts.

10. Except as provided by the Code of Civil Procedure, section 37, or any other enactment for the time being in force, no person shall appear, plead or act as a pleader or mukhtár in any Court not established by Royal Charter, unless he holds a certificate issued under section seven and has been enrolled in such Court:

No person to practise as pleader or mukhtár unless qualified.

Provided that persons holding certificates as revenue agents under this Act in the territories subject to the Lieutenant-Governor of Bengal may, on being enrolled in any Munsif's Court, appear, plead and act in such Court in suits under Bengal Act No. VIII of 1869 (*to amend the procedure in suits between Landlord and Tenant*) or under any other Act for the time being in force, regulating the procedure in suits between landholders and their tenants or agents.

Revenue-agents may appear, plead and act in Munsif's Courts in suits under Bengal Act VIII of 1869.

11. The High Court may suspend or dismiss any pleader or mukhtár holding a certificate issued under this Act, who is convicted of any criminal offence.

Dismissal of pleader or mukhtár convicted of a criminal offence.

12. The High Court may also, after such enquiry as it thinks fit, suspend or dismiss any pleader or mukhtár holding a certificate as aforesaid, who is guilty of fraudulent or grossly improper conduct in the discharge of his professional duty, or of giving, receiving or retaining commission on remuneration paid to any legal practitioner, or for any other reasonable cause.

Dismissal of High Court pleader or mukhtár guilty of unprofessional conduct.

13. If any such pleader or mukhtár practising in any subordinate Court or in any revenue-office is charged in such Court or office with any such conduct as aforesaid, the presiding officer shall send him a copy of the

Procedure when charge of unprofessional conduct is brought in a subordinate Court or revenue-office.

৯ ধারা । ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী মোক্তার সর্টিফিকেটে উল্লিখিত ও উক্ত সীমার মধ্যস্থিত দেওয়ানী কি ফৌজদারী আদালতে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন; এবং উক্তরূপে নাম লিখান হইলে তদ্রূপ দেওয়ানী আদালতে উপস্থিত হইতে ও কার্য্য করিতে পারিবেন এবং (ফৌজদারী কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮৬ ধারার বিধানের নিয়মাধীনে) তদ্রূপ ফৌজদারী আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন ।

নাম লিখান হইলে মোক্তারেরা আদালতে কর্ম্ম করিতে পারিবেন ।

১০ ধারা । দেওয়ানী কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৭ ধারা অথবা অন্য কোন প্রচলিত আইনের বিহিত স্থল ভিন্ন কোন ব্যক্তি ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেট না পাইয়া ও আদালতে নাম না লিখাইয়া, রাজকীয় সনন্দবলে সংস্থাপিত নহে এরূপ কোন আদালতে উকীল বা মোক্তারস্বরূপ উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে বা কার্য্য করিতে পারিবেন না ।

যোগ্য না হইলে কোন ব্যক্তি উকীল কি মোক্তারের কর্ম্ম করিতে পারিবেন না ।

কিন্তু বাঙ্গালার শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশে এই আইনক্রমে যে সকল ব্যক্তি রেবিনিউ এজেণ্টের সার্টিফিকেট পান, তাঁহারা মুন্সেফের আদালতে নাম লিখাইলে (ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন বলে অথবা ভূম্যধিকারী ও তদীয় প্রজা কি কর্ম্মকারকের মোকদ্দমার কার্য্যপ্রণালী নিয়মক প্রচলিত অন্য আইন বলে যে সকল মোকদ্দমা হয় তাহাতে উক্ত আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন ।

১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনক্রমে মোকদ্দমায় রেবিনিউ এজেণ্টেরা মুন্সেফী আদালতে উপস্থিত হইতে উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন ।

১১ ধারা । এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী উকীল কি মোক্তারের ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে হাই কোর্ট তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন ।

ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে উকীল কি মোক্তারের পদচ্যুতির কথা ।

১২ ধারা । উক্তরূপ সর্টিফিকেটধারী উকীল কি মোক্তার স্বীয় পদের কার্য্যোপলক্ষে প্রতারণা কি অতি অন্যায় আচরণ করিলে, অথবা কোন ব্যবহারাজীবিকে যে বেতন প্রদত্ত হয়, তাহার উপর কমিসন লইলে বা দিলে, অথবা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে হাই কোর্ট যেরূপ অনুসন্ধান উচিত বোধ করেন তাহা করিয়া উক্ত উকীল কি মোক্তারকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন ।

পদের অযোগ্য আচরণ করিলে উকীল কি মোক্তারের পদচ্যুতির কথা ।

১৩ ধারা । যে উকীল কি মোক্তার অধীন আদালতে কি রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করেন, তাঁহার নামে উক্ত আদালতে বা কার্য্যালয়ে উক্তরূপ আচরণ জন্য অভিযোগ হইলে, তত্রত্য আধিপত্য প্রাপ্ত কার্য্যাধ্যক্ষ তাঁহাকে অভিযো-

অধীন আদালতে বা রাজস্ব বিষয়ক কার্য্যালয়ে পদের অযোগ্য আচরণের অভিযোগ উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা ।

charge, and also a notice that, on a day to be therein appointed, such charge will be taken into consideration.

Such copy and notice shall be served upon the pleader or mukhtár at least ten days before the day so appointed.

On such day or on any subsequent day to which the enquiry may be adjourned, the presiding officer shall receive all evidence properly produced in support of the charge, or by the pleader or mukhtar, and shall proceed to adjudicate on the charge.

If such officer finds the charge established, and considers that the pleader or mukhtár should be suspended or dismissed in consequence, he shall record his finding and the grounds thereof, and shall report the same to the High Court, and the High Court shall proceed to acquit, suspend or dismiss the pleader or mukhtár.

Suspension pending investigation.

Any Judge or Chief Controlling Revenue-Authority acting under this section may, and, with the previous sanction of the Chief Controlling Revenue-Authority, any subordinate revenue-officer so acting may, pending the investigation and the orders of the High Court, suspend the pleader or mukhtár from practising as such in his Court or office.

Every report made to the High Court under this section shall—

(a) when made by any Civil Judge other than the District Judge, be made through the Judge;

(b) when made by a Magistrate subordinate to the Magistrate of the district, be made through the Magistrate of the district and the Sessions Judge;

(c) when made by the Magistrate of the district, be made through the Sessions Judge;

(d) when made by any subordinate revenue-officer, be made through the Revenue-Authorities to which he is subordinate.

Every such report shall be accompanied by the opinion of each Judge, Magistrate or Revenue Authority through whom or which it is made.

Power to call for record in case of acquittal under section 13.

14. The High Court, in any case in which a pleader or mukhtár has been acquitted under section thirteen otherwise than by an order of the High Court, may call for the record and pass such order thereon as it thinks fit.

[*Government Gazette, 25th March* 1879.]

গের একখণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্ট দিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে।

উক্ত প্রতিলিপি ও নোটিস নির্দ্দিষ্ট দিনের অন্যূন দশদিন পূর্ব্বে ঐ উকীল কি মোক্তারকে দিতে হইবে।

উক্ত দিনে কিম্বা পরবর্ত্তী যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা হয় সেই দিনে, অভিযোগের পোষকতায়, অথবা উক্ত উকীল কি মোক্তার কর্ত্তৃক যে সকল প্রমাণ যথাযোগ্যরূপে উপস্থিত করা হয় উক্ত অধিপতি প্রধান কার্য্যকারক যে সমুদয় গ্রহণ করিবেন এবং অভিযোগ নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

যদি উক্ত কার্য্যকারক অভিযোগ সপ্রমাণ হইয়াছে স্থির করিয়া তদনুমত উক্ত উকীল কি মোক্তারকে স্থগিত কি পদচ্যুত করা উচিত বিবেচনা করেন, তিনি স্বীয় নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন ও তাহা হাই কোর্টে রিপোর্ট করিবেন এবং হাই কোর্ট উক্ত উকীল কি মোক্তারকে নির্দ্দোষী, স্থগিত বা পদচ্যুত করিতে প্রবৃত্ত হইবেন।

অনুসন্ধান শেষের অপেক্ষায় স্থগিত করণের কথা।

কোন বিচারপতি বা রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ এই ধারানুসারে কার্য্য করিয়া এবং রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের পূর্ব্বপ্রদত্ত অনুমোদন ক্রমে রাজস্ববিষয়ক অধীন কার্য্যকারক তদ্রূপে কার্য্য করিয়া হাই কোর্টের অনুসন্ধান শেষ ও আদেশের অপেক্ষায় তাঁহার আদালতে বা কার্য্যালয়ে উক্ত উকীল বা মোক্তারের কর্ম্ম করা স্থগিত করিতে পারিবেন।

এই ধারা ক্রমে হাই কোর্টে যে যে রিপোর্ট করা হয় তাহা

(ক) জিলার জজ ব্যতিরিক্ত অন্য কোন দেওয়ানী বিচারপতি করিলে, উক্ত জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(খ) জিলার মাজিষ্ট্রেটের অধীন কোন মাজিষ্ট্রেট করিলে জিলার মাজিষ্ট্রেট ও দায়রার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(গ) জিলার মাজিষ্ট্রেট করিলে দায়রার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(ঘ) রাজস্ববিষয়ক অধীন কার্য্যকারক করিলে তিনি যে রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদিগের অধীন তাঁহাদিগের দ্বারা করিতে হইবে।

যে জজ কি মাজিষ্ট্রেট কি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষের হস্ত দিয়া এরূপ রিপোর্ট যায় তৎসঙ্গে তাঁহাদিগের প্রত্যেকের মত পাঠাইতে হইবে।

১৩ ধারাক্রমে নির্দ্দোষী হইলে নথীতলব করিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। যে স্থলে কোন উকীল কি মোক্তার হাই কোর্টের আদেশ ভিন্ন অন্য প্রকারে ১৩ ধারাক্রমে নির্দ্দোষী সাব্যস্ত হয়, হাই কোর্ট নথী তলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

15. Whenever a mukhtár who has been suspended or dismissed by order of the High Court is also a revenue-agent holding a certificate under this Act, the High Court shall forward a report of the case to the Chief Controlling Revenue-Authority.

Report when dismissed mukhtár is also a revenue agent.

Such authority, after making any enquiry which it thinks necessary, may suspend or dismiss him as such revenue-agent.

16. Notwithstanding anything contained in any Letters Patent or in the Code of Civil Procedure, section 37, clause (*a*), any High Court established by Royal Charter may from time to time make rules consistent with this Act—

Power to make rules for mukhtárs on appellate side of High Court.

(*a*) for the qualification, admission, suspension and dismissal of proper persons to be mukhtárs practising on the appellate side of such Court;

(*b*) for the security which they may be required to give for their honesty and good conduct; and

(*c*) as to their powers and duties;

and may prescribe and impose fines for the infringement of such rules not exceeding in any case five hundred rupees; and such fines, when imposed, may be recovered as if they had been imposed in the exercise of the High Court's ordinary original criminal jurisdiction.

CHAPTER IV.—*Of Revenue-Agents.*

17. The Chief Controlling Revenue-Authority may from time to time make rules consistent with this Act—

Power to make rules as to qualifications, &c., of revenue-agents.

(*a*) for the qualification, admission and certificates of proper persons to be revenue-agents;

(*b*) for the fees to be paid for the examination and admission of such persons; and

(*c*) for their suspension and dismissal.

All such rules shall be published in the local official Gazette, and shall thereupon have the force of law

Publication of rules.

18. On the admission of any person as a Revenue-agent under sec. tion seventeen, the Chief Controlling Revenue-Authority shall cause a certificate, signed by such officer as such Authority from time to time appoints in this behalf, to be issued to such person, authorizing him to practise for the period of one year from its date in such offices as may be specified therein.

Certificates to revenue-agents.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ মার্চ।]

১৫ ধারা। হাই কোর্টের আদেশক্রমে যে মোক্তার স্থগিত কি পদচ্যুত হন তিনি এই আইনক্রমে সর্টিফিকেট-ধারী রেবিনিউ এজেণ্ট হইলে, হাই কোর্ট রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের নিকটে উক্ত বিষয়ের রিপোর্ট পাঠাইবেন।

পদচ্যুত মোক্তার রেবিনিউ এজেণ্ট হইলে রিপোর্ট করিবার কথা।

উক্ত কর্তৃপক্ষ, যেরূপ অনুসন্ধান আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া তাঁহাকে রেবিনিউ এজেণ্টের কার্য্য হইতে স্থগিত কি পদচ্যুত করিতে পারিবেন।

১৬ ধারা। প্রকাশ রাজপত্রে কিম্বা দেওয়ানী কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩৭ ধারার (ক) প্রকরণে বিপরীত কথা থাকিলেও, রাজকীয় সনন্দ বলে সংস্থাপিত কোন হাই কোর্ট সময়ে২ পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন

হাই কোর্টের আপীলী বিভাগের মোক্তারদের সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) হাই কোর্টের আপীলীবিভাগে মোক্তারের কর্ম্ম করিবার জন্য যে সকল ব্যক্তি যোগ্য তাহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ, স্থগিতকরণ, ও পদচ্যুতকরণ সম্বন্ধে,

(খ) তাঁহাদিগের সততা ও সদাচরণ জন্য তাঁহাদিগের যে জামীন দিতে হইবে তৎসম্বন্ধে, এবং

(গ) তাঁহাদিগের ক্ষমতা ও কর্ত্তব্য সম্বন্ধে।

এরূপ বিধি অমান্য করিলে উক্ত কোর্ট ৫০০ পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন, এবং উক্তরূপ অর্থদণ্ড করা হইলে, আদৌ নিয়মিত ফৌজদারী বিচারাধিপত্য সম্পর্কে কার্য্য করিয়া হাই কোর্ট অর্থদণ্ড করিলে যেরূপ আদায় করা যায় তাহা উক্তরূপে আদায় করা যাইবে।

---

৪ অধ্যায়।—রেবিনিউ এজেণ্টদিগের কথা।

১৭ ধারা। রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ সময়ে২ পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে এই আইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন,

রেবিনিউ এজেণ্টদের যোগ্যতা প্রভৃতি সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) যে সকল ব্যক্তি রেবিনিউ এজেণ্ট হইবার যোগ্য তাহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ ও সার্টিফিকেট সম্বন্ধে,

(খ) উক্ত ব্যক্তি দিগের পরীক্ষার্থ ও গ্রহণার্থ যে ফী দিতে হইবে তৎ সম্বন্ধে, এবং

(গ) তাঁহাদিগের স্থগিতকরণ ও পদচ্যুত করণ সম্বন্ধে।

এই সকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে, এবং প্রকাশিত হইলে আইনতুল্য বলবৎ হইবে।

বিধি প্রকাশ করিবার কথা।

১৮ ধারা। ১৭ ধারাক্রমে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্ট বলিয়া গ্রাহ্য হইলে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ সময়ে২ এই কার্য্য করিতে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরিত সর্টিফিকেট উক্ত ব্যক্তিকে দেওয়াইবেন; তাহাতে সর্টিফিকেটের তারিখ হইতে এক বৎসর পর্য্যন্ত তন্নির্দ্দিষ্ট কার্য্যালয়ে উক্ত ব্যক্তিকে কর্ম্ম করিবার অধিকার প্রদত্ত হইবে।

রেবিনিউ এজেণ্টদের সর্টিফিকেটের কথা।

At the expiration of such period, the holder of the certificate, if he desires to continue to practise, shall be entitled to have his certificate renewed by the Secretary of the Chief Controlling Revenue-Authority, or by any other officer authorized by such Authority in that behalf.

On every such renewal, the certificate then in the possession of such revenue-agent shall be cancelled and retained by such Secretary or other officer.

Every certificate so renewed shall be signed by such Secretary or other officer.

Every officer so renewing a certificate shall notify the renewal to the Chief Controlling Revenue-Authority.

Enrolment of revenue-agent.

19. Every revenue-agent holding a certificate issued under section eighteen may apply to be enrolled in any revenue-office mentioned therein and situate within the limits of the territory under the Chief Controlling Revenue-Authority, and, on being so enrolled, may practise in such office as a revenue-agent.

No person to act as agent in revenue-offices, unless qualified.

20. Except as provided by any enactment for the time being in force, no person, other than a pleader duly qualified under the provisions hereinbefore contained, shall practice as a revenue-agent in any revenue-office, unless he holds a certificate issued under section eighteen, and has been enrolled in such office:

Provided that any person duly authorized in this behalf may, with the sanction of the Chief Controlling Revenue-Authority, or of an officer empowered by the Local Government in this behalf, transact all or any business in which his employer may be concerned in any revenue-office:

The sanction mentioned in this section may be general or special, and may at any time be revoked or suspended by such Authority or officer.

Dismissal of revenue-agent convicted of criminal offence.

21. The Chief Controlling Revenue-Authority may suspend or dismiss any revenue-agent holding a certificate issued under this Act, who is convicted of any criminal offence.

Dismissal of revenue-agent guilty of unprofessional conduct.

22. The Chief Controlling Revenue-Authority may also, after making such enquiry as it thinks fit, suspend or dismiss any revenue-agent holding a certificate issued under this Act who is guilty of fraudulent or grossly improper conduct in the discharge of his professional duty, or of giving, receiving or

উক্ত মিয়াদ গত হইলে সর্টিফিকেটধারী কর্ম্ম চালাইতে অভিলাষী হইলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের সেক্রেটারীর দ্বারা কিম্বা এতৎসম্বন্ধে উক্ত কর্তৃপক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা আপনার সর্টিফিকেট নবীকৃত করিয়া লইবার অধিকারী হইবেন।

এরূপ প্রত্যেক নবীকরণ সময়ে উক্ত রেবিনিউ এজেণ্টের হস্তে যে সর্টিফিকেট তৎকালে ছিল উক্ত সেক্রেটারী কি অন্য কার্য্যকারক তাহা অকর্ম্মণ্য করিয়া আপনি রাখিয়া দিবেন।

এইরূপে নবীকৃত প্রত্যেক সর্টিফিকেটে উক্ত সেক্রেটরী কি অন্য কার্য্যকারক স্বাক্ষর করিবেন।

এইরূপে সর্টিফিকেট নবীকৃত করিলে প্রত্যেক কার্য্যকারক উক্ত নবীকরণের সম্বাদ রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষকে দিবেন।

রেবিনিউ এজেণ্টদের নাম লিখাইবার কথা।

১৯ ধারা। ১৮ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্রত্যেক রেবিনিউ এজেণ্ট সর্টিফিকেটে নির্দ্দিষ্ট ও উক্ত রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের অধীন প্রদেশের মধ্যস্থিত যে কোন রাজস্ব বিষয়ক কার্য্যালয়ে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং নাম লিখান হইলে উক্ত কার্য্যালয়ে রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতে পারিবেন।

যোগ্য না হইলে কোন ব্যক্তি রাজস্ব বিষয়ক কার্য্যালয়ে এজেণ্টের কর্ম্ম করিবেন না।

২০ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে না হইলে, এই আইনের পূর্ব্বোক্ত বিধানানুসারে নিয়মিতরূপে যোগ্য উকীল ভিন্ন কোন ব্যক্তি, ১৮ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেট পাইয়া কোন রাজস্ববিষয়ক কার্য্যালয়ে নাম না লিখাইলে, উক্ত কার্য্যালয়ে রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিবেন না।

কিন্তু এতৎপক্ষে নিয়মিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কিম্বা এতৎকার্য্যসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের অনুমোদনক্রমে রাজস্ববিষয়ক কোন কার্য্যালয়ে তাঁহার নিয়োগকর্ত্তার যে সকল বা যে কোন কার্য্য করিতে হয় তাহা করিতে পারিবেন।

এই ধারার উল্লিখিত অনুমোদন সামান্য কি বিশেষ হইতে পারিবে এবং যে কোন সময়ে উক্ত কর্তৃপক্ষ কি কার্য্যকারক তাহা রহিত কি স্থগিত করিতে পারিবেন।

ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে রেবিনিউ এজেণ্টের পদচ্যুত হইবার কথা।

২১ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেণ্টের ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

পদের অযোগ্য আচরণ জন্য রেবিনিউ এজেণ্টের পদচ্যুত হইবার কথা।

২২ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেণ্ট স্বীয় পদোপলক্ষে কার্য্য কালে প্রতারণা বা অত্যন্ত অন্যায়াচরণ দোষে দূষিত হইলে কিম্বা কোন ব্যবহারাজীবিকে যে বেতন প্রদত্ত হয় তাহার উপর কমিশ্যন দিলে কি লইলে কি রাখিলে, কিম্বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে রাজস্ব বিষয়ক প্রধান

retaining commission on remuneration paid to any legal practitioner, or for any other reasonable cause.

23. If any revenue-agent holding a certificate issued under this Act is charged with any such conduct in any office subordinate to the Chief Controlling Revenue-Authority, or in the Court of any Munsif, the officer at the head of such office, or such Munsif, as the case may be, shall send him a copy of the charge and also a notice that, on a day to be therein appointed, such charge will be taken into consideration:

Procedure when revenue-agent is so charged in subordinate office.

Such copy and notice shall be served upon the person charged at least ten days before the day so appointed. On such day or on any other day to which the enquiry may be adjourned, the officer or Munsif shall receive all evidence properly produced in support of the charge, or by the person charged, and shall proceed to adjudicate on the charge.

If the officer or Munsif finds the charge established and considers that the person charged should be suspended or dismissed in consequence, he shall record his finding, and the grounds thereof, and report the same to the Chief Controlling Revenue-Authority; and such Authority shall proceed to acquit, suspend or dismiss him.

Where any officer acting under this section is subordinate to the Commissioner of a Division, he shall forward the report through such Commissioner, who shall accompany the same with an expression of his own opinion on the case.

24. The Chief Controlling Revenue-Authority, in any case in which a revenue-agent has been acquitted under section twenty-three, otherwise than by an order of the Chief Controlling Revenue-Authority, may call for the record and pass such order thereon as seems fit.

Power to Chief Controlling Revenue-Authority to call for record.

25. Whenever a revenue-agent who has been dismissed or suspended by order of the Chief Controlling Revenue-Authority is also a mukhtár holding a certificate under this Act, the Chief Controlling Revenue-Authority shall forward a report of the case to the High Court by which he was admitted.

Report to High Court when dismissed revenue-agent is also a mukhtár.

Such Court, after making any enquiry which it thinks necessary, may suspend or dismiss him as such mukhtár.

তত্ত্বাবধারক কর্তৃপক্ষ যেরূপ অনুসন্ধান বিহিত বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া উক্ত রেবিনিউ এজেণ্টকে স্থগিত কি পদচ্যুত করিতে পারিবেন।

২৩ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেট ধারী কোন রেবিনিউ এজেণ্টের নামে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের অধীন কোন কার্য্যালয়ে, কিম্বা কোন মুন্সেফের আদালতে উক্তরূপ আচরণ জন্য অভিযোগ হইলে, উক্ত কার্য্যালয়ের কর্তৃপক্ষ বা, স্থল বিশেষে, উক্ত মুন্সেফ তাঁহাকে অভিযোগের এক খণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্ট দিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে।

অধীন কার্য্যালয়ে রেবিনিউ এজেণ্টের নামে উক্তরূপ অভিযোগ হইলে কার্য্যপ্রণালীর কথা।

যে ব্যক্তির নামে অভিযোগ হইয়াছে, তাঁহাকে উক্ত নির্দ্দিষ্ট দিনের অন্যূন দশ দিন পূর্ব্বে উক্ত প্রতিলিপি ও নোটিস দেওয়া যাইবে। সেই দিনে কিম্বা অন্য যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা হয় সেই দিনে, অভিযোগের প্রতিপোষণে বা অভিযুক্ত ব্যক্তি দ্বারা নিয়মিতরূপে যে সকল প্রমাণ উপস্থিত করা হয় উক্ত কর্তৃপক্ষ বা মুন্সেফ তাহা গ্রহণ করিয়া অভিযোগের নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

অভিযোগ সপ্রমাণ হইয়াছে দেখিলে এবং তজ্জন্য অভিযুক্ত ব্যক্তির স্থগিত বা পদচ্যুত হওয়া উচিত উক্ত কর্তৃপক্ষ বা মুন্সেফ এরূপ বিবেচনা করিলে তিনি তাঁহার নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন, এবং রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের নিকটে তাহার রিপোর্ট করিবেন এবং উক্ত কর্তৃপক্ষ তাঁহাকে নির্দ্দোষী কি স্থগিত কি পদচ্যুত করিতে প্রবৃত্ত হইবেন।

এই ধারানুসারে কার্য্যকারী কোন কর্তৃপক্ষ খণ্ডবিশেষের কমিশ্যনরের অধীন হইলে উক্ত রিপোর্ট তিনি কমিশ্যনর সাহেবের দ্বারা পাঠাইবেন, এবং তৎসঙ্গে কমিশ্যনর সাহেব মোকদ্দমা সম্বন্ধে আপনার মত লিখিয়া দিবেন।

২৪ ধারা। যে স্থলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের আদেশ ভিন্ন অন্যরূপে ২৩ ধারাক্রমে কোন রেবিনিউ এজেণ্ট নির্দ্দোষী সাব্যস্ত হয়, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ নথী তলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের নথী তলব করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের আদেশে স্থগিত কি পদচ্যুত রেবিনিউ এজেণ্ট এই আইন মতে সর্টিফিকেটধারী মোক্তার হইলে, তিনি যে হাই কোর্ট কর্তৃক গৃহীত হন রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ সেই হাই কোর্টে উক্ত বিষয়ের রিপোর্ট পাঠাইবেন।

পদচ্যুত রেবিনিউ এজেণ্ট মোক্তার হইলে হাই কোর্টে রিপোর্ট করিবার কথা।

উক্ত কোর্ট যেরূপ অনুসন্ধান আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া তাঁহাকে মোক্তারের কর্ম্ম হইতে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

CHAPTER V.—*Of Certificates.*

Fee for certificates.

26. For every certificate, whether original or renewed, issued under this Act, a fee of the amount prescribed therefor in the second schedule hereto annexed, shall be paid by the person entitled to such certificate.

Dismissed practitioners to surrender certificates.

27. When any pleader, mukhtár or revenue-agent is suspended or dismissed under this Act, he shall forthwith deliver up his certificate to the Court, or officer at the head of the office, before or in which he was practising at the time he was so suspended or dismissed, or to any Court or officer to which the High Court or Chief Controlling Revenue-Authority (as the case may be) orders him to deliver the same.

CHAPTER VI.—*Of the Remuneration of Pleaders, Mukhtárs and Revenue-Agents.*

High Court and Chief Controlling Revenue-Authority to fix fees on civil and revenue proceedings.

28. The High Court shall from time to time fix and regulate the fees payable by any party in respect of the fees of his adversary's pleader or vakíl upon all proceedings (*a*) on the appellate side of such Court, (*b*) in the case of a High Court not established by Royal Charter, on its original side, and (*c*) in the subordinate Courts.

The Chief Controlling Revenue-Authority shall from time to time fix and regulate the fees payable upon all proceedings in the revenue-offices by any party in respect of the fees of his adversary's pleader or revenue-agent.

Tables of the fees so fixed shall be published in the local official Gazette.

Exception as to agents mentioned in section 20.

Nothing in this section applies to the agents mentioned in the proviso to section twenty.

Agreements with pleaders, &c.

29. All persons employing pleaders, mukhtárs or revenue-agents shall be at liberty to settle with them by private agreement the remuneration to be paid for their professional services; and it shall not be necessary to specify such agreement in the power under which such pleaders, mukhtárs or revenue-agents for the time being act.

Such agreements shall not be enforced otherwise than by suit.

[*Government Gazette*, 25*th March* 1879.]

৫ অধ্যায়।—সর্টিফিকেটের কথা।

সর্টিফিকেটের ফী।

২৬ ধারা। মূলই হউক কি নবীকৃতই হউক, যে সর্টিফিকেট এই আইন বলে প্রদত্ত হয়, তজ্জন্য সর্টিফিকেটের অধিকারী ব্যক্তির এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পরিমাণের ফী দিতে হইবে।

পদচ্যুত ব্যবহারাজীবী সর্টিফিকেট সমর্পণ করিবেন।

২৭ ধারা। এই আইন ক্রমে কোন উকীল, মোক্তার কি রেবিনিউ এজেন্ট স্থগিত কি পদচ্যুত হইলে, তিনি যে আদালতে কি কার্য্যালয়ে স্থগিত কি পদচ্যুত হইবার সময়ে কর্ম্ম করিতে ছিলেন সেই আদালতে বা সেই কার্য্যালয়ের কর্তৃপক্ষের নিকটে, কিম্বা হাই কোর্ট কি স্থলবিশেষে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ যে আদালত বা কর্তৃপক্ষের নিকটে সমর্পণ করিতে আদেশ দেন সেই আদালত বা কর্তৃপক্ষের নিকটে, তৎক্ষণাৎ আপনার সর্টিফিকেট সমর্পণ করিবেন।

---

৬ অধ্যায়।—উকীল, মোক্তার ও রেবিনিউ এজেন্টদিগের বেতনের কথা।

দেওয়ানী ও রাজস্ব বিষয়ক কার্য্যের ফী হাইকোর্ট ও রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ ধার্য্য করিবেন

২৮ ধারা। (ক) হাই কোর্টের আপীলী বিভাগে, ও (খ) হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে, তাহার আদৌ বিচার বিভাগে, ও (গ) অধীন আদালতে যে সকল কার্য্য হয় তৎ সম্বন্ধে বিপক্ষের পক্ষীয় হাই কোর্টের কি অন্য উকীলের যে ফী কোন পক্ষের দিতে হইবে, হাই কোর্ট সময়েং তাহা নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

রাজস্ববিষয়ক কার্য্যালয়ের সমুদয় কার্য্যসম্বন্ধে বিপক্ষের উকীল বা রেবিনিউ এজেন্টকে কোন পক্ষের যে ফী দিতে হইবে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ তাহা সময়ে২ নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

উক্তরূপ নির্দ্ধারিত ফীর তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে।

২০ ধারার লিখিত কার্য্যকারকদের প্রতি না খাটিবার কথা।

২০ ধারার উপবিধানে যে কর্ম্মকারকদিগের উল্লেখ আছে তাঁহাদিগের প্রতি এই ধারার কোন কথা খাটিবে না।

উকীল প্রভৃতির সহিত বন্দোবস্তের কথা।

২৯ ধারা। যে সকল ব্যক্তি উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট নিযুক্ত করেন তদীয় পদোপলক্ষে কর্ম্মকরণ জন্য তাঁহাকে কি বেতন দিবেন তাহা ঘরেয়া বন্দোবস্ত দ্বারা স্থির করিবেন; এবং যে ক্ষমতাপত্র বলে উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট কার্য্য করেন উক্ত বন্দোবস্ত তাহাতে নির্দ্দেশ করিবার প্রয়োজন নাই।

উক্ত বন্দোবস্ত মোকদ্দমা ভিন্ন অন্যরূপে প্রবল করা যাইবে না।

CHAPTER VII.—*Penalties.*

৭ অধ্যায় ।— দণ্ডের কথা ।

On persons illegally practising as pleaders, mukhtárs or revenue-agents.

30. Any person who appears, pleads acts or practises in any Court or office in contravention of the provisions of section ten or section twenty, shall be liable, by order of such Court, or the officer at the head of such office, to a fine not exceeding ten times the amount of the fee required by this Act to be paid for a certificate authorizing him to appear, plead, act or practise in such Court or office, and, in default of payment, to imprisonment in the civil jail for a term which may extend to six months.

He shall also be incapable of maintaining any suit for, or enforcing any lien in respect of, any fee or reward for, or in respect of, anything done, or any disbursement made, by him as pleader or mukhtár or revenue-agent whilst he has been contravening the provisions of either of such sections.

অবৈধমতে কোন ব্যক্তি উকীল, মোক্তার কি রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিলে তাহার দণ্ডের কথা ।

৩০ ধারা । ১০ ধারা কি ২০ ধারার বিধানের বিরুদ্ধে যে ব্যক্তি কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হন কি উত্তর প্রত্যুত্তর করেন কি কার্য্য কি কর্ম্ম করেন, আদালতের কি কার্য্যালয়ের কর্তৃপক্ষের আদেশক্রমে সেই ব্যক্তির উক্ত আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইবার কি উত্তর প্রত্যুত্তর কি কার্য্য কি কর্ম্ম করিবার ক্ষমতা প্রদায়ক সর্টিফিকেট লইতে যে ফী দিতে হইত তাহার দশগুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ।

আর যৎকালে তিনি পূর্ব্বোক্ত দুইধারার মধ্যে কোন ধারার বিধানের বিরুদ্ধ কার্য্য করিতেছিলেন তৎকালে উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্টস্বরূপ কোন কার্য্য কি খরচ করিয়া যে ফী কি পুরস্কার পাইতে পারিতেন তৎসম্বন্ধে কোন মোকদ্দমা চালাইতে কি কোন অধিকার বলবৎ করিতে পারিবেন না ।

On suspended or dismissed pleader, &c., failing to deliver certificate.

31. Any pleader, mukhtár or revenue-agent failing to deliver up his certificate as required by section twenty-seven, shall be liable, by order of the Court, Authority or officer to which or to whom, or according to whose orders, the delivery should be made, to a fine not exceeding two hundred rupees, and, in default of payment, to imprisonment in the civil jail for a term which may extend to three months.

স্থগিত কি পদচ্যুত করা উকীল প্রভৃতি সর্টিফিকেট সমর্পণ না করিলে দণ্ডের কথা ।

৩১ ধারা । কোন উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট ২৭ ধারাক্রমে আদিষ্ট হইয়া সর্টিফিকেট সমর্পণ না করিলে, যে আদালত কি কর্তৃপক্ষ কি কার্য্যকারকের নিকট কি আদেশক্রমে সমর্পণ করা উচিত, সেই আদালত কি কর্তৃপক্ষ কি কার্য্যকারকের আদেশক্রমে তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ।

On suspended or dismissed practitioner practising during suspension or after dismissal.

32. Any pleader, mukhtár or revenue-agent who, under the provisions of this Act, has been suspended or dismissed, and who, during such suspension or after such dismissal, practises as a pleader or mukhtár or revenue-agent in any Court or office, shall be liable, by order of such Court, or the officer at the head of such office, to a fine not exceeding five hundred rupees, and, in default of payment, to imprisonment in the civil jail for a term which may extend to six months.

স্থগিত কি পদচ্যুত ব্যবহারাজীবী স্থগিত কি পদচ্যুত হইবার পরে কর্ম্ম করিলে দণ্ডের কথা ।

৩২ ধারা । যে উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট এই আইনের বিধানক্রমে স্থগিত কি পদচ্যুত হইয়া এইরূপ স্থগিত কি পদচ্যুত হইবার পরে কোন আদালতে কি কার্য্যালয়ে উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেন্টের কর্ম্ম করেন, উক্ত আদালতের কি কার্য্যালয়ের কর্তৃপক্ষের আদেশক্রমে তাহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ।

Revision of fines.

33. Every order under section thirty, thirty-one or thirty-two shall be subject to revision, by the High Court, where the order has been passed by a subordinate Court, and by the Chief Controlling Revenue-Authority, where the order has been passed by an officer subordinate to such Authority.

অর্থদণ্ডের পুনরালোচনার কথা ।

৩৩ ধারা । ৩০ কি ৩১ কি ৩২ ধারাক্রমে কোন আদেশ করা গেলে উক্ত আদেশ যে স্থলে অধীন আদালতের কৃত হয়, সেই স্থলে হাইকোর্টের এবং যে স্থলে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের অধীন কার্য্যকারকের কৃত হয় সেই স্থলে উক্ত কর্তৃপক্ষের পুনরালোচনাধীন থাকিবে ।

CHAPTER VIII.—*Miscellaneous.*

Local Government to appoint examiners.

34. To facilitate the ascertainment of the qualifications respectively mentioned in sections six and seventeen, the Local Government shall from time to time appoint persons to be examiners for the purposes aforesaid, and make regulations for conducting such examinations.

Exemption of High Court practitioners from certain parts of Act.

35. Except as provided by sections four, five, sixteen and twenty-eight, nothing in this Act applies to advocates, vakils and attorneys admitted and enrolled by any High Court under the Letters Patent by which such Court is constituted, or to mukhtárs practising in such Court.

FIRST SCHEDULE.

(*See section* 2.)

Number and date of enactments.	Title.	Extent of repeal.
Act XX of 1865.	To amend the law relating to Pleaders and Mukhtárs.	The whole.
Act XXIX of 1865	To amend the Pleaders, Mukhtárs and Revenue-Agents' Act, 1865.	So much as has not been repealed.
Act IX of 1866...	To extend to the Sudder Court of the North-Western Provinces certain provisions of "the Pleaders, Mukhtárs and Revenue-Agents' Act, 1865," and of Act No. XXIX of 1865.	The whole
Act IV of 1876...	To authorize Revenue-Agents to practise in certain suits in the Munsifs' Courts of the Lower Provinces of Bengal.	The whole.
Act XVII of 1877	The Panjáb Courts Act, 1877.	Section forty-five.

SECOND SCHEDULE.

(*See section* 26.)

FEES FOR CERTIFICATES.

I.

For a certificate authorizing the holder to practise as a Pleader—

(*a.*) In the High Court and any subordinate Court—rupees fifty :

(*b.*) In any Court of Small Causes in a Presidency town—rupees twenty-five :-

[*Government Gazette*, 25*th March* 1879.]

৮ অধ্যায়।—বিবিধ।

স্থানীয় গবর্ণমেণ্ট পরীক্ষক নিযুক্ত করিবেন।

৩৪ ধারা। ৬ ও ১৭ ধারায় যথাক্রমে যে যোগ্যতা নিরূপণের উল্লেখ আছে, তাহা সহজে সমাধা করিবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত উদ্দেশ্য সাধনার্থ সময়ে২ পরীক্ষক নিয়োগ করিবেন এবং পরীক্ষা গ্রহণার্থ নিয়মাদি করিবেন।

আইনের কোন২ অংশ হাই কোর্টের ব্যবহারাজীবী দিগের প্রতি না খাটিবার কথা।

৩৫ ধারা। ৪, ৫, ১৬ ও ২৮ ধারার বিধান স্থল ভিন্ন এই আইনের কোন কথা, যে প্রকাশ রাজপত্র দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত সেই পত্রবলে গ্রাহ্য ও তালিকাভুক্ত আডবোকেট, উকীল ও আটর্ণির প্রতি, কিম্বা উক্ত কোর্টে যে মোক্তারেরা কর্ম্ম করেন তাঁহাদিগের প্রতি খাটিবে না।

১ম তফসীল

(২ ধারা দেখ।)

আইনের সংখ্যা ও সময়।	সংখ্যা	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৬৫ সা ২০ আ	প্লীডর ও মোক্তার বিষয়ক ব্যবস্থা সংশোধনের আইন।	সমুদয়।
১৮৬৫ সা. ২৯ আ	প্লীডর ও মোক্তার ও রাজস্ব সম্পর্কীয় এজেণ্টবিষয়ক আইন সংশোধনার্থ আইন।	যে অংশ রহিত হয় নাই।
১৮৬৬ সা. ৯ আ	"প্লীডর, মোক্তার ও রেবিনিউ এজেণ্টবিষয়ক ১৮৬৫ সালের আইনের" এবং ১৮৬৫ সালের ২৯ আইনের কোন২ বিধান উত্তর পশ্চিম প্রদেশীয় সদর আদালতে বর্ত্তাইবার জন্য আইন।	সমুদয়।
১৮৭৬ সা ৪ আ	রেবিনিউ এজেণ্টদের প্রতি বঙ্গদেশের দক্ষিণ প্রদেশস্থ মুন্সেফী আদালতে বিশেষ২ মোকদ্দমায় উকীলের কর্ম্ম করিবার ক্ষমতাপ্রদানার্থ আইন।	সমুদয়।
১৮৭৭ সা. ১৭ আ	পঞ্জাবের আদালতবিষয়ক ১৮৭৭ সালের আইন।	৪৫ ধারা।

দ্বিতীয় তফসীল।

(২৬ ধারা দেখ)

সর্টিফিকেটের ফী।

১

সর্টিফিকেটধারী ওকালতী কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে

(ক) হাই কোর্ট ও অধীন আদালতে, পঞ্চাশ টাকা,

কোন রাজধানীর ছোট আদালতে, পঁচিশ টাকা।

(*c.*) In all other subordinate Courts—rupees twenty-five:

(*d.*) In the Courts of Subordinate Judges, Munsifs, Magistrates, Assistant Commissioners, Extra Assistant Commissioners and Tahsildárs, and in Courts of Small Causes outside the Presidency towns—rupees fifteen:

(*e.*) In the Munsifs' Courts and any Court of first instance not hereinbefore specifically mentioned—rupees five.

II.

For a certificate authorizing the holder to practise as a Mukhtár—

(*f.*) In the High Court and any subordinate Court—rupees twenty-five:

(*g.*) In any Court of Small Causes in a Presidency town—rupees fifteen:

(*h.*) In all other subordinate Courts—rupees fifteen:

(*i.*) In the Courts of Subordinate Judges, Munsifs, Magistrates, Assistant Commissioners, Extra Assistant Commissioners and Tahsildárs, and in Courts of Small Causes outside the Presidency Towns—rupees ten:

(*j.*) In the Munsifs' Courts and any Court of first instance not hereinbefore specifically mentioned—rupees five.

III.

For a certificate authorizing the holder to practise as a Revenue-Agent—

(*k.*) In the office of the Chief Controlling Revenue-Authority and in any office subordinate to such Authority—rupees fifteen:

(*l.*) In the office of a Commissioner and in any office subordinate to a Commissioner—rupees ten:

(*m.*) In the office of a Collector and in any office subordinate to a Collector—rupees five.

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

(গ অন্যান্য অধীন আদালতে, পঁচিশ টাকা

(ঘ) সবর্ডিনেট জজ, মুনসেফ, মাজিষ্ট্রেট, আসিষ্টান্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর ও তহসীলদার দিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে, পনের টাকা।

(ঙ) মুন্সেফের আদালত এবং প্রথম বিচারের যে কোন আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

২

সর্টিফিকেটধারী মোক্তারের কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে

(চ) হাই কোর্ট ও অধীন আদালতে, পঁচিশ টাকা

(ছ) কোন রাজধানীর ছোট আদালতে, পনের টাকা।

(জ) অন্যান্য অধীন আদালতে, পনের টাকা।

(ঝ) সবর্ডিনেট জজ, মুনসেফ, মাজিষ্ট্রেট, আসিষ্টান্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর ও তহসীলদারদিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে, দশ টাকা।

(ঞ) মুনসেফের আদালত এবং প্রথম বিচারের যে কোন আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

৩

সর্টিফিকেটধারী রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতে ক্ষমতা পাইলে

(ট) রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কার্য্যালয়ে এবং উক্ত কর্তৃপক্ষের অধীন কার্য্যালয়ে পনের টাকা।

(ঠ) কমিশ্যনর সাহেবের কার্য্যালয়ে ও কমিশ্যনর সাহেবের অধীন কার্য্যালয়ে, দশ টাকা।

(ড) কালেকটর সাহেবের কার্য্যালয়ে ও কালেক্টর সাহেবের অধীন কার্য্যালয়ে, পাঁচ টাকা।

ডি, ফিটজ পাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.
Bengali Translator,